আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

দক্ষিণ আফ্রিকায় করোনার বিপজ্জনক নতুন প্রজাতি

বাংলা পত্রিকা রিপোর্টঃ- দক্ষিণ আফ্রিকায় শনাক্ত হয়েছে করোনাভাইরাসের নতুন একটি ভ্যারিয়েন্ট। এর নাম দেয়া হয়েছে সি.১.২। আশঙ্কা করা **(বাকি অংশ ১৭ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৪৮ || সোমবার || ভাদ্র ১৫ || ১৪২৮ || মুহররম ২২ || ১৪৪৩ || Vol. 25 || Issue 48 || 30 August || 2021 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বঙ্গবন্ধু হত্যাকান্ডে সিনিয়র নেতাদের ভূমিকায় আ'লীগে তোলপাড়



বাংলা পত্রিকা ডেস্ক : সপরিবারে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডের পর আওয়ামী লীগের কিছু সিনিয়র নেতার ভূমিকা নিয়ে দলের নেতাকর্মীদের মধ্যে চলছে তোলপাড়। ওই হত্যাকাণ্ডে ওইসব সিনিয়র নেতাদের নিষ্ক্রিয়তা নিয়ে মুখ খুলতে শুরু করেছেন খোদ ক্ষমতাসীন দলের নেতারাই। তাদের ভাষ্য, বঙ্গবন্ধু হত্যাকাণ্ডে সিনিয়র নেতাদের নিষ্ক্রিয়তার নেপথ্যে কোনো ষড়যন্ত্র ছিল কিনা তাও খতিয়ে দেখা উচিত। তারা বলছেন, কেউ যদি চাপে পড়ে নীরব থেকে থাকেন তাও সঠিক তদন্তের মাধ্যমে পরিষ্কার হওয়া দরকার। তা না হলে **(বাকি অংশ ১৭ পাতায়)**

শতাধিক যাত্রীকে বাঁচানো ক্যাপ্টেন নওশাদ আর নেই



বাংলা পত্রিকা ডেস্ক : শুক্রবার (২৬ আগস্ট) মধ্য আকাশে বড় ধরনের হার্ট **(বাকি অংশ ১৯ পাতায়)**

সেপ্টেম্বর থেকে আনএমপ্লয়মেন্ট বন্ধ: বেকার হবে লাখ লাখ মানুষ

বাইডেনের জনপ্রিয়তায় ধ্বস

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রে কর্মজীবীদের জন্য বরাদ্দকৃত আন এমপ্লয়মেন্ট ভাতার মেয়াদ শেষ হচ্ছে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে। এতে বন্ধ হয়ে যাবে লাখ লাখ মানুষের বেকার ভাতা। ভাড়াটেদের উচ্ছেদের ওপর বাইডেন প্রশাসনের নিষেধাজ্ঞা বহাল রাখেননি যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্ট। এমন অবস্থায় গৃহহীন হয়ে পড়ার **(বাকি অংশ ১৯ পাতায়)**

যুদ্ধ শুরুর বছর জন্ম মার্কিন সেনার, যুদ্ধ শেষে কাবুলেই মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক : আফগানিস্তানের রাজধানী কাবুলের হামিদ কারজাই বিমানবন্দরে **(বাকি অংশ ১৯ পাতায়)**

ক্ষমতাসীন জোটে ভাঙনের সুর

বাংলা পত্রিকা ডেস্ক : আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটে এখন ভাঙনের সুর শোনা যাচ্ছে। জোটে নিষ্ক্রিয় হয়ে গেছে বাংলাদেশ জাসদ। আরেক শরিক হাসানুল হক ইনুর নেতৃত্বাধীন জাসদের সঙ্গেও আওয়ামী লীগের কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ নেতাদের বাহাস চলছে। জোটের শরিক অন্তত তিনটি বাম দল আওয়ামী লীগের কর্মকাণ্ডে অসন্তুষ্ট। কিন্তু স্বতন্ত্র অবস্থান নেওয়ার মতো সাংগঠনিক শক্তি না থাকায় তারা অসন্তোষ নিয়েই জোটে **(বাকি অংশ ১৯ পাতায়)**

২৬ জনের দেহে করোনা ছড়িয়েছেন এক শিক্ষক!

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার একটি প্রাথমিক বিদ্যালয়ের টিকা না নেয়া একজন শিক্ষক অপর অন্তত ২৬ জনের মধ্যে **(বাকি অংশ ১৯ পাতায়)**

জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশন শুরু ১৪ সেপ্টেম্বর

শেখ হাসিনা আসছেন ১৯ সেপ্টেম্বর



সালাহউদ্দিন আহমেদ: জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশন শুরু হচ্ছে ১৪ সেপ্টেম্বর রোববার। অধিবেশন চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। অধিবেশনের হাই লেবেল জেনারেল ডিবেট শুরু হবে ২১ সেপ্টেম্বর। এদিকে এবারের **(বাকি অংশ ১৯ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. 869152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

এক দিনে তিন গুণী দেশ হারাল লেখক

বাংলা পত্রিকা ডেস্ক : আগস্ট বড় নিষ্ঠুর মাস। আর ২৮ আগস্ট শনিবার যেন সেই নীরব নিষ্ঠুরতা চারপাশজুড়ে আরো বেশি শীতল পাথর বিছিয়ে দিয়ে গেছে। শোক প্রকাশের ফুরসতও পাচ্ছেন না সাহিত্যের মানুষগুলো। একই **(বাকি অংশ ১৭ পাতায়**

অবৈধ অভিবাসীদের ফেরাতে বাংলাদেশের ওপর ইউরোপের চাপ

বাংলা পত্রিকা ডেস্ক : আনডকুমেন্টেট বা বৈধ কাগজবিহীন অভিবাসীদের ফেরাতে যথাযথ ব্যবস্থা না নেয়ায় বাংলাদেশের প্রতি নাখোশ ইউরোপীয় ইউনিয়ন। এ জন্য বাংলাদেশীদের ভিসা প্রক্রিয়ায় সাময়িক কড়াকড়ি আরোপের প্রস্তাব করেছে ইউরোপীয় কমিশন। চলতি **(বাকি অংশ ১৭ পাতায়)**

মেট্রোরেল যুগে বাংলাদেশ, পরীক্ষামূলক চললো ২৫ কিলোমিটার বেগে

ঢাকাঃ-স্বপ্নের মেট্রোরেল। আনুষ্ঠানিক পরীক্ষামূলকভাবে ভায়াডাক্টের উপর চললো দেশের প্রথম **(বাকি অংশ ১৭ পাতায়)**

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (347) 259-1930 NY (347) 658-9284 VA (571) 457-0371
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com



বিশ্বের সামনে যুক্তরাষ্ট্রের দুর্বল ও অসহায় চেহারা ফুটে উঠেছে :ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক : আফগানিস্তানের রাজধানী কাবুলে বিমানবন্দরে হতাহতদের মধ্যে ১৩ জন মার্কিন সৈন্য আছেন। এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন দেশটির **(বাকি অংশ ১৭ পাতায়)**

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA অন্তর্ভুক্ত
আমরা ARC অন্তর্ভুক্ত
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
SAUDIA Emirates ETIHAD KUWAIT QATAR
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Points Reduction
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // August 30 // 2021

এন্ড্রু কুমো'র এমি অ্যাওয়ার্ড প্রত্যাহার



বাংলা পত্রিকা ডেস্ক: মহামারি করোনা নিয়ে প্রতিদিন টেলিভিশনে ব্রিফিং করে বিশ্বের মানুষকে নানা তথ্য দিয়ে গত বছরের ২৩ নভেম্বর এমি অ্যাওয়ার্ড জিতেছিলেন নিউইয়র্ক রাজ্য গভর্নর এন্ড্রু কুমো। কিন্তু যৌন হয়রানীর অভিযোগে গভর্নরের পদ থেকে পদত্যাগ করার সঙ্গে সঙ্গে তার অ্যাওয়ার্ড কেড়ে নিয়েছে ইন্টারন্যাশনাল একাডেমি অফ টেলিভিশন আর্ট এন্ড সায়েন্স। গত ২৪ আগষ্ট মঙ্গলবার সংস্থাটি জানিয়েছে, যৌন কেলেঙ্কারির কারণে পদত্যাগের পেক্ষিতে তারা কুমোকে দেওয়া সম্মানসূচক পদকটি ফিরিয়ে নিয়েছে। তার নাম এবং পুরস্কার প্রাপ্তির বিষয়টি আন্তর্জাতিক সব রেফারেন্স থেকেও বাদ দেয়ার ঘোষণা দেয় সংস্থাটি। গত বছরের (বাকি অংশ ৯ পাতায়)

বিদায় গভর্নর এন্ড্রু কুমো : স্বাগতম ক্যাথি

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের পদত্যাগী গভর্নর এন্ড্রু কুমো অভিযোগ করেছেন, তিনি রাজনৈতিক চাল এবং মিডিয়ার উন্মত্ততার শিকার। গত ২৩ আগষ্ট সোমবার বিদায়ী ভাষণে গভর্নর বলেন, তার বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ তদন্তে অ্যাটর্নি জেনারেল রাজনৈতিকভাবে অনুপ্রাণিত ছিলেন। যার কারণে শেষ পর্যন্ত গভর্নরের পদ ছাড়তে হয়েছে তাকে। তদন্ত প্রতিবেদনটি রাজনৈতিকভাবে ডিজাইন করা ছিল বলেও অভিযোগ করেন গভর্নর। এতকিছুর পরও রাজ্যের স্বার্থে পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছে জানিয়ে গভর্নর বলেন, তার বিরুদ্ধে আনা যৌন হয়রানীর অভিযোগগুলো এখনো যাচাই করা উচিত। এক সময় ঠিকই সত্য বেরিয়ে আসবে বলেও জানান তিনি। পূর্ব ঘোষণা অনুযায়ী সোমবার রাত ১১ টা ৫৯ মিনিটে শেষ হবে গভর্নর কুমোর দায়িত্বের মেয়াদ। এরপর মধ্যরাতে লুথেন্যান্ট গভর্নর ক্যাথি হোকো গভর্নরের দায়িত্ব গ্রহণ করবেন। ইতোমধ্যে তার প্রশাসনের গুরুত্বপূর্ণ দুটি পদে নিয়োগও দিয়েছেন হোকো। এর মধ্যে গভর্নরের সেক্রেটারি করা হয়েছে কারেন পার্সিচিলি কেওগকে এবং গভর্নরের উপদেষ্টা পদে নিয়োগ পেয়েছেন এলিজাবেথ ফিন।



স্বাগতম ক্যাথি হোকো

এদিকে নিউইয়র্ক রাজ্যের ২৩৩ বছরের ইতিহাসে প্রথমবারের মতো নারী গভর্নরের দায়িত্ব নিয়েছেন ক্যাথি হোকো। গত ২৩ আগষ্ট সোমবার দিবাগত রাত ১২টা ১ মিনিটে রাজ্যের ৫৭তম গভর্নরের দায়িত্ব নেন ৬৩ বছর বয়সী এ নারী। স্বামী বিলের হাতে রাখা একটি বাইবেলে হাত রেখে শপথ করেন তিনি। রাজ্যের প্রধান বিচারপতি জেনেট ডিফিয়োর শপথ পড়ান ক্যাথি হোকোকে। যৌন কেলেঙ্কারির দায়ে টানা তিন মেয়াদের গভর্নর অ্যান্ড্রু কুমো পদত্যাগ করায় তার জায়গায় নতুন গভর্নর হিসেবে দায়িত্ব পেয়েছে তিনি। হোকো কুমো প্রশাসনে ল্যাথুনেন্ট গভর্নর ছিলেন। শপথ গ্রহণের পর ক্যাথি হোকো জানান, সোমবার রাতে তিনি প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে কথা বলেছেন। প্রেসিডেন্ট তাকে সব ধরণের সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন বলেও জানান নয়া গভর্নর। অপরদিকে, ২৪ অগষ্ট মঙ্গলবার দুপুরে নিউইয়র্কবাসীর উদ্দেশ্যে ভাষণ দিয়েছেন নতুন গভর্নর ক্যাথি হোকো। ভাষণে তিনি বলেছেন, তার এক নম্বর লক্ষ্য রাজ্য প্রশাসনের উপর নিউইয়র্কবাসীর বিশ্বাস ফেরানো। আগের গভর্নর এন্ড্রু কুমো অধিনস্থদের যৌন হয়রানী করায় সরকারি অফিসে জনগণের যে আস্থাহীনতা তৈরী হয়েছে তার প্রতিই ইঙ্গিত করে একথা বলেন হোকো। করোনা মহামারির বিরুদ্ধে লড়াইয়ে রাজ্যের সব স্কুলের কর্মীদের টিকার অন্তত একটি ডোজ দেয়ার কথাও বলেন গভর্নর। শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে ফিরিয়ে আনার লক্ষ্যে অভিভাবক, শিক্ষক ও স্টেকহোল্ডারদের সঙ্গে পরামর্শ করছেন জানিয়ে তিনি বলেন স্কুলে বাধ্যতামূলক মাস্ক পরতে হবে।

নিউইয়র্ক-নিউজার্সীর স্কুল এস্প্লয়ীদের করোনাভাইরাসের টিকা গ্রহণ বাধ্যতামূলক

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির স্কুল এস্প্লয়ীদের করোনাভাইরাসের কমপক্ষে এক ডোজ টিকা গ্রহণের নির্দেশ দিয়েছেন মেয়র বিল ডি ব্লাজিও। গত ২৩ আগষ্ট সোমবার মেয়র বলেন, নতুন টিকা নীতিতে ভ্যাকসিন না নিয়ে সপ্তাহিক টেস্টের অনুমতি দেওয়া হবে না। এ নির্দেশনার ফলে ১ লাখ ৪৮ হাজার স্কুল এস্প্লয়ি এবং অন্যান্যদের ২৭ সেপ্টেম্বরের মধ্যে টিকা নিতে বলা হয়। এক পরিসংখ্যানে এ রিপোর্ট লেখা পর্যন্ত স্কুলের ৬৩ শতাংশ কর্মী টিকা নিয়েছেন জানা গেছে। এদিকে, অতিসংক্রামক ডেল্টার তাণ্ডবে নিউইয়র্কে প্রাণহানি বেড়ে গেছে।

এদিকে করোনা টিকা বাধ্যতামূলক করা হয়েছে নি-উজার্সীর স্কুলেও। প্রি-কে থেকে টুয়েলভ গ্রেড পর্যন্ত স্কুলের শিক্ষক ও অন্যান্য কর্মীদের আগামী ১৮ অক্টোবরের মধ্যে সম্পূর্ণরূপে টিকা নেয়ার নির্দেশ দিয়েছে গভর্নর। গত ২৩ আগষ্ট সোমবার নিয়মিত ব্রিফিংয়ে গভর্নর ফিল মারফি বলেন, কেউ টিকা না নিলে প্রতি সপ্তাহে করোনা টেস্ট করাতে হবে। নিউজার্সীর স্টেট এস্প্লয়িস, পাবলিক কলেজ ও ইউনিভার্সিটির সব কর্মীদেরও একই নির্দেশনা দিয়েছেন গভর্নর। এর আগে ট্রাই স্টেটের কানেকটিকাটেও স্কুলের কর্মীদের ভ্যাকসিন বাধ্যতামূলক করেন সেখানের গভর্নর।

অপরদিকে ফাইজার-বায়োএনটেকের করোনা ভ্যাকসিন ১৬ বছরের বেশি বয়সীদের জন্য পূর্ণাঙ্গ অনুমোদন দিয়েছে এফডিএ। জরুরী ব্যবহারের অনুমোদন পাওয়া ভ্যাকসিনগুলোর মধ্যে ফাইজারের ভ্যাকসিনই প্রথম এফডিএ'র পূর্ণাঙ্গ অনুমোদন পেল। এর আগে গত বছরের ডিসেম্বরে ফাইজারের ভ্যাকসিন জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছিল যুক্তরাষ্ট্র। এছাড়াও মডার্না ও জনসন এন্ড জনসনের ভ্যাকসিন জরুরী ব্যবহারের অনুমতি রয়েছে যুক্তরাষ্ট্রে। গত ২৩ আগষ্ট সোমবার এফডিএর কমিশনার ড. জ্যানেট উডকক বলেন, আনুষ্ঠানিকভাবে পূর্ণাঙ্গ অনুমোদনের আগেও লাখ লাখ মানুষ ফাইজারের ভ্যাকসিন নিয়ে সুস্থ ও নিরাপদ আছেন। যুক্তরাষ্ট্রে এরিপোর্ট লেখা পর্যন্ত ৯ কোটি'র বেশি মানুষ ভ্যাকসিনের আওতায় এসেছেন। এর মধ্যে অর্ধেকের বেশি ফাইজারের ভ্যাকসিন গ্রহণ করেছেন বলে জানা গেছে। গত মে মাসে পূর্ণাঙ্গ অনুমোদনের জন্য এফডিএ বরাবর আবেদন করে ফাইজার-বায়োএনটেক। মাত্র চার মাসের মাথায় এ ভ্যাকসিনের পূর্ণ অনুমোদন দেয় এফডিএ। এত অল্প সময়ের মধ্যে কোনো ভ্যাকসিনের পূর্ণাঙ্গ অনুমোদন এফডিএ'র এক'শ বছরের ইতিহাসে নজিরবিহীন ঘটনা। ফাইজারের ভ্যাকসিন পূর্ণাঙ্গ অনুমোদনের পর এক ভাষণে প্রেসিডেন্ট জো বাইডেন শ্রমজীবীদের জন্য টিকা বাধ্যতামূলক করতে প্রাইভেট কোম্পানীগুলোর প্রতি আহবান জানিয়েছেন। একই দিন (২৩ আগষ্ট) হোয়াইট হাউসে বক্তৃতায় প্রেসিডেন্ট বলেন, কোম্পানীগুলো তাদের কর্মীদের জন্য টিকা বাধ্যতামূলক করলে লক্ষ্য লক্ষ্য মানুষ সেটা গ্রহণ করবে। দেশব্যাপী টিকা বাধ্যতামূলক নির্দেশনা জারি করার ক্ষমতা তার নেই জানিয়ে বাইডেন বলেন, যারা পূর্ণাঙ্গ অনুমোদনের অপেক্ষায় ছিলেন তাদের উচিত এখনি তা নিয়ে নেয়া। টিকা সম্পূর্ণ নিরাপদ ও কার্যকর বলেও জানান তিনি।

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090

PHYSICAL THERAPY

আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত







WE ARE OPEN
We have missed you



Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com


الحرمين
AL HARAMAIN
50 Years
SINCE 1970 منذ ١٩٧٠
AL HARAMAIN PLATINUM OUD
AL HARAMAIN ROSE OUD
AL HARAMAIN GOLDEN OUD
الحرمين
بلاتينيوم عود
AL HARAMAIN
PLATINUM OUD
الحرمين
روز عود
AL HARAMAIN
ROSE OUD
AL HARAMAIN
GOLDEN OUD
الحرمين
جولدن عود
OFFICE: P.O.Box: 13754, Dubai - UAE CORPORATE OFFICE & INDUSTRY: New Industrial Area 1, Munah Street, P.O.Box: 1885, Ajman - UAE
Tel: 800-42 72 62 46 / +971 6 74 80 555 +971 52 102 6080 shop.alharamainperfumes.com
SAUDI ARABIA • U.A.E. • KUWAIT • OMAN • QATAR • BAHRAIN • MOROCCO • SINGAPORE • MALAYSIA • BANGLADESH • U.K. • U.S.A.

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

রোহিঙ্গা প্রত্যাবাসন : কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে

মায়ানমারের রাখাইনে ২০১৭ সালের ২৫ আগস্ট দেশটির সেনাবাহিনী জাতিগত নিধন শুরু করলে সেখান থেকে পালিয়ে রোহিঙ্গারা বাংলাদেশে আশ্রয় নিতে শুরু করে। এক হিসাব অনুযায়ী, তখন প্রায় সাড়ে সাত লাখ রোহিঙ্গা আশ্রয় নেয়। এর আগেও এখানে প্রায় চার লাখ রোহিঙ্গা আশ্রয় নিয়েছে। সব মিলিয়ে বাংলাদেশে বর্তমানে তারা সংখ্যায় ১১ লাখেরও বেশি।

রাখাইনে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তুলে আন্তর্জাতিক মহল ব্যাপক সমালোচনা করলে রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত নিতে রাজি হয় মায়ানমার। ২০১৭ সালের ২৩ নভেম্বর নেপিদোতে বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে এ বিষয়ে একটি সম্মতিপত্র স্বাক্ষর হয়। এরপর প্রায় চার বছর পেরিয়ে গেলেও একজন রোহিঙ্গাকেও মায়ানমারে ফেরত পাঠানো যায়নি। ২০১৯ সালে দুইবার প্রত্যাবাসনের উদ্যোগ নেয়া হলেও নানান কারণে সেটা বাস্তবায়ন করা যায়নি। রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু করতে না পারায় সরকার বিভিন্ন সময় হতাশা প্রকাশ করেছে।

রোহিঙ্গারা নিজ দেশে নির্যাতিত হয়েছে। মানবিক কারণে বাস্তুচ্যুত এসব মানুষকে বাংলাদেশ আশ্রয় দিয়েছে। তবে তাদের বছরের পর বছর দেখভাল করা দুরূহ হয়ে পড়েছে। তাদের কেবল আশ্রয় আর আহার দিলেই চলছে না। অথচ, আন্তর্জাতিক সাহায্য দিন দিন কমছে। এদিকে রোহিঙ্গাদের জীবনমান উন্নয়নে বিশ্ব ব্যাংক একটি অবাস্তব প্রস্তাব উত্থাপন করেছে। সেখানে শরণার্থীদের জন্ম-মৃত্যু নিবন্ধন, কাজ করা, চলাফেরা, জমি কেনা, শিক্ষা, কর্মসংস্থান এবং ব্যবসা-বাণিজ্যে সম্পৃক্ত হওয়াসহ সব ধরনের আইনি অধিকার দেয়ার কথা বলা হয়েছে। সরকার অবশ্য সেই প্রস্তাব নাকচ করে দিয়েছে। রোহিঙ্গাদের দীর্ঘ উপস্থিতি বাংলাদেশের অর্থনীতি, সমাজ ব্যবস্থা, পরিবেশ, আইনশৃঙ্খলাসহ বিভিন্ন ক্ষেত্রে সমস্যা তৈরি করছে।

বাংলাদেশ সরকার বলছে, রোহিঙ্গারা নিজ দেশে ফিরে যাবে, এটাই অগ্রাধিকার ইস্যু। মায়ানমার কখনও বলেনি যে, রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়া হবে না। তবে প্রত্যাবাসনের কাজটি কেন শুরু হচ্ছে না সেটা একটা প্রশ্ন। অনেকে বলছেন, মায়ানমারে রাজনৈতিক পটপরিবর্তনের কারণে প্রত্যাবাসন প্রক্রিয়া থমকে গেছে। তবে রাষ্ট্রক্ষমতায় আসার পর মায়ানমারের সেনাপ্রধান মিন অং হ্লাইং বলেছিলেন, বাংলাদেশে থাকা মায়ানমারের নাগরিকদের দ্বিপক্ষীয় চুক্তির আওতায় ফেরত নেয়া হবে। কিন্তু তার বক্তব্য বাস্তব রূপ পায়নি। চীনের মধ্যস্থতায়ও প্রত্যাবাসন শুরু করা যায়নি।

আমরা চাই, রোহিঙ্গারা নিজ দেশে নাগরিক অধিকার নিয়ে ফিরে যাক। মায়ানমারকেই রোহিঙ্গাদের ফেরার পরিবেশ নিশ্চিত করতে হবে। অতীতে দেশটিতে সেনা শাসন থাকা অবস্থায় বাংলাদেশে থেকে রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত নিতে দেখা গেছে। বিষয়টি আমাদের আশাবাদী করে। সরকারকে রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য কূটনৈতিক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। আন্তর্জাতিক মহল যেন মায়ানমারের ওপর চাপ প্রয়োগ করে সেই লক্ষ্য নিয়ে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখা জরুরি।

জাতিসংঘের আসন্ন সাধারণ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগ দিচ্ছেন। এই অধিবেশনেও রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়টি তিনি জোরেসোরে তুলে ধরবেন এবং আন্তর্জাতিক মহলের সুদৃষ্টি পাবেন বলেই আশা করছি।



কানে কি পানি ঢুকেছে? মনে হচ্ছে!

গৌতম দাস

এটা এখন মোটামুটি নিশ্চিত যে, বাইডেনের আমেরিকা এবার আফগানিস্তান ছাড়তে মন বেঁধে ফেলেছে যদিও যাদের জানার তাদের জানা ছিল যে, বাইডেনের হাতে এ দেশ ছেড়ে যাওয়াটাই সবচেয়ে ভালো বিকল্প শুধু না, ফেলে পালিয়ে যাবার এক বিরাট সুযোগ। আমেরিকার প্রেসিডেন্টরা রিপাবলিকান কিংবা ডেমোক্র্যাট যাই হন, ২০০৫ সালের পর থেকে সবাই জেনে গিয়েছিলেন যে, ভুল হয়ে গেছে, পা দেবে গেছে, বিকল্প নেই। সবটাই লস। কিন্তু কিভাবে ফিরে আসবেন, কী করে ফিরে আসবেন এটাই জানা ছিল না। শেষে পাগলা আর গোঁয়াড় যে ট্রাম্প তিনি নির্ধারক সিদ্ধান্তে তালেবানদের সাথে চুক্তি করে ফেলেছিলেন আর বাইডেন খরচ কমানোর এই শেষ সুযোগটা ছাড়তে চাননি।

কিন্তু সারা দুনিয়াতেই দেখা গেছে রাজার চেয়ে রাজার বন্ধু-পারিষদেরাই সমস্যা। তারা রাজার স্টোর-টাঁকশালে কী আছে এর খবর না রেখে বোলচালের দুর্বুদ্ধি-হামবড়া করে গেছেন। এখানেও এর ব্যতিক্রম হয়নি। কথিত উন্নত সাত-রাষ্ট্রের গ্রুপ 'জি-৭', এরা সেই বন্ধু-পারিষদ। নিজ মুরোদ নাই, বাইডেনের ঘাড়ে চড়তে গেছিলেন। তারা বাইডেনকে ৩১ আগস্টের পরেও আফগানিস্তানে থাকার 'বুদ্ধি' বের করতে বলেছিলেন। কিন্তু বাইডেন এসব 'বাজে পরামর্শ' ঝেড়ে ফেলে দিয়েছেন। লক্ষণীয়, পশ্চিমের একমাত্র প্রেসিডেন্ট ট্রাম্প সূত্রে বাইডেন ছাড়া এর বাইরে পশ্চিম বা ইউরোপের কারো সাথে তালেবানদের কোনো আলাপ-সম্পর্ক, কথা বা চুক্তি হয়নি। ইউরোপ বরং এটাকে সুবিধা হিসেবে নিয়েছে যে তালেবান-ইউরোপ কোনো চুক্তি নেই ফলে তাদের কোনো প্রত্যক্ষ দায়দায়িত্বও নাই। আর এই সুযোগে ইউরোপের বাইডেনের ঘাড়ে চড়তে চাওয়া!

দুনিয়ার কোনো রাজাই চিরকাল রাজা থাকেননি। গ্লোবাল নেতা আমেরিকাও অনন্তকাল নেতা থাকবেন না।

আঙ্কেল আমেরিকার সঙ্কট অর্থের টানাটানি। সেটি অস্বাভাবিক অবশ্য নয়। আফগানিস্তান ছেড়ে গিয়ে অর্থ সাশ্রয় করা ছোটখাটো অর্থ না। মূলত এ জন্যই তিনি এক সিদ্ধান্তে ফোকাসড। বক্তৃতা দিয়ে সোজা বলছেন– 'কোনো অনুশোচনা নাই।' কারণ খরচ কমিয়ে সরকার-দেশ কিছু বাঁচাতে পারলে বাপের নাম! পেন্টাগনের জেনারেলেরাও ৩১ আগস্টের পরে আফগানিস্তানে আরো কিছু দিন থেকে যাবার আবদার না করে বরং বাইডেনকে বিরাট সাপোর্ট দিয়েছেন। খরচের পরিমাণও বিশাল! আফগানিস্তানে আমেরিকার প্রতিদিনের গড়ে খরচ বলা হচ্ছে, ছিল ৩০০ মিলিয়ন ডলার এবং তা টানা ২০ বছর ধরে। ৩০০ মিলিয়ন ডলার মানে কত? এর একটা ধারণা দেয়া যাক। নব্বইয়ের দশকে আমাদের দেশে যে নির্বাচিত সরকারব্যবস্থা শুরু হয়েছিল তখন প্রতিটা সরকার কামনা করত, প্রতি বছর (এখানে দিন নয়, বছরের কথা বলা হচ্ছে) প্রায় ৩০০ মিলিয়ন ডলার করে (তিন বছরে এক বিলিয়ন) আইএমএফ লোন পেলে সরকার চালানোটা আরামের হয় আমদানি ব্যয় মেটাতে টানাটানিতে চলতে হয় না।

কেউ প্রভাবশালী গ্লোবাল নেতা অথবা দেশ– কথাটার পেছনের অর্থ হলো যে, দেশের অর্থনীতিতে ঐকালে উদ্বৃত্ত সঞ্চয় সর্বাধিক। আমেরিকা এমন নেতা হিসেবে টানা পঁচাত্তর বছর ধরে দুনিয়ায় মাতব্বরি চালায়। অর্থাৎ সামরিক সক্ষমতা নয়, অর্থনৈতিক সক্ষমতাটাই কোনো রাষ্ট্রের গ্লোবাল নেতা বা পরাশক্তি হওয়া ও থাকার মূল চাবিকাঠি। কারণ অর্থনৈতিক সক্ষমতাটাই একবার হাতে এলে তখন সামরিক সক্ষমতা অর্জন হাতের মুঠোর জিনিস, মাত্র কয়েক বছরের ব্যাপার হয়ে যায়।

এই কথাটাই অনেকে সহজে মানতে বা বুঝতে চায় না। আপনি আমি আমেরিকা বা ব্রিটেনের ভক্ত হতেই পারি, কেউ কেউ শেষ জীবনে সেখানে সেটেলড হবার কথা ও সামর্থ্য থাকলে ভাবতে পারি। মানে নিজ ব্যক্তিস্বার্থ ওর মধ্যে দেখতেই পারি। কিন্তু তাই বলে কেউ যখন কোনো দেশের অর্থনৈতিক সক্ষমতার উত্থানের সাথে ওর গ্লোবাল নেতৃত্বে উত্থান বা পতন সম্পর্কিত এটা সে দেখতে পাচ্ছে, অথবা নির্দেশ করে দেখায়– কিন্তু তা বলে এর মানে, সে আমেরিকাবিরোধী বা সে চীনভক্ত তা বুঝায় না। তাই এমন ট্যাগ লাগিয়ে বুঝাবুঝির চেষ্টা অর্থহীন। আবহাওয়ার পূর্বাভাসদাতা তো ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস আনার কর্তা নন!

তবে আফগানিস্তানে ক্ষমতায় পরিবর্তন এবার অনেককেই 'ন্যাংটা' করে দিয়েছে; অনেক মিথ্যা স্বীকার করিয়ে ছাড়ছে। আত্মসমালোচনা বা রিভিউ যা আমেরিকা বহু দিন দেখেনি তা এবার কেঁপে কেঁপে বাইরে বের হয়ে আসছে। এমনই এক রচনা প্রকাশিত হয়েছে আমেরিকান ফরেন অ্যাফেয়ার্স ম্যাগাজিনে। মূলত এটা দ্বিমাসিক ম্যাগাজিন। কিন্তু প্রবল প্রতিযোগিতার এই কালে তাতে আটকে থাকতে পারছে না। তাই দ্বিমাসিকের বাইরে, এখন প্রতিদিন অনলাইনে বাড়তি এটা ডেইলি ব্রিফিং পাঠাচ্ছে। মানে পুরানা কাস্টমার হিসেবে প্রতিদিন একটা আর্টিকেল ফ্রি পড়তে পাচ্ছি। বলাই বাহুল্য, এটা এক এলিট পত্রিকা। প্রায় ১০০ বছর আগে ১৯২২ সালে এটা প্রথম প্রকাশিত হতে শুরু করেছিল। আমেরিকার সবচেয়ে বড় ভালো গুণ হলো, দাতব্য প্রতিষ্ঠান হিসেবে তারা থিংকট্যাংক নীতি-গবেষণা প্রতিষ্ঠান খুলে চালিয়ে থাকে। আর এর মাধ্যমে একটা নীতি-পলিসির পক্ষে-বিপক্ষে সামাজিক জনমত তৈরির প্রক্রিয়া সমাজে জারি রাখে। তেমনি এক প্রতিষ্ঠান হলো কাউন্সিল অন ফরেন রিলেশনস (সিএফআর)। এরাই 'ফরেন অ্যাফেয়ার্স' ম্যাগাজিনের প্রকাশক। দেখা যায়, বিভিন্ন সময়ে যারা বিভিন্ন প্রেসিডেন্টের আমলে মন্ত্রী (সেক্রেটারি অব স্টেট) বা ডেপুটি ছিলেন তারাই আমেরিকার ফরেন পলিসি বিষয়ে এখানে লিখে থাকেন। এখানে এখন যার লেখার কথা তুলব তিনি– বেন রোডস। ওবামা আমলে ওই প্রশাসনে তিনি ডেপুটি-প্রতিরক্ষামন্ত্রী ছিলেন।

তার লেখার ছোট শিরোনাম তিনি দিয়েছেন– 'ওরা আর আমরা।' আর 'কী করে আমেরিকা নিজ-শত্রুর হাতে তারই ফরেন পলিসি হাইজ্যাক হতে দিয়েছে'– এই ছিল ওর বড় শিরোনাম। এরপর তিনি লিখতে শুরু করেছেন, 'নাইন-ইলেভেন বা টুইন-টাওয়ার হামলার ঘটনার চেয়ে বেশি একুশ শতকের আর কোনো ঘটনা আমেরিকাকে এত আকার দেয়নি ও এর ভূমিকা ঠিক করে দেয়নি। কোল্ড ওয়ার-পরবর্তী যুগে (সোভিয়েত- ইউনিয়ন ভেঙে যাওয়ায় আমেরিকাই একক পরাশক্তি ভেবে) আমাদের মধ্যে যে সন্তুষ্টি ভাব তৈরি হয়েছিল এই আক্রমণ তাকে একেবারেই ফুটা করে দিয়ে যায়। সাথে আমাদের মধ্যে 'আমেরিকার নেতৃত্বের এক গ্লোবালাইজেশনের বিজয়ের ভেতর দিয়েই ইতিহাস শেষ হবে' বলে যে মিথ্যা ধারণা তৈরি হয়েছিল তাও ভেঙে তছনছ করে দিয়ে গেছে।

'ওয়ার অন টেরর' বলতে আমেরিকার সরকারের কাজের ধরন, মানুষের জীবন যাপন পদ্ধতি এমনকি মানুষের প্রতিদিনের জীবনে যেমন– ভ্রমণ, ব্যাংকের কাজ বা আইডেনটিটি-সংশ্লিষ্ট যেকোনো ইস্যুতে সবার জীবন একেবারেই বদলে গিয়েছিল। আফগানিস্তান, ইরাক, লিবিয়া, ফিলিপাইন, সোমালিয়া, ইয়েমেনসহ অনেক রাষ্ট্রের ওপর আমেরিকা সামরিক শক্তি ব্যবহার করেছিল। বিভিন্ন দেশের সাথে ওয়াশিংটনের দ্বিপক্ষী ও বহুপক্ষীয় সম্পর্কের উপরে টেররিজম সবক্ষেত্রে এক মুখ্য ইস্যু হয়ে থেকেছিল। '৯/১১'-এর পরে প্রেসিডেন্ট বুশ আমেরিকান পরিচয়কে সংহত করে নয়া প্রজন্মের লড়াইকে সামরিক নেতৃত্ব দিয়ে গিয়েছিলেন। তিনি ঘোষণা করেছিলেন, এই যুগের লড়াই ফ্যাসিজম ও কমিউনিজমের বিরুদ্ধে লড়াই হিসাবে চলবে।

অর্থাৎ বেন রোডস এখানে স্বীকার করে নিচ্ছেন যে, সোভিয়েত পতনের পরে আমেরিকার একক পরাশক্তি ভাব ও অহংকার এসেছিল যা ভেঙে চূরমার করে দেয় ৯/১১-এর হামলা। পরিণতিতে বুশ ফোভে ফ্যাসিজম ও কমিউনিজমের বিরুদ্ধে লড়াইয়ের কথা তুলে বিভিন্ন দেশে সামরিক হস্তক্ষেপে সরকার দখল (বাংলাদেশের '১/১১'-এর ক্ষমতা দখল যেমন) যাকে খুশি ক্ষমতায় আনা এবং ইচ্ছামতো এর ধরনও বদলে দেয়ার মতো উন্মত্ততায় কাজে নেমে পড়েছিলেন।

তাই এবার স্বীকার করে বলছেন, 'গ্লোবাল ওই যুদ্ধকে ঠেকানো দুঃসাধ্য ছিল হয়তো; তবে তা আমেরিকার জন্য অনাকাঙ্ক্ষিত সব পরিণতি ডেকে এনেছিল। আমেরিকা সরকার শিগগিরই তার ক্ষমতার অপব্যবহার শুরু করে সার্ভিলেন্স, ডিটেনশন ও জিজ্ঞাসাবাদ শুরু করেছিল। আলকায়েদা উৎখাতে লক্ষ্য ছাড়িয়ে গেছে আমেরিকার আফগানিস্তান ও ইরাকের যুদ্ধ।'

''সামরিক হস্তক্ষেপে সরকার বদলানোর 'রেজিম চেঞ্জ'– এটা দেশে ও বিদেশে আমেরিকান গণতন্ত্রের হাল খেয়াল করেনি। যেসব বিজয় অর্জনের কথা প্রেসিডেন্ট বুশ অর্জিত হবে বলে দাবি করেছেন যা রক্ষণশীল গোষ্ঠীর মিডিয়া নিরন্তর প্রচার করেছে, তা কখনো বাস্তবায়িত হয়নি। ফলে তা সরকারের ওপর আমেরিকার আস্থা নষ্ট করে আর তাতে নতুন করে অভ্যন্তরীণ অজুহাত খুঁজতে থাকে।''

এর পরের অংশটা সবচেয়ে ইন্টারেস্টিং। বেন রোডস এবার ট্রাম্পের মতো চরিত্রের উত্থান কেন তা ব্যাখ্যায় গিয়ে বলছেন, '৯/১১ পরবর্তী-যুগের আমেরিকা যে জিঙ্গোইস্ট ন্যাশনালিজম দেখেছিল তা আসলে মূলত মানুষের মনের এক অজানা শঙ্কা আর বিদেশভীতির ককটেল, যা থেকে ডোনাল্ড **(বাকি অংশ ৮ পাতায়)**

আফগানিস্তানে ক্ষমতায় পরিবর্তন এবার অনেককেই 'ন্যাংটা' করে দিয়েছে; অনেক মিথ্যা স্বীকার করিয়ে ছাড়ছে। আত্মসমালোচনা বা রিভিউ যা আমেরিকা বহু দিন দেখেনি তা এবার কেঁপে কেঁপে বাইরে বের হয়ে আসছে। এমনই এক রচনা প্রকাশিত হয়েছে আমেরিকান ফরেন অ্যাফেয়ার্স ম্যাগাজিনে।

নামাজের সময়-সূচী

আগস্ট/সেপ্টম্বর	৩০	৩১	১	২	৩	৪	৫
ফজর	৫.৫০	৫.০২	৫.০৩	৫.০৪	৫.০৫	৫.০৭	৫.০৮
সূর্যোদয়	৬.১৯	৬.২০	৬.২১	৬.২২	৬.২৩	৬.২৪	৬.২৫
জোহর	১২.৫৭	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৫	১২.৫৫	১২.৫৫
আসর	৫.৩৭	৫.৩৬	৫.৩৪	৫.৩৩	৫.৩২	৫.৩১	৫.২৯
মাগরিব	৭.৩৩	৭.৩২	৭.৩০	৭.২৮	৭.২৭	৭.২৫	৭.২৪
এশা	৮.৫১	৮.৫০	৮.৪৮	৮.৪৬	৮.৪৪	৮.৪২	৮.৪০

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

জিয়া কোথাও কখনো সরাসরি যুদ্ধ করেননি, চন্দ্রিমা উদ্যানে তার লাশ নেই : প্রধানমন্ত্রী

বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্য সফল হতে দেব না

ঢাকা ডেস্ক: আওয়ামী লীগ সভানেত্রী এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশকে ব্যর্থ রাষ্ট্র বানানোর যে উদ্দেশ্য নিয়ে জাতির পিতাকে ১৫ আগস্ট হত্যা করা হয়েছে তা সফল হতে দেব না।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার (২৬ আগষ্ট) সকালে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এ মন্তব্য করেন তিনি। পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতাকে হত্যার পর আওয়ামী লীগ, দলীয় সমর্থক, মুক্তিযোদ্ধা এবং সেনাবাহিনীর যথাযথ ভূমিকা না থাকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

মুক্তিযুদ্ধের সময় জিয়াউর রহমান দেশের কোথাও কখনো সরাসরি যুদ্ধ করেনি এবং খন্দকার মোশতাক ও জিয়াউর রহমানকে বঙ্গবন্ধু হত্যার মূল পরিকল্পনাকারী পুনরুল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্য সফল হতে দেওয়া হবে না। তাদের উদ্দেশ্য তো ছিল বাংলাদেশকে ব্যর্থ রাষ্ট্র বানানো, বাংলাদেশের স্বাধীনতা অর্জন ব্যর্থ হোক, স্বাধীনতার আদর্শ ধ্বংস হয়ে যাক, সেটাই করতে দেব না।'



আলোচনাসভায় আবেগে আপ্লুত হয়ে শেখ হাসিনা বলেন, 'বাবা, মা, ভাইবোন সব হারিয়ে যেদিন বাংলার মাটিতে পা দিলাম, আমাকেও তো আসতে অনেক বাধা দিয়েছে। তার পরও জোর করে যখন আসলাম, হ্যাঁ, আমি সেই চেনা-মুখগুলো পাইনি। বরং দেশে এসে আমি কবর পেলাম। তখন আমি পেয়েছি লাখো মানুষ আর আওয়ামী লীগের নেতাকর্মী। তাদের ভালোবাসা, তাদের আস্থা, বিশ্বাস। এজন্য আমি বলতে পারি আওয়ামী লীগ আমার পরিবার। বাংলাদেশটাই আমার পরিবার।

আমি সেইভাবেই বাংলাদেশের মানুষকে দেখি। আমি যেটুকু কাজ করতে পারব মনে হয় আমার আব্বা, আম্মা তারা দেখবে, নিশ্চয়ই দেখবে, দেখেন। হয়তো তাদের আত্মাটা শান্তি পাবে। আমি সেই চিন্তা করেই সব কাজ করি। এ জন্য আমার কোনো মৃত্যুভয়ও নেই, কোনো আকাঙ্খাও নেই, কোনো চাওয়া পাওয়ারও কিছু নেই। আমার জন্য আমি কিছু করব? করতেও চাই না।'

প্রধানমন্ত্রী বলেন, 'আজকে করোনার সময়ে কারা মানুষের পাশে আছে? আর কত দল শুধু বিবৃতি, বক্তৃতাই দিয়ে যাচ্ছে। কারণ আমি ডিজিটাল বাংলাদেশ করে দিয়েছি, প্রাইভেট টেলিভিশন করে দিয়েছি, প্রাইভেট রেডিও করে দিয়েছি। একটা অবাধ সুযোগ আছে সবার কথা বলার। কথা বলেই যাচ্ছে। কিন্তু মাঠে কয়টা মানুষ আছে? মানুষের পাশে কে আছে? দুঃসময়ে কে দাঁড়াচ্ছে? আওয়ামী লীগের নেতাকর্মীরাই দাঁড়াচ্ছে।'

বিএনপির মারামারি ধস্তাধস্তির অভ্যাস এখনো যায়নি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, 'বিএনপি জানে না সেখানে (চন্দ্রিমা উদ্যানে) জিয়া নাই, জিয়ার লাশ নাই? তাহলে এত নাটক করে কেন? খালেদা জিয়া বা তারেক জিয়া কি কখনো তার লাশ দেখেছে? ওখানে একটা বাক্স নিয়ে এসেছিল। সেখানে গিয়ে মারামারি ধস্তাধস্তি কেন? মারামারি ধস্তাধস্তির অভ্যাস তাদের এখনো যায়নি।'

প্রধানমন্ত্রী বলেন, তিনি সেই সময় এইচ এম এরশাদের কাছ থেকে শুনেছেন যে, বাক্সের মধ্যে যে লাশটি ছিল তা সামরিক পোশাক পরিহিত অবস্থায় ছিল। কিন্তু জিয়া সে সময় রাষ্ট্রপতি ছিলেন। আর রাষ্ট্রপতি কখনো সামরিক পোশাকে থাকেন না। তিনি জানতে চান, 'বিএনপির নেতাকর্মীরা কি জানেন না যে, রাষ্ট্রপতি সামরিক পোশাক পরিধান করেন না।'

প্রধানমন্ত্রী বলেন, তারা মনে করেছিল যে, ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু ও তার পরিবারের অধিকাংশ সদস্যকে কিছু স্থানীয় সহযোগিদের সহায়তায় হত্যা করতে পারলেই দেশের স্বাধীনতা নস্যাৎ হয়ে যাবে।

মহান মুক্তিযুদ্ধের সময় জিয়াউর রহমান দেশের কোথাও কখনও সরাসরি যুদ্ধ করেননি এবং বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র বাস্তবায়ন করতে জিয়া খন্দকার মোশতাকের ক্ষমতার উৎস ছিলেন বলে উল্লেখ করে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, জিয়াউর রহমান জেলের ভেতর জাতীয় চারনেতা হত্যার সঙ্গেও জড়িত ছিলেন। তিনি বলেন, স্বাধীনতা বিরোধী শক্তি বঙ্গবন্ধুকে হত্যা করেছিল। তিনিই সীমিত সম্পদ দিয়ে সাড়ে তিন বছরের মধ্যে যুদ্ধ-বিধ্বস্ত দেশকে পুনর্গঠন করে উন্নয়নশীল দেশের কাতারে এনেছিলেন। কিন্তু স্বাধীনতা বিরোধীরা খাদ্য না থাকা, মুদ্রা জমা না থাকা ও রাষ্ট্রীয় কোষাগারে টাকা না থাকা দেশটিকে ব্যর্থ রাষ্ট্র হিসেবে দেখতে চেয়েছিল।

প্রধানমন্ত্রী বলেন, তারা প্রমাণ করতে চেয়েছিল যে, মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতা অর্জন করা ভুল ছিল এবং সেজন্যই দেশের স্বাধীনতার পর বঙ্গবন্ধু দেশে ফেরার পরপরই ষড়যন্ত্র শুরু করেছিল। তিনি বলেন, সেই ষড়যন্ত্রের অংশ হিসেবেই বঙ্গবন্ধুর বাংলাদেশকে ব্যর্থ রাষ্ট্র হিসেবে প্রমাণ করতে তারা ১৯৭৪ সালের দুর্ভিক্ষের সময় দেশের উত্তরাঞ্চলে প্রতিবন্ধী নারী বাসন্তীকে মাছ ধরার জাল পরিয়ে বিশ্বব্যাপী তার সেই ছবি প্রচার করেছিল।

প্রধানমন্ত্রী আরো বলেন, সেই সময় মাছ ধরার একটি জালের দাম ছিল ১৫০ টাকা, আর একটি শাড়ীর দাম ছিল ৬ থেকে ৭ টাকা। তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধের সময় পাকিস্তানকে অস্ত্র সহায়তা দেওয়ার জন্য যারা সপ্তম নৌবহর পাঠাতে চেয়েছিল তারাই ষড়যন্ত্রের পেছনে ছিল। তিনি বলেন, বাংলাদেশকে ব্যর্থ প্রমাণ করতেই ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু হত্যার পর দীর্ঘ ২১ বছর জিয়া, এরশাদ ও খালেদা জিয়ার সরকার দেশের ও দেশের মানুষের জন্যই কিছুই করেনি।

শেখ হাসিনা বলেন, তারা তিনজনই, তার মধ্যে জিয়া অন্যতম যিনি দেশে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের সৃষ্টি করেছিলেন এবং দেশকে চিরতরে ধ্বংস করে দেওয়ার পরিকল্পনার অংশ হিসেবে মেধাবীদের হাতে অস্ত্র তুলে দিয়েছিলেন।

তিনি বলেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় জিয়াউর রহমান তার শাসনামলে রাতে কারফিউ জারি থাকা সত্ত্বেও গণমাধ্যমে ব্যাপক প্রচার পেয়েছিলেন। কিন্তু তিনিই দেশে ভোট জালিয়াতি শুরু করেছিলেন এবং বারবার সংবিধান লঙ্ঘণ করেছিলেন।

ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতি শেখ বজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি আবু আহম্মেদ মান্নাফী, সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সহসভাপতি নুরুল আমিন রুহুল, উত্তর আওয়ামী লীগের সহসভাপতি কাদের খান, দক্ষিণ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী মোর্শেদ কামাল ও উত্তর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো. মতিউর রহমান মতি, দক্ষিণ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আকতার হোসেন ও উত্তর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আজিজুল হক রানা, দক্ষিণ আওয়ামী লীগের দপ্তর সম্পাদক রিয়াজউদ্দিন রিয়াজ। সভা পরিচালনা করেন ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এস এম মান্নান কচি। (দৈনিক ইত্তেফাক/দেশ রূপান্তর)

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



কাবুলের পতন এবং পরিবর্তিত তালেবান

ড. মাহবুব হাসান

অনেকেই মনে করছেন যে তালেবান গত শতকের '৯০-এর দশকের মতো আবারও শরিয়া আইনভিত্তিক প্রশাসন চালু করবে। প্রায় বিশ বছর পর, আজকের তালেবান চেতনা ঠিক কোন স্তরে বিরাজ করছে তা বলা যাচ্ছে না। কারণ, সময়ের সঙ্গে সঙ্গে তালেবানের চিন্তাধারা, রাজনৈতিক চেতনা ও কূটনৈতিক তৎপরতা ও কলাকৌশল বৈশ্বিক পরিপ্রেক্ষিতের সঙ্গে যে পরিবর্তন হয়েছে তা বোঝা যায়।

আমরা লক্ষ্য করেছি তালেবানের শীর্ষনেতারা আফ-গান-শান্তি আলোচনায় যোগ দিয়েছেন যুক্তরাষ্ট্র, পাকিস্তান, চীন ও ভারতের সঙ্গে। অন্যদিকে দক্ষিণ এশিয়ার দেশগুলোর সঙ্গে কূটনৈতিক পর্যায়ে মতবিনিময় ও নিজেদের সন্ত্রাসী পরিচয় থেকে রাজনৈতিক পরিচয়ে প্রতিস্থাপনে উদগ্রীব ছিল। এমন কি ট্রাম্প প্রশাসনের পররাষ্ট্রমন্ত্রী সাবেক সিআইএপ্রধান পম্পেইয়ের সঙ্গে চুক্তি করে কথা দিয়েছিল যে, ভবিষ্যতে কোনো সন্ত্রাসী গ্রুপের আশ্রয়স্থল হবে না আফগানিস্তান। পরোক্ষে, আফগান শান্তি প্রক্রিয়ার সঙ্গে জড়িত ছিল রাশিয়া। সেটি বোঝা যায় ভদ্মদিমির



পুতিনের বক্তব্য থেকেই। পুতিন আফগান প্রশ্নে পশ্চিমা দেশগুলোর নীতি-আদর্শ চাপিয়ে দেওয়ার মানসিকতাকে পরিত্যাগ করতে বলেছেন। আফগান তালেবান তাদের রাজনৈতিক অধিকার নিজেদের মতো করে করুক, সেখানে নাক না গলানোর কথা জোরের সঙ্গেই বলেছেন। তার মানে পশ্চিমাদের চাপিয়ে দেওয়া গণতন্ত্র নয়, আফগানিস্তানের ক্ষমতাসীনদের ইচ্ছা ও আকাঙ্ক্ষার প্রতি সমর্থন জানিয়েছেন তিনি। চীনের সমর্থনের পর রাশিয়ার এই পরোক্ষ কিন্তু গুরুত্বপূর্ণ এই বক্তব্য অবশ্যই বৈশ্বিক রাজনীতির দুটি ভাগকে স্পষ্ট করে দিচ্ছে। ইউরোপীয় ইউনিয়ন বলেছে, তারা তালেবান শাসিত আফগানিস্তানকে স্বীকৃতি দেবে না। ঠিক এরই জবাব এলো রাশিয়ার কাছে থেকে। ফলে ইউরোপ স্বীকৃতি না দিলে যে সব অর্থনৈতিক ও বাণিজ্যিক সংকটের মুখে পড়তে হতো আফগানিস্তানকে, রাশিয়া ও চীনের সমর্থনের পর তা নতুন বৈশ্বিক মাত্রা পেলো। আমরা দেখছি অর্থনৈতিক বিশ্বের ক্ষমতা এখন এশিয়ার দূরপ্রাচ্য ও পশ্চিমপ্রাচ্যের দোরগোড়ায়। অর্থনৈতিক মেরুকরণের ক্ষেত্রে নতুন মাত্রা পেতে যাচ্ছে এশিয়া। সে দিকটি ধীরে ধীরে স্পষ্ট হচ্ছে।

আমেরিকা যুক্তরাষ্ট্র আফগানিস্তানে হামলা শুরু করেছিল 'সন্ত্রাসের বিরুদ্ধে অনন্ত যুদ্ধের' ঘোষণার মাধ্যমে। পৃথিবী থেকে সন্ত্রাস নির্মূল তাদের আসল কাজ। তাদের অনন্ত যুদ্ধ ২০ বছরেই মুখ থুবড়ে পড়েছে তাদেরই চিত্রিত ও চিহ্নিত সন্ত্রাসী তালেবানের কাছে। এবং আমরা ধারণা করি, আমেরিকা নতুন কোনো ঘুঁটির চাল দিতেই যেন আফ-গানিস্তান থেকে নিজেদের গুটিয়ে নিয়ে গেল। দুষ্প্রাপ্য খনিজ পদার্থের দেশ আফগানিস্তান থেকে হঠাৎ কেন পাখা গোটালো যুক্তরাষ্ট্র, সেটা বুঝে দেখার আছে। কারণ, এর আগে মার্কিনি তেল কোম্পানি ইউনোকল বলেছিল, তালেবানই আফগানিস্তানে স্থিতিশীলতা আনতে পারে। নিরাপদ করতে পারে মার্কিনি বিনিয়োগ। বোঝাই যায়, আমেরিকার তৎকালীন ট্রাম্প প্রশাসন ইউনোকলকে দিয়েই ওই কথাগুলো বলিয়েছিল। মানে আফগানিস্তানে তাদের ব্যবসা ও খনিজসম্পদ উত্তোলনে যে বিনিয়োগ তাকে নিরাপত্তা দিতে চেয়েছে তালেবান। সেই সঙ্গে আশপাশের দেশগুলোর খনিজসম্পদ রপ্তানির জন্য এ দেশটি সহযোগ দেবে, এটাই তাদের বিশ্বাস। আর অপিয়াম বা হেরোইন ও আফিমের যে গোপনবাণিজ্য আছে, তার অন্যতম উৎপাদক ও কেন্দ্র গোল্ডেন ক্রিসেন্ট-এর সুযোগও তারা নিতে পারবে। কে না জানে পৃথিবীর সবচেয়ে বড় বাণিজ্য হচ্ছে মাদক। এই দুটির উৎস দেশ আফগানিস্তান ও মিয়ানমার।

এবং সবচেয়ে বিস্ময়কর হলো, আফগানিস্তানে সন্ত্রাসী বলে যাদের নির্মূল করতে এসেছিল মার্কিন যুক্তরাষ্ট্র, সেই তাদেরই আজ তারা রাজনৈতিক শক্তি হিসেবে স্বীকার করে নিয়েছে। এবং যাদের নির্মূল করতেই যুদ্ধের সূচনা, 'ওয়ার অ্যান্ড পিস' আনবার সংকল্প নিয়ে আফগানিস্তানে ঢুকেছিল, গত কুড়ি বছরে এই ক্ষান্তিহীন যুদ্ধে তাদের ব্যয় হয়েছে 'মাত্র ২ দশমিক ২৬১ ট্রিলিয়ন ডলার। কয়েক হাজার সেনার প্রাণহানির পর তাদের বোধে প্রত্যাবর্তনের স্মৃতি জেগে ওঠে। তারা ১৯৭৫ সালে ভিয়েতনাম থেকে ঠিক একই কায়দায় প্রত্যাবর্তন করেছিল এবং সঙ্গে নিয়ে গিয়েছিল তাদের সহযোগী ভিয়েতনামিদের। এখানেও, তারা আফগান সহযোগীদের সঙ্গে নিয়ে ফিরে যাচ্ছে বা এর মধ্যেই তাদের অনেককে ফিরিয়ে নেওয়া হয়েছে।

কথা হচ্ছে, যুদ্ধ করে দেশের ক্ষমতা দখল এক জিনিস, আর সেই দেশের রাজনৈতিক, সামরিক, অর্থনৈতিক ও সামাজিক পুনর্গঠনের কাজ তার চেয়ে প্রায় শতভাগ জটিল ও বাস্তবায়ন দুঃসাধ্য প্রায়। সেই কঠিন পরিস্থিতির মুখে পড়েছে তালেবান। বিশেষ করে জাতিগত বিরোধ ও বিদ্বেষে ত্যক্ত আফগানিস্তানের সামাজিক ও রাজনৈতিক সমস্যা অত্যন্ত জটিল। এই জটিলতার পেছনে আছে পরাশক্তি যুক্তরাষ্ট্র ও রাশিয়ার তৎপরতা, আছে চীনের কলাকৌশল, আছে পাকিস্তান ও ভারতের পরিকল্পনায় জটিল হয়ে ওঠা পরিস্থিতি। এবারই প্রমাণ হবে তারা দেশ পরিচালনায় যোগ্য, নাকি অতীতের ভুলগুলোই বহন করছেন। এটা মনে রাখতে হবে যে, যে সব তালেবান মাদ্রাসা শিক্ষা শেষ করে গত কুড়ি বছরে পশ্চিমাধারার শিক্ষা নিয়ে নিজেদের যৌবনে পড়েছে, তারা কিন্তু পেছনে ফিরে তাকাবে না। একটি সামাজিক রূপান্তর বা রিফর্ম অবশ্যই মোল্লাহদের চেতনায় থাকতে হবে।

ইসলামী জ্ঞান অনাধুনিক নয়। তার প্রয়োগ ও প্রাতিষ্ঠানিক রীতিকৌশলই তাকে অনাধুনিক করে তুলেছে। শিক্ষার প্যাটার্ন পালটাতে হবে। সমকালীন প্রয়োজন ও চাহিদাকে যেমন সামনে আনতে হবে, তেমনি দেশের রাজনৈতিক ও সামাজিক পুনর্গঠনের কাজও সমকালীন চিন্তার আবহে গড়ে নিতে হবে। মোল্লাহ আবদুল গনি সেটি উপলব্ধি করতে সক্ষম বলেই আমার ধারণা।

আগের মুজাহিদিন ও তালেবানের সঙ্গে ২০ বছরের যুদ্ধের ময়দানের রক্ত ঝরিয়ে আসা আজকের তালেবান এক নয়। তারা পরিবর্তিত হয়েছেন। তাদের পরিবর্তনের বড় ধরনের বাঁকটি সৃষ্টি হয়েছে ২০১৮ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতায় আসা এবং তাদের সঙ্গে একটি চুক্তিতে উপনীত হওয়ার মধ্য দিয়ে। তবে ভবিষ্যৎই বলে দেবে তারা কতোটা সমকালীন বিশ্বের চাহিদার সঙ্গে ঐক্য গড়ে নিয়ে নিজেদের জাতীয় স্বার্থ রক্ষা করতে পারে। দুই-তিন পরাশক্তির টানাটানির মাঝখানে পড়ে জাতির অস্তিত্ব যেন তার সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশ-প্রতিবেশের মধ্যে মাথা উঁচু করে থাকতে পারে, সেটাই আমরা প্রার্থনা করি।

লেখক: কবি ও সাংবাদিক

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

কানে কি পানি ঢুকেছে? মনে হচ্ছে!

(৫ পাতার পর)

ট্রাম্প নামে এই প্রেসিডেন্টের জন্ম দিয়েছিল।ট্রাম্প আসলে বাকচাতুরিতে দেশের ভিতর শত্রুর ইঙ্গিত করে তাদের উপর দায় চাপিয়ে গেছেন।'

বেন রোডস-এর এই শেষাংশটা তাদের দুই দলের কামড়াকামড়ি তাই এতে জড়ানো আমাদের কোনো কাজ নয়। তবে এরপর রোডস বাইডেনের পক্ষে ঢোল পিটিয়েছেন। তিনি দাবি করেছেন এইবার বাইডেন আফগানিস্তান থেকে গুটিয়ে সমস্ত শক্তি চীনের বিরুদ্ধে প্রতিযোগিতায় ব্যবহার করবেন, দুনিয়ায় আমেরিকার হাজির থাকার লক্ষ্য দুনিয়াকে দেখাবেন।

সরি বেন রোডস! আমরা একটুও নড়লাম না, আপনি আমাদের নূনতম আকৃষ্ট করতে পারেননি বলে। এখানে বেন রোডসের দেয়া ২০ বছরের যুদ্ধের খতিয়ানে তিনি বলেছেন, মোট খরচ (দুই ট্রিলিয়ন নয়) নাকি সাত ট্রিলিয়ন ডলার। আর আফগানিস্তান ও ইরাকে মৃত মোট সার্ভিস মেম্বার বলছেন (দুই হাজার নয়) সাত হাজার। তবে তারা এই খরচ বেশি আর কম দেখাক তাতে এতে বাইডেন সরকারের আয় বাড়বে না। এটাই মূল কথা।

তা ছাড়া, বিয়ে শেষ হয়ে যাবার পরে ব্যান্ড পার্টির মধুর সুরও কারোই ভালো লাগবে না। যেমন ধরুন আফগানিস্তান এবং এরপরে পরেই ইরাক থেকে আমেরিকা ও ন্যাটোর প্রত্যাহারের পর সেন্ট্রাল এশিয়া, ইরান, মধ্যপ্রাচ্যসহ (সাউথ চায়না সি এলাকা আর ভারত বাদে) বাইডেনের আমেরিকা এশিয়ায় আর কোথাও নেই। আর সাউথ চায়না সি-তে ওবামার আমলেই তার 'পিভোট এশিয়া' পলিসি ফেল করার পর থেকে ওখানে কিছুই আর জাগেনি। সবমিলিয়ে গত পঁচাত্তর বছরের আমেরিকা কখনো এভাবে এশিয়া থেকে উৎখাত হয়নি।

মূল যে কথাটা, তা হলো, আফগানিস্তান থেকে বাইডেন ফিরে গেলে আমেরিকান অর্থনীতিতে সারপ্লাস অ্যাকুমুলেশন বা উদ্বৃত্ত সঞ্চয় বেড়ে যাবার কোনো ঘটনা তো সেটি নয়, তাই সেটি ঘটবে না। ফলে এতে আমেরিকার চীনের সাথে অর্থনৈতিক সক্ষমতা প্রশ্নে আমেরিকার প্রতিযোগী হয়ে ওঠার বাড়তি কোনো কারণ নেই, ঘটনাই নয় তাই। আসলে যে ব্রিটিশ সাম্রাজ্যের সূর্য নাকি কখনো ডুববে না বলে গর্ব করত যে ব্রিটিশরা, তারা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে একচ্ছত্র বিজয়ী আমেরিকার সামনে কেন আর কখনো আসেনি? কারণ সবকিছু ফিরে আসে না! ব্লেয়ারকে কেন বুশের ছোট-তরফের মিথ্যাবাদী গু**া-রংবাজই হতে হয়?

আবার আমরা লক্ষ করেছি, বেন রোডস নিজ-পরিচয়ে বলেছেন তিনি ওবামার দুই টার্মেই ডেপুটি মন্ত্রী ছিলেন। অথচ তিনি আমেরিকার যেসব দেশে গিয়ে আমেরিকার সামরিক হস্তক্ষেপে সে দেশের সরকার ফেলানোর হিসাব দিয়েছেন– ইরাকের সাদ্দাম, লিবিয়ার গাদ্দাফি, সিরিয়ার আসাদ (ব্যর্থ) ইত্যাদি এসব অন্যায় তো বুশের দায় নয়। এটা তো 'ভিজা বেড়াল' ওবামা-হিলারির 'মহান' কাজ। তাদের অতি আত্মবিশ্বাসের কারণে বেনগাজির আমেরিকান রাষ্ট্রদূতসহ সব স্টাফ নিহত হয়েছেন। আর এ নিয়ে সিনেটে-কংগ্রেসে কঠোরভাবে সমালোচিত হয়েছেন হিলারি। আর এখান থেকেই নতুন নামে 'আইএসের' উত্থান ঘটেছিল। এই উত্থানে ওবামা-হিলারির দায় আছে। সবকিছু বুশের উপর চাপিয়ে ডেমোক্র্যাটরা হাত ধুয়ে ফেলতে চাইলে কী হবে? ওয়ার অন টেররে ২০ বছরে আমেরিকার দুই পার্টির কারো অবদান কি কম?

এ দুই পার্টির সবচেয়ে বড় অপরাধ হলো- আমেরিকার চোখে দুনিয়ার মুসলমান মানেই তারা আমেরিকার সম্ভাব্য এনিমি– এই মনোভাবে সেই থেকে পরিচালিত হতে শুরু করা। অথচ এই অ্যাটিচুড নেয়া, আমেরিকান কনস্টিটিউশন ও আইনেরই বরখেলাপ। টুইন টাওয়ারে হামলা চালায় যারা এমন মোট ১৯ জনের ১৫ জন সৌদি, দু'জন দুবাই, একজন লেবাননও একজন মিসরের ছিল। অর্থাৎ কেউ আফগানি নয়। তাহলে ওই হামলার অজুহাতে সারা আফগানিস্তানে হামলা ও দখল করা কেন? এমনকি, চাইলে যারা বা যেসব গ্রুপ জড়িত কেবল তাদের পুরোটাকেই উঠিয়ে নিয়ে যাওয়ার সক্ষমতা আমেরিকার ছিল; কিন্তু তা না করে একটা সর্বাত্মক ও লাগাতার যুদ্ধ যাওয়া কেন? এই প্রশ্ন উঠেছিল সেকালেই এবং আমেরিকার ভিতর থেকেই। এর জবাব দেয়া হয়নি, কারণ জবাব ছিল না।

আবার টুইন টাওয়ারে হামলাকারীরা মুসলমান তাই মুসলমানমাত্রই 'আমেরিকান হোমল্যান্ড সিকুরিটি' তাদের ধরে এনে শাস্তি দেয়া বা সন্দেহ করা, রিমান্ডে এনে টর্চার করা কেন? এটা তো আমেরিকান কনস্টিটিউশন ও আইনেরই বরখেলাপ। এছাড়া এই চিন্তা গোত্রবাদী, সঙ্কীর্ণ ট্রাইবাল চিন্তা। আমেরিকান রাষ্ট্রেরই এই কাজের এখতিয়ার নেই। এটা কোনো চুরির জন্য চোরের বাপ-মাকে ধরে এনে শাস্তি দেয়ার মতো।

এখানেই শেষ নয়। এর পরিণতি হয়েছে ভয়াবহ। দুনিয়া দুই ভাগ হয়ে গেছে। আপনি মুসলমান-মুক্ত আমেরিকা কায়েম করতে চাওয়ার পথে নেমে যাওয়া মানে, আপনি উসকালেন যেন এখন মুসলমানরা পাল্টা পশ্চিমা বা আমেরিকান-ছাড়া নিজেদের দুনিয়া কায়েমের রাস্তায় যায়। এখন এতে আপনি অবশ্যই দেখাতে পারবেন যে, মুসলমানেরা কত খারাপ, তাদের চিন্তা সঙ্কীর্ণ, তারাই কারো সাথে থাকতে পারে না, চায় না, ইনক্লুসিভ না ইত্যাদি বহু কিছু! কিন্তু দুনিয়া তো আগেই ভাগ করে ফেলেছেন! এর কী হবে? মুসলমানেরা নতুন আফগানিস্তানে আমেরিকানদের নেবে না, দেখতে চায় না–এমন একটা দুনিয়া এখন তাদের কল্পনায় হাজির হয়েছে। এখন এর কী সমাধা করবেন?

জানি, আমেরিকান-মুক্ত নতুন আফগানিস্তান কিংবা বাংলাদেশ–এসব একেবারেই অবাস্তব এবং চরম রাগ-ক্ষোভের প্রকাশ! অত্যাচার, নির্যাতন অপমান 'রেনডিশন' ... ইত্যাদি এসব কি সহজে মুছে যাবে... । পরাশক্তির বড়াই? বেন রোডস, আপনি নিজেই বলছেন, লাদেন নয়, তাকে ছাড়িয়ে বুশ ও তার বন্ধুদের ভিন্ন উদ্দেশ্য ছিল। তারা ক্ষমতার অপব্যবহার করেছে ইত্যাদি... ।

তাহলে আবার মিথ্যা আশ্বাসের কথা কেন বলছেন? কেন বলছেন, বাইডেন আমেরিকাকে চীনের প্রতিদ্বন্দ্বী করে আবার হাজির ও যোগ্য করে হাজির করতে পারবেন? সমস্যা তো চীনের সাথে প্রতিযোগিতা নয়। দুনিয়ার দ্বিবি-ভাগ আমেরিকান ছাড়া মুসলমানের দুনিয়ার কল্পনা হাজির হয়ে গেছে, এর সমাধান কী? মুরোদ দেখান। সবার আগে নিজেদের এক্ট আবার ফিরে চেক করেন, পুনঃমূল্যায়ন করেন। কোথায় ভুল হয়েছে, উপলব্ধি ও স্বীকার করেনিন। এসব ছোট ছোট কিন্তু পাওয়ারফুল পদক্ষেপ ছাড়া মুসলমান বা ইসলাম ইস্যু আমেরিকার পিছু ছাড়বে না। আপনি ভান করতে পারেন যে, আফগানিস্তান বা ইরাক ছেড়ে এসেছেন মানে সব পাপ ধুয়ে গেছে। না, তা একবিন্দু যাবে না। অন্তত অপরাধী মন নিজেই নিজেকে তাড়া করে ফিরবে! ইতোমধ্যে পশ্চিম বা আমেরিকার বিরুদ্ধে 'বিশ্বাসঘাতক' শব্দটা অনেক কর্নার থেকে ব্যবহৃত হওয়া শুরু হয়েছে। তা নিশ্চয় আমেরিকার জন্য ভালো কিছু নয়।

আমেরিকা গ্লোবাল নেতা আর না থাকলে কী? সেই আমেরিকার এর পরেও দুনিয়াকে বহুকিছু দেবার যোগ্যতা থাকবে। এখনো লন্ডন বা প্যারিস বহু মানুষকে সেটেলমেন্টের শহর হিসেবে আকৃষ্ট করে। ফলে এসব কোনো বড় ফ্যাক্টর নয়। কিন্তু মানুষের দ্বিবিভাগ! আমেরিকা-মুক্ত মুসলমান অথবা মুসলমান-মুক্ত আমেরিকা? এটা মানুষের জন্য কোনো ভালো বার্তা নয়! আপনি শাহরুখ খান হলেও বা এক সাধারণ এশিয়ান মুসলমান হলেও আপনাকে ইমিগ্রেশনে অপমানজনকভাবে আটকে থাকতে হতে পারে। আফগানিস্তান বা ইরাক বাইডেন ছেড়ে গেলেও এসব বিভক্তির শেষ হবে না!

অথচ এই বিভক্তি দূর করা, চীনের ওপর প্রতিযোগিতায় বাইডেনের বিজয়ী হওয়ার চেয়েও অনেক বড় ও গুরুত্বপুর্ণ কাজ!

লেখক: রাজনৈতিক বিশ্লেষক

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

এন্ড্রু কুমো'র এমি অ্যাওয়ার্ড প্রত্যাহার

(৩ পাতার পর)

২৩ নভেম্বর ৪৮তম এমি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে গভর্নর কুমোকে এ সম্মান জানানো হয়। ইন্টারন্যাশনাল একাডেমি প্রেসিডেন্ট ও একাডেমির প্রধান নির্বাহী ব্রুস পেইজনারের হাত থেকে পুরস্কারটি গ্রহণ করেন অ্যান্ড্রু কুমো। এ পদক হস্তান্তর উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে গভর্নরের ভাই ও সিএনএন এর সাংবাদিক ক্রিস কুমোও উপস্থিত ছিলেন। ২০২০ সালের মার্চ মাস থেকে নিউইয়র্কের গভর্নর প্রতিদিন কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে জনগণের পাশে থেকেছেন। যুক্তরাষ্ট্রের সবচেয়ে সংকটের সময় জনগণকে আস্থায় নিয়ে একজন নেতা হিসেবে অ্যান্ড্রু কুমো যে পদক্ষেপগুলো নিয়েছেন, তা সব মহলে বেশ প্রশংসিত হয়েছে। করোনা পরিস্থিতি মোকাবিলায় কুমো বেশ কয়েক দফা প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে কথার যুদ্ধেও জড়িয়ে পড়েন। কিন্তু নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে তিনি কোনো আপস করেননি।



DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে এস চৌধুরীর প্রশ্নঃ

আমি একজন ইউএস নাগরিক। আজ আমি আমার বেশ কিছু আত্মীয় ও বন্ধুদের সমস্যা নিয়ে আপনার কাছে লিখছি। আশা কির এই বিভাগের মাধ্যমে আপনার পরামর্শ পাবো। সমস্যাগুলো হচ্ছে তারা আবেদন করেছে বেশ আগে। কিন্তু তাদের আবেদন প্রত্যাখ্যাত হয়ে ফেরত এসেছে। এ ব্যাপারে আপনার কাছে থেকে বিস্তারিত জানতে আগ্রহী।

এস চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

আবেদনকারীদের আবেদন প্রত্যাখাত সম্পর্কে সম্প্রতি আমরা অনেক কল পেয়েছি। আমাদের ক্লায়েন্টদের বক্তব্য ও আপনার বক্তব্যর মতো তাদের আবেদন প্রত্যাখাত করে তাদের কাছে ফেরৎ পাঠানো হেযছে। প্রায় অভিন্ন কারণ দেখিয়ে ইউএসসিআইএস আবেদনগুলো যেসব কারণে প্রত্যাখান করছে সেগুলো হচ্ছেঃ

বাতিল ও পুরোনো ইমিগ্রেশন ফরমে আবেদন করলে ইউএসসিআইএস সে আবেদন প্রত্যাখ্যান করবে

ভুল ফরমঃ

ইউএসসিআইএস-এ বেশ সুবিধা প্রাপ্তির জন্য আপনি যখন আবেদন জানান, তখন সাধারণত একটি ফরমে আবেদন জানাতে হয়। ইউএসসিআইএস নিয়মিত এসব ফরম পরিবর্তন করে থাকে। আপনি যদি পুরোন ফরমে আবেদন করেন, তবে ইউএসসিআইএস আবেদন প্রত্যাখন করবে। এই ভুল না করার জন্য নিশ্চিত হয়ে চলতি ফরমে আবেদন করতে হবে। এই ফরম ইউএসসিআইএস এর ওয়েব পেইজে পাওয়া যাবে।

ভুল আবেদন ফিঃ

দ্বিতীয় যে কারণে আবেদন প্রত্যাখান করা হয় তা হচ্ছে আবেদনের সময় ভুল আবেদন ফি দেয়া। ইমিগ্রেশনের জন্য ইউএসসিআইএস এ বহুবার আবেদন করা হয়, যার জন্য ফি দিতে হয়। বিভিন্ন সেবার জন্য ইউএসসিআইএস নিয়মিত সে ফি হাল নাগাদ করে। ভুল ফি দিয়ে আবেদন করলে ইউএসসিআইএস আবেদন প্রত্যাখ্যান করতে পারে যার জন্য সঠিক ফি দিতে হবে। কম বা বেশি কোন ফি দিয়ে আবেদন করলে ইউএসসিআইএস আবেদন প্রত্যাখ্যান করতে পারে। যার জন্য সঠিক ফি দিতে হবে। কম বা বেশি কোন ফি ইউএসসিআইএস গ্রহণ করে না। আবার বিভিন্ন ধরনের আবেদনের জন্য একই ফরম ব্যবহার করা হয়। যেমন- আই-১৩১ ফরম অগ্রীম প্যারোল, পুনঃ প্রবেশ পারমিট এবং রিফিউজ ট্রাভেল ডকুমেন্টের জন্য ব্যবহার করা হয়। কিন্তু এক এক কাজের জন্য ভিন্ন ভিন্ন ফি। সুতরাং সতর্ক থাকতে হবে যে, কোন সেবার জন্য কত ফি দিতে হবে। এছাড়া আবেদনকারীর বয়স ভেদেও একই আবেদনের জন্য ভিন্ন ফি হতে পারে।

৩.ভুল ঠিকানায় আবেদন করলে কী হতে পারে?

ইউএসসিআইএস এর ভুল ঠিকানায় আবেদন করলে সে আবেদন প্রথ্যাখান হতে পারে। সঠিক ঠিকানায় আবেদন করতে হবে। বসবাসের ঠিকানা অনুসারে সঠিক ঠিকানায় আবেদন পাঠাবেন।

ইমিগ্রেশন ফরম-এ ফাঁকা না রাখা

ইমিগ্রেশন ফরম সম্পূর্ণ পুরণ না করে যদি কোন জায়গা ফাঁকা থাকে, সেক্ষেত্রেও ইউএসসিআইএস আবেদন প্রত্যাখ্যান করতে পারে। আপনার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য নাহলে সেখানে এন/এ লেখা।

ইউএসসিআইএস-এর প্রত্যাখ্যান করার আরেকটি কারণ হচ্ছে, আবেদন ফরমের কোন পৃষ্ঠা যদি পাওয়া না যায়।

আপনি যখন কোন ইমিগ্রেশন ফরম দেবেন, তখন ফরম এর সব কটি পৃষ্ঠাই সংযুক্ত করতে হবে। ইউএসসিআইএস সাধারণতঃ যে কোন ফরমের নিচে পৃষ্ঠা নম্বর দিয়ে দেয়। যেমনঃ ২০ এর ২ ইত্যাদি।

উপসংহারঃ

অনুগ্রহপূর্বক ইউএসসিআইএস ওয়েব সাইটিটি চেক করে নেবেন এবং সব নির্দেশনা সতকর্তভাবে পাঠ করে নেবেন। কোন কিছু বুঝতে না পারলে ইউএসসিআইএস এ কল করুন অথবা অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে যোগাযোগ করবেন আবেদন করার পূর্বে।

আপনার সাহায্যে আসতে পারে এমন কিছু তথ্যেও পুনরাবৃত্তি করছি।

ভারমন্ট সার্ভিস সেন্টারের ঠিকানা পরিবর্তনঃ

ইউএসসিআইএস ভারমন্ট সার্ভিস সেন্টারের ঠিকানা পরিবর্তনের নোটিশ জারী করেছে। নতুন আবেদন করার জন্য ২৫ জুন, ২০২১ এর পর থেকে কার্যকর হয়েছে। ১৪ জুন, ২০২১ থেকে ভারমন্ট সার্ভিস সেন্টার সেন্ট আলবানস, ভারমন্ট ফ্যাসিলিটি ঠিকানায় আসা কোন ডাক গ্রহণ করবে না। এটি আর চালু নেই।

পূর্ব ঠিকানায় পাঠানো কোন ডাক হলে তা এক বছরের জন্য সঠিক ঠিকানায় ফরওয়ার্ড করে দেয়া হবে। কিন্তু জুন, ২০২১ এর পর ডাক পাঠানো হলে তা প্রেরকের কাছে ফেরত পাঠানো হবে- ইউএসএর পোস্টাল সার্ভিস বা কুরিয়ার সার্ভিসেরর মাধ্যমে।

বর্তমান ঠিকানার চার্ট নিচে দেয়া হলোঃ



মেইল
প্রিমিয়াম প্রসেসিং

পূর্বের ঠিকানা
প্রিমিয়াম প্রসেসিং সার্ভিস ইউএসসিআইএস ভারমন্ট সার্ভিস সেন্টার
৩০ হফটন স্ট্রীট, সেন্ট আলবান্স, ভারমন্ট, ০৫৪৭৮-২৩৯৯

নতুন ঠিকানা
প্রিমিয়াম প্রসেসিং সার্ভিস ইউএসসিআইএস এর ভারমন্ট সার্ভিস সেন্টার, ৩০, রিভার রোড, এসেক্স জাংশন, ভিটি ০৫৪৫২-৩৮০৮

এইচ ওয়ান বি ক্যাপ মেইল

ইউএসসিআইস ভারমন্ট সার্ভিস সেন্টার ৪ লেমনাহ ড্রাইভ সেন্ট আলবান্স, ভিটি ০৫৪৭৯-০০০১

মেইল
প্রিমিয়াম প্রসেসিং

ইউএসসিআইএস এর ভারমন্ট সার্ভিস সেন্টার, ৩৮, রিভার রোড, স্যুইট-১০০০, এসেক্স জাংশন, ভিটি ০৫৪৭৯-০০০১

অন্য আর সব মেইল
ইউএসসিআইএস ভারমন্ট সার্ভিস সেন্টার, ৭৫ লোয়ার ওয়েল্ডন স্ট্রীট, সেন্ট আলবান্স, ভিটি ০৫৪৭৯-০০০১

২৫ জুন, ২০২১ এর পর থেকে আপনাকে উপরে দেয়া নতুন ঠিকানা ব্যবহার করতে হবে। আরও বিস্তারিত জানতে হলে ইউএসসিসআইএস এ যোগাযোগ করতে হবে বা যে কোন প্রশ্নের জন্য আমাদের অফিসে কল করতে পারেন।

ইউএসসিআইএস ঘোষণা করেছে যে, টেলিফোনের মাধ্যমে বায়োমেট্রিক সার্ভিসের সাক্ষাতকারের তারিখ পুনঃ নির্ধরিন করা যাবে।

ইউএসসিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিস ঘোষণা করেছে যে, ইউএসসিআইএস'র ৮০০-৩৭৫-৫২৮৩ নম্বরে ফোন করে বায়োমেট্রিক সাক্ষাতের তারিখ পরিবর্তন করাবার একমাত্র পথ ছিলো ছিলো ইউএসসিআইএস এ চিঠি লেখা। আপানি গ্রিনকার্ড বা সিটিজেনশীপের জন্য আবেদন করেছেন এবং সে জন্য ইউএসসিআইএস ইমিগ্রেশন সাপোর্ট সেন্টার বায়োমেট্রিক অথবা ফিঙ্গারপ্রিন্টের জন্য আপনার সক্ষাতকারের তারিখ নির্ধারিত হয়েছে। আপনি যদি সেই নির্ধারিত তারিখে উপস্থিত হতে না পারেন তবে ইউএসসিআইএস'র টেলিফোন নম্বরে কল করে পুনঃনির্ধারণ করতে পারেন। তবে অবশ্যই নির্ধারিত সময়ের পূর্বেই। নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন জানাতে ব্যর্থ হলে ইউএসসিসআইএস আপনার আবেদন বাতিল করে দিতে পারে। তারিখ পুনঃ নির্ধারণের জন্য উপযুক্ত কারণ থাকতে হবে। উপযুক্ত কারণ না থাকলে তারিখ পরিবর্তন না করা ভালো। এতে আপনার আবেদন মঞ্জুর হতে বিলম্ব ঘটবে এমন কি আবেদন প্রত্যাখ্যান হতে পারে। বিস্তারিত জানতে ইউএসসিআইএস এর ওয়েব সাইট পরিদর্শন করুন।

আজকের এই বিষয়ে আমরা এর আগেও বিস্তারিত আলোচনা করেছি। অবার অনেক পাঠকের জানতে চাওয়ার প্রেক্ষিতে আজ আবার আমরা আলোচনা করলাম। সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

আল্লাহর মহিমা দেখার জন্য বাইতুল্লাহ-এ আসুন



জাফর আহমাদ

আল্লাহর বাস্তব মহিমা, কুদরত ও নিদর্শন সচক্ষে প্রত্যক্ষ করার জন্য আজই চলে আসুন 'ওয়াদিল মুকাদ্দাস' বা পবিত্র উপত্যকা যা মক্কাতুল মুকাররমায় অবস্থিত। এখানে অবস্থিত আল্লাহর ঘর বাইতুল্লাহ যা পৃথিবীর প্রথম ইবাদাত গৃহ। আল্লাহ তা'আলা বলেন,"নি:সন্দেহে মানুষের জন্য সর্বপ্রথম যে ইবাদাত গৃহটি নির্মিত হয় সেটি মক্কায় অবস্থিত। তাকে কল্যাণ ও বরকত দান করা হয়েছিল এবং সমগ্র বিশ্ববাসীর জন্য হিদায়াতের কেন্দ্রে পরিণত করা হয়েছিল। তার মধ্যে রয়েছে সুস্পষ্ট নিদর্শনসমূহ এবং মাকামে ইবরাহিম বা ইবরাহিমের ইবাদাতের স্থান। আর তার অবস্থা হচ্ছে এই যে, যে তার মধ্যে প্রবেশ করেছে, সে নিরাপত্তা লাভ করেছে। মানুষের মধ্য থেকে যারা সেখানে পৌছার সামর্থ রাখে, তারা যেন এই গৃহের হজ্জ সম্পন্ন করে, এটি তাদের ওপর আল্লাহর অধিকার। আর যে ব্যক্তি এ নির্দেশ মেনে চলতে অস্বীকার করে তার জেনে রাখা উচিত, আল্লাহ বিশ্ববাসীর মুখাপেক্ষী নন। (আল ইমরান:৯৬,৯৭)

পৃথিবীর দেশে দেশে আকাশছোঁয়া ভবন দেখেছেন, শৈল্পিক কারুকার্য সম্বলিত বিখ্যাত কতসব ভবন আপনার নযর কেড়েছে, আপনি আসুন পাহাড়ে ঘেরা সেই ওয়াদিল মুকাদ্দাসে যেখানে আল্লাহর ঘর অবস্থিত। গভীর মনোনিবেশ সহকারে আপনি প্রত্যক্ষ করবেন, আল্লাহর এই ঘরের চেয়ে উঁচু ভবন পৃথিবীতে আর কোনটি আপনার মনে হবে না। কালো গিলাফে ঢাকা ঘরটির সৌন্দর্য ও আভিজাত্য আপনার দৃষ্টিকে বার বার মোহিত করবে। সমুদ্রের বিশালতা যেভাবে আপনার মন-মানসে বিশেষ পরিবর্তন সৃষ্টি করে আল্লাহর এ ঘরটিও আপনার মন-মানসকে বিশালতার দিকে নিয়ে যাবে। কাবার এই মহানত্ব সম্পর্কে বাংলা সাহিত্যের একজন প্রখ্যাত সাহিত্যিক সৈয়দ আলী আহসান লিখেছেন, "স্থাপত্যের কৌশলের দিক থেকে কাবা গৃহ নির্মল, নিশ্চিন্ত, পরিচ্ছন্ন এবং অফুরন্ত বিনয় ও প্রেমের উৎস। এই বিনয় এবং প্রেমের সমর্থনে কাবা গৃহ মর্যাদাবান এবং ইসলামী উম্মাহর সকল প্রেরণার কেন্দ্রভূমি। হারাম শরীফের আলোকিত বিপুল চত্বরের মাঝখানে পবিত্র কাবার অবস্থিতি গৃহটিকে আলৌকিক আকর্ষণে মণ্ডিত করেছে। হারাম শরীফের বিপুল চত্বরের উন্মুক্ততা কাবা গৃহটিকে এমনভাবে বেষ্ঠন করে রেখেছে যে, সহজেই এই উন্মুক্ত এলাকার সঙ্গে কাবা গৃহের একটি স্থাপত্যগত একটি সম্পর্ক নির্ধারিত হয়। কাবা গৃহের অভ্যন্তরভাগ উন্মুক্ত নয়। কিন্তু চতুর্দিকের উন্মুক্ততা এবং উর্ধ্বাকাশের উন্মুক্ততা কাবা গৃহকে একটি বিপুল উন্মুক্ততার অংশভাগী করেছে। এককভাবে গৃহটি কোনো বিশেষ পার্থিব শিল্পকুশলতা বহন করে না, কিন্তু হারাম শরীফের বিপুল চত্বরের মাঝখানে গৃহটিকে একটি আলৌকিক অবস্থিতি বলে বিশ্বাস জন্মে।"

সারা পৃথিবীর মানুষের কাছে অত্যন্ত আকাংখার বস্তু এই ঘর। যার কারণে পৃথিবীর প্রতিটি অঞ্চল, প্রতিটি জনপদের লোকেরা এই ঘরের প্রতি প্রবল আকর্ষণ ও আবেগ অনভুতি নিয়ে চলে আসে। খরতাপ রোদ্র, আগুনে তাপমাত্রা, ত্রাহি ত্রাহি অবস্থা ও অস্থির এক পরিবেশের মাঝে কালো গিলাফে ঢাকা এ ঘর সর্বদা শান্তির প্রলেপ বুলিয়ে যায়। দুর দিগন্তের ক্লান্ত-শ্রান্ত মুসাফির সাত সমুদ্রের ধকল নিয়ে যখন এ ঘরের কাছে আসে এবং তার প্রতি দৃষ্টি নিক্ষেপ করে, সকল প্রকার দু:খ-কষ্ট মহূর্তের মধ্যে দূরীভুত হয়ে যায়। ধূ ধূ মরভূমির দেশে কঠিণ পাথরে পর্বতমালায় ঘেরা পাহাড়ী উপত্যকায় অবস্থিত এ যেন এক প্রস্রবন, যা নীরস শুস্ক কঠিণ হৃদয়ের মরুভুমিকে আবহমানকাল ধরে সিক্ত করে চলেছে।

কালো গিলাফে ঢাকা আল্লাহর ঘর যাকে কেন্দ্র করে পৃথিবীর সবকিছু ঘুরছে, যাকে ঘিরে মানুষের সামগ্রীক জীবন ব্যবস্থা আবর্তিত হয়। মানুষের ব্যক্তিগত জীবন থেকে শুরু করে তার পারিবারিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক জীবন ব্যবস্থা এ ঘরের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। হজ্ব মৌসুমসহ প্রায় সার

উল্লেখিত দু'টি আয়াতের অংশ বিশেষের প্রতি "এবং সমগ্র বিশ্ববাসীর জন্য হিদায়াতের কেন্দ্রে পরিণত করা হয়েছিল" সম্মানিত পাঠকদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাইতুল্লাহ নিছক শুধূ কোন ইবাদাত গৃহই নয় বরং বিশ্ববাসীর জন্য হিদায়াতের প্রাণ কেন্দ্র। অর্থাৎ মানুষের সামগ্রীক জীবন ব্যবস্থা এই ঘরের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি, আইন ও আদালত এই ঘরকে কেন্দ্র করে গড়ে উঠবে এটিই এই আয়াতের দাবী। যদি এই ঘরকে কেন্দ্র করে মানুষের সামগ্রীক জীবন ব্যবস্থাকে ঘরে তোলা হয় হয়, তবে এ আয়াতের আরো অঙ্গীকার হলো, মানুষের সামগ্রীক জীবন ব্যবস্থায় কল্যাণ ও বরকত নেমে আসবে এবং তাদের মধ্যে এমন শান্তি নেমে আসবে যে, তারা সর্বদা চিন্তা ও ভয় মুক্ত থাকবে এবং শারীরিক কি মানসিক, সামাজিক কি অর্থনৈতিক সকল অবস্থায় পূর্ণ নিরাপত্তা লাভ করবে।

এই নিয়ামাত তথা কল্যাণ ও বরকত প্রত্যক্ষভাবে অনুভব ও অবলোকন করার জন্য পৃথিবীর সামর্থবান লোকদেরকে যিয়ারতের উদ্দেশ্যে সেখানে ডেকে পাঠানো হয়। যার নাম হজ্জ। সম্মনিত সামর্থবান হজ্জযাত্রীগণ! একটি বিষয়ে আপনাদের মনোযোগ আকর্ষণ করছি, আমরা আমাদের নামাযসমূহে আল্লাহর এই ঘরকে কেবলা নির্ধারণ করি। কিন্তু নামাযের বাইরে আমাদের বিশাল জীবনের কেবলা কোন দিকে তা কি একটু খতিয়ে দেখবেন? বিশেষত: রাজনীতির কেবলা, অর্থনীতির কেবলা, আইন-আদালতের কেবলা ইত্যাদি কোন দিকে একটু ভালো ভাবে দেখবেন। সত্যিকার অর্থে এগুলোর কেবলা কা'বামুখী নয়। বরং এ গুলোর জন্য মানুষের মস্তিস্ক প্রসূত বিভিন্ন মতবাদকে কেবলা বানানো হয়েছে।

সম্মানিত মু'মিন-মুসলমান ভাই ও বন্ধুগণ! পবিত্র কা'বার প্রতি যদি সত্যিকারের ভালবাসা আপনার অন্তরে থেকে থাকে, তবে আপনার সামগ্রীক জীবন ব্যবস্থাকে পবিত্র কা'বার দিকে রুজু করুন। হযরত ইবরাহিম আ: তৎকালিন রাজনীতি, অর্থনীতি, সমাজ-নীতিসহ তাঁর সামগ্রীক জীবনকে আল্লাহর দিকে রুজু করেছিলেন। তিনি বলেছিলেন, ইন্নি ওয়াজজাহাতু ওয়াজহিয়া লিল্লাজি ফাতারাস সামাওয়াতি ওয়াল আরধা হানিফাও ওমা আনামিনাল মুশরিকিন। অর্থাৎ 'আমি সেই সত্তার প্রতি মুখ ফিরালাম যিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন। আমি মুশরিকদের অন্তর্ভূক্ত নই।"

আমরা নামাযের শুরুতে দিনে বেশ কয়েকবার এই কথাগুলো বলে থাকি। কিন্তু নামাযের বাইরে এসে কার আইন মানি, কার অর্থনীতি অনুসরণ করি, রাজ-নীতিতে কার পিছনে দৌড়াই? আপনি ঐ বক্তিকে কি বলবেন, যিনি কথা বলেন এক ধরণের, কিন্তু কাজ করে তার বিপরীত ধরণের'। ইবরাহিম আ: বলেছিলেন, 'আমি মুশরিকদের অন্তর্ভূক্ত নই' এর দ্বারা তিনি তাঁর পিতার ধর্মনীতি, সমাজনীতি ও রাজ-নীতি সকল প্রকার আচার-আচরণ থেকে মুখ ফিরিয়ে কেবলই আল্লাহমুখী হয়েছিলেন। শুধু যদি ধর্মনীতি থেকে মুখ ফিরিয়ে অন্যান্য নীতি যদি তাদের হাতে ছেড়ে দিতেন, তাহলে তাঁকে অগ্নীপরীক্ষার সম্মুখীন হতে হতো না, তবে তিনি মুশরিকদের অন্তর্ভূক্তই থেকে যেতেন। কিন্তু না, তিনি কোন কিছুতেই আল্লাহর শরীক মেনে নেননি। "কাজেই তুমি এই ঘরের রবের ইবাদাত করো।"(কুরাইশ:৩) ইবাদাত মানে গোলামী করা। আর গোলামী কখনো আংশিক হয় না। গোলামী এমনটি হবে না যে, আমি দৈনিক পাঁচবার আপনার গোলামী করবো, আর জীবনের বাকি অংশের গোলামী হবে অন্যের। এটি অন্য কিছু হতে পারে কিন্তু ইবাদাত বা গোলামী হবে না। গোলামী হবে সুনির্দিষ্ট আল্লাহর জন্য এবং তা হবে পরিপূর্ণভাবে ও জীবনের সামগ্রীক ব্যাপারে। ইন্নি ওয়াজ্জাহতু ওয়াজহিয়া লিল্লাজি... দ্বারা এই কথাই বুঝায়।

লেখক: ম্যানেজার, আইবিবিএল, জিন্দাবাজার শাখা, সিলেট।





বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি এবং বাংলাদেশের আন্তর্জাতিক অবস্থান



মোঃ শাহরিয়ার আলম

কোনও রাষ্ট্রের পররাষ্ট্রনীতি নির্ভর করে দেশটির নেতৃত্বের রাজনৈতিক দর্শন ও বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে তাদের সম্পর্কের ওপর ভিত্তি করে। আন্তর্জাতিক অঙ্গনে সফলতার জন্য শুধু শক্তিশালী পররাষ্ট্রনীতি প্রণয়ন করলেই হয় না, পররাষ্ট্রনীতির সফল বাস্তবায়নের জন্য থাকতে হয় শক্তিশালী নেতৃত্ব। নীতি ও নেতৃত্ব- এ দুইয়ের ওপরই নির্ভর করে কোনেও রাষ্ট্রের সাফল্য। বাংলাদেশের ক্ষেত্রেও আমরা এর কোনও ব্যতিক্রম দেখি না। বাংলাদেশের প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মানবিক সমাজের দর্শনে বিশ্বাস করতেন। তাই তিনি স্বাধীনতার পর বিশ্বব্যাপী সেই দর্শন ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নিলেন। বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল দর্শন নির্ধারণ করলেন- সবার সঙ্গে বন্ধুত্ব।

১৯৭২ সালের জানুয়ারী থেকে ১৯৭৫ সালের অগাস্ট পর্যন্ত মাত্র সাড়ে তিন বছর দেশ পরিচালনার সময় পেয়েছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এ অল্প সময়ের মধ্যেই বিশ্বের বুকে বাংলাদেশের স্বকীয় অস্তিত্ব জানান দেন তিনি। জাতিসংঘের মতো জায়গায় দাঁড়িয়ে বিশ্বের নিপীড়িত সব গোষ্ঠীর পক্ষের কণ্ঠস্বর হয়ে ওঠে বাংলাদেশ।

স্বাধীনতার পর, মাত্র সাড়ে তিন বছরের মধ্যে, বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে ৭০টির বেশি সহযোগিতামূলক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর করেন বঙ্গবন্ধুর সরকার। এ সময়েই বাংলাদেশ ১১৬টি দেশের স্বীকৃতি ও ২৭টি আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে। যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে গড়ে তোলার লক্ষ্যে সোভিয়েত ইউনিয়ন, সুইডেন, জার্মানী, যুক্তরাষ্ট্র, জাপান, পোল্যান্ড, যুক্তরাজ্য, কানাডা, ডেনমার্ক, অস্ট্রেলিয়া, ফ্রান্স, সংযুক্ত আরব আমিরাত, কাতার, বুলগেরিয়া, বেলজিয়াম, আলজেরিয়া, নেদারল্যান্ডস, জাতিসংঘ, ইউনিসেফ, ডাব্লিউএফপি, আইডিএ, ইউএনএইচসিআর থেকে কোটি কোটি ডলারের বিভিন্ন ধরনের ঋণ, সাহায্য ও অর্থনৈতিক সহযোগিতা নিয়ে আসতে সক্ষম হন বঙ্গবন্ধু। এমনকি বঙ্গবন্ধুর আহ্বানে প্রায় ৫০টির মতো রাষ্ট্র বা সরকারপ্রধানসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দের শতাধিক সফর অনুষ্ঠিত হয় বাংলাদেশে।


দেশ পুনর্গঠনের জন্য স্বাধীনতাপরবর্তী প্রতিটি দিনেই নতুন উদ্যমে অক্লান্ত পরিশ্রম করেছেন বঙ্গবন্ধু। তার মূল উদ্দেশ্য ছিল, বিশ্বের বুকে বাংলাদেশের একটি সম্মানজনক অবস্থান নিশ্চিত করা এবং এই দেশকে কল্যাণকামী রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করা। পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পাওয়ার পর প্রথম আন্তর্জাতিক বৈঠক থেকেই এই প্রচেষ্টা শুরু করেন তিনি।

১৯৭২ সালের ৮ জানুয়ারী, পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে লন্ডনে পৌঁছান বঙ্গবন্ধু। স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে তখন থেকেই তাঁর কূটনৈতিক তৎপরতা শুরু হয়। সেদিন সন্ধ্যায় তিনি বৈঠক করলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথের সঙ্গে। এছাড়াও সেখানে তিনি লেবার পার্টির নেতা হেরল্ড উইলসন, এমপি পিটার শোর, কমনওয়েলথের সেক্রেটারি জেনারেল আর্নল্ড স্মিথসহ অন্যান্য আরো অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করেন। আলোচনার মূল বিষয়বস্তুই ছিল- বাংলাদেশ গঠনে আন্তর্জাতিক সম্প্রদায়ের সর্বোচ্চ সহযোগিতার প্রসঙ্গ।

এরপর ১০ জানুয়ারী লন্ডন থেকে দিল্লি হয়ে দেশে ফিরলেন। পথিমধ্যে সাইপ্রাসে যাত্রা বিরতিকালে সাইপ্রাসের রাষ্ট্রপতি ম্যাকারিয়াস বঙ্গবন্ধুকে সংবর্ধনা জানান। দিল্লিতে বঙ্গবন্ধুকে উষ্ণ সংবর্ধনা দেওয়া হয়। সেদিনের সেই ঐতিহাসিক সংবর্ধনায় লাখো ভারতবাসীর সাথে উপস্থিত ছিলেন ভারতের রাষ্ট্রপতি ভি ভি গিরি, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীসহ মন্ত্রিপরিষদের সকল সদস্য। মুক্তিযুদ্ধে সার্বিক সহযোগিতার জন্য তিনি সকল ভারতবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সাথে ব্যক্তিগত বৈঠকে বাংলাদেশ থেকে মার্চের মধ্যে সব ভারতীয় সৈন্য প্রত্যাহারের সিদ্ধান্ত হয়। ফলে ১২ মার্চ ১৯৭২ তারিখেই সৈন্য প্রত্যাহার সমাপ্ত হয়।

দেশের মাটিতে পা রেখেই বঙ্গবন্ধু নতুন করে সোনার বাংলা গড়ে তোলার ঘোষণা দেন। পরের দিনই তিনি অস্থায়ী সাংবিধানিক অধ্যাদেশ জারির মাধ্যমে দীর্ঘ প্রতিশ্রুত সংসদীয় পদ্ধতির সরকারব্যবস্থা প্রবর্তন করেন। দ্রুততম সময়ের মধ্যে রচনা করেন নতুন সংবিধান। সেই সঙ্গে প্রণয়ন করা হয় বাংলাদেশের পররাষ্ট্রনীতি। বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির মূল কথা হলো বন্ধুত্বপূর্ণ সহাবস্থান: 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়। এ নীতির ভিত্তিতেই আজকের বাংলাদেশ বিশ্ব সমাজের সঙ্গে দৃঢ়তর সম্পর্ক গড়ে তুলতে সক্ষম হয়েছে।

বঙ্গবন্ধু কখনও শুধু নিজের দেশের মানুষের কল্যাণের কথাই ভাবেননি। তিনি হৃদয় দিয়ে অনুভব করতেন সারা বিশ্বের নিঃস্ব মানুষের দুঃখ-দুর্দশা। তিনি প্রায়ই বলতেন, 'বিশ্বটা দুভাগে বিভক্ত শোষক ও শোষিত। আমি শোষিতদের দলে।' মূলত বঙ্গবন্ধু ছিলেন এমন একজন বিশ্ব নেতা, যিনি সব সময়ই শোষিতদের পক্ষে কথা বলতেন। তাকে তুলনা করা হতো হিমালয়ের সঙ্গে। তিনি আফ্রিকায় বর্ণবাদের বিরুদ্ধে দাঁড়িয়েছেন; তিনি এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকায় বিদেশি শাসনের অবসান চেয়েছেন। তিনি যেমন ফিলিস্তিনীদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন, তেমনি



গণতান্ত্রিকভাবে নির্বাচিত সাইপ্রাস সরকারকে উৎখাতের নিন্দাও করেছেন।

প্রধানমন্ত্রী হিসেবে প্রথম বিদেশ সফরে ১৯৭২ সালের ৬ ফেব্রুয়ারী বঙ্গবন্ধু ভারতের কলকাতায় যান। এর পরে পয়লা মার্চ তিনি মুক্তিযুদ্ধের আরেক মিত্রদেশ সোভিয়েত ইউনিয়ন সফর করেন। জাতিসংঘের নিরাপত্তা পরিষদে স্বাধীন বাংলাদেশের বিরোধিতাকারী প্রস্তাবের বিপক্ষে 'ভেটো' ক্ষমতা প্রয়োগ করেছিল দেশটি। ক্রেমলিনে তিনি তৎকালীন সোভিয়েত কমিউনিস্ট পার্টির সেক্রেটারি জেনারেল লিওনিদ ব্রেজনেভ এবং প্রেসিডেন্ট নিকোলাই পদগর্নির সাথে বাংলাদেশের পুনর্গঠন নিয়ে আলোচনা করেন। তেসরা মার্চ স্বাক্ষরিত হয় বাংলাদেশ-সোভিয়েত অর্থনৈতিক চুক্তি। একই সাথে স্বাক্ষরিত হয় 'মুজিব-কোসিগিন' ঘোষণা। এই ঘোষণায় বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠন তৎপরতায় সোভিয়েত ইউনিয়নের সাহায্য-সহায়তার প্রতিশ্রুতির উল্লেখ করা হয়।

১৯৭২ (বঙ্গবন্ধুর ৫৩তম জন্মদিন উপলক্ষ্যে) ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বাংলাদেশ সফরে আসেন। ওই সফরে দুই দেশের মধ্যে ২৫ বছর মেয়াদের বন্ধুত্ব, সহযোগিতা এবং শান্তি বিষয়ক একটি চুক্তি স্বাক্ষরিত হয়। জানুয়ারী থেকে এপ্রিল, ১৯৭২ সালের এই চার মাসেই বঙ্গবন্ধুর কূটনৈতিক সাফল্যে বাংলাদেশের সাথে ভারত, সোভিয়েত, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক স্থাপন হয়। এছাড়া এ সময়ের মধ্যে বাংলাদেশে আরও ৫০টিরও অধিক রাষ্ট্রের স্বীকৃতি অর্জন করে। একই সাথে বাংলাদেশ কমনওয়েলথ, আন্তর্জাতিক উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ পেতে শুরু করে।

১৯৭২ সালে বাংলাদেশ আইএমএফ (১৭ মে), আইএলও (২২ মে) জুলিও কুরি শান্তি পুরস্কারের এ ঘোষণার মুলে ছিল তার সফল পররাষ্ট্রনীতি ও বিশ্বে শান্তির পক্ষে বলিষ্ঠ ভূমিকা পালন।

১৯৭৩ সালের ৯ ফেব্রুয়ারী জাতিসংঘের মহাসচিব ড. কুর্ট ওয়ার্ল্ডহেইম গণভবনে বঙ্গবন্ধুর সঙ্গে সাক্ষাৎ করেন। যুগোস্লাভিয়ার প্রধানমন্ত্রী বাংলাদেশ সফরে আসেন ২৫ মার্চ। বঙ্গবন্ধু ২৬-৩১ জুলাই প্রেসিডেন্ট জোসিপ ব্রোজ টিটোর আমন্ত্রণে যুগোশ্লাভিয়া সফর করেন। সফরকালে প্রেসিডেন্ট টিটো ন্যাম ও জাতিসংঘে বাংলাদেশের সদস্য পদ লাভের ব্যাপারে পূর্ণ সমর্থন জানান।

অগাস্টে বঙ্গবন্ধু কানাডায় অনুষ্ঠিত কমনওয়েলথ সরকারপ্রধানদের সম্মেলনে যোগ দেন। সেপ্টেম্বর তিনি আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে অনুষ্ঠিত চতুর্থ ন্যাম শীর্ষ সম্মেলনে যোগ দেন। ওই সময় তিনি ফিদেল কাস্ত্রো, বাদশাহ ফয়সাল, প্রেসিডেন্ট টিটো, প্রেসিডেন্ট আনোয়ার সাদাত, প্রেসিডেন্ট ইদি আমিন, প্রেসিডেন্ট গাদ্দাফি, প্রধানমন্ত্রী তাকেদ্দিন স্ত্রথ, প্রেসিডেন্ট জুল্যাস নায়ারে প্রমুখ ব্যক্তির সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হন।

বঙ্গবন্ধু সাত দিনের এক সফরে ১৮ অক্টোবর টোকিও গমন করেন। এ সফরকালে তিনি 'যমুনা সেতু' নির্মাণে জাপানের সহযোগিতার প্রতিশ্রুতি আদায় করেছিলেন। সেই সেতু আজকে 'বঙ্গবন্ধু বহুমুখী সেতু' নামে বাংলাদেশের অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিরাট ভূমিকা রেখে চলেছে। এ বছর তিনি স্বল্প সময়ের জন্য মালয়েশিয়া সফরেও গিয়েছিলেন।

১৯৭৩ সালের ২৪ জানুয়ারী বঙ্গবন্ধু ভিয়েতনামের শান্তিচুক্তিকে অভিনন্দন জানান। সেই বছর বাংলাদেশ এডিবি (১৮ ফেব্রুয়ারী), আইসিএও (২৮ ফেব্রুয়ারী), আটিইউ (৮ সেপ্টেম্বর) এবং ফাও (১২ নভেম্বর)-এর সদস্য পদ লাভ করে। ২১ জুলাই বাংলাদেশ সরদার মোহাম্মদ দাউদ খানের নেতৃত্বে আফগানিস্তানের নতুন সরকারকে স্বীকৃতি দেয়। জুলাই মাসে বাংলাদেশ ভিয়েতনামের অস্থায়ী বিপ্লবী সরকারকেও স্বীকৃতি দেয়। বঙ্গবন্ধু ৬ অক্টোবর মধ্যপ্রাচ্যে ইসরায়েলের আগ্রাসনের তীব্র নিন্দা জানান। তিনি মিসর ও সিরিয়ায় এক লাখ পাউন্ড চা প্রেরণের নির্দেশ দেন। এবং আরব-ইসরায়েল যুদ্ধে আহতদের চিকিৎসাসেবা দেওয়ার জন্য বঙ্গবন্ধু মিসর ও সিরিয়ায় চিকিৎসকদল পাঠান।

১৯৭৪ সালের শুরুতেই চার দিনের এক সফরে বাংলাদেশে আসেন নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী নরম্যান এরিক কার্ক। যুগোস্লাভিয়ার প্রেসিডেন্ট জোসিপ ব্রোজ টিটো ২৯ জানুয়ারী থেকে ২ ফেব্রুয়ারী বাংলাদেশ সফর করেন।

ফেব্রুয়ারীতে সফরে আসেন ওআইসি মহাসচিব। ২২ ফেব্রুয়ারী পাকিস্থান কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতি দেওয়ার পর, বঙ্গবন্ধু ইসলামিক সম্মেলনে যোগ দেওয়ার জন্য পাকিস্তান গমন করেন। সেসময় বঙ্গবন্ধু যখন লাহোর বিমানবন্দরে অবতরণ করেন, তখন রাস্তার দু-পাশে দাঁড়িয়ে পাকিস্তানের জনগণ শ্লোগান তুলেছে- 'জিয়ে মুজিব, জিয়ে মুজিব'।

মিসরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত ২৫ ফেব্রুয়ারী বাংলাদেশ সফরে আসেন। মার্চ মাসে বাংলাদেশে এক সংক্ষিপ্ত যাত্রাবিরতিকালে আলজেরিয়ার প্রেসিডেন্ট হুয়ারি বুমেদিন বঙ্গবন্ধুর সঙ্গে সাক্ষাৎ করেন। এপ্রিলের শেষ সপ্তাহে বাংলাদেশ সফরে আসেন মিয়ানমারের প্রেসিডেন্ট ইউ নে উইন।

১২ মে পাঁচ দিনের সফরে বঙ্গবন্ধু ভারত যান। এ সফরে দুই দেশের মধ্যে সীমানা চিহ্নিতকরণ চুক্তি স্বাক্ষর হয়। এরপর সেনেগালের প্রেসিডেন্ট লিওপোল্ড সেংঘর বাংলাদেশ সফর করেন। ভারতের রাষ্ট্রপতি ভি ভি গিরি ১৫ জুন পাঁচ দিনের সফরে ঢাকা আসেন। এ মাসেই বাংলাদেশ সফর করেন পাকিস্ড্রানের প্রধানমন্ত্রী। সেপ্টেম্বরে দক্ষিণ ভিয়েতনামের প্রেসিডেন্ট নগুয়েন হু থু ঢাকায় এক সংক্ষিপ্ত যাত্রাবিরতি করেন।

১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদ সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে ১৩৬তম সদস্য হিসেবে গ্রহণ করে। ২৫ সেপ্টেম্বর বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রায় পৌনে এক ঘণ্টা বাংলায় ভাষণ দেন। ২২ অক্টোবর জাতিসংঘ নিরাপত্তা পরিষদে প্রথম অংশগ্রহণ করেই বাংলাদেশ জাতিসংঘ থেকে দক্ষিণ আফ্রিকাকে বহিষ্কারের দাবি জানায়। ১৯ ডিসেম্বর সাধারণ পরিষদ বাংলাদেশকে নামিবিয়া বিষয়ক কমিশনে মনোনয়ন দেয়।

১৯ জুলাই বাংলাদেশ গণতান্ত্রিকভাবে নির্বাচিত আর্চবিশপ মাকারিয়েসের নেতৃত্বাধীন সাইপ্রাস সরকারকে উৎখাতের ঘটনার তীব্র নিন্দা জানায়। অগাস্ট মাসে বাংলাদেশ ইসলামী ব্যাংকের প্রতিষ্ঠাতা সদস্য হয়। ১ অক্টোবর বঙ্গবন্ধু হোয়াইট হাউসে প্রেসিডেন্ট জেরাল্ড ফোর্ডের সঙ্গে সাক্ষাৎ করেন। এ মাসেই তিনি ইরাক সফরে যান। এর পরে আমেরিকান পররাষ্ট্রমন্ত্রী কিসিঞ্জার ঢাকা সফরে আসেন। বঙ্গবন্ধু ৫ নভেম্বর মিসর ও ১০ নভেম্বর কুয়েত সফরে যান। একই মাসে পূর্ব জার্মানীর প্রধানমন্ত্রী ঢাকায় আসেন। ৩ ডিসেম্বর মালয়েশিয়ার রাজা ঢাকা সফরে আসেন। ১৮ ডিসেম্বর বঙ্গবন্ধু সংযুক্ত আরব আমিরাত সফরে যান। ডিসেম্বর মাসে ঢাকা সফরে আসেন ভুটানের রাজা এবং এফএও-এর মহাপরিচালক।

১৯৭৫ সালের ১৯ জানুয়ারী অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ঢাকা সফরে আসেন। ২০ ফেব্রুয়ারী ঢাকা সফরে আসেন জাপানের যুবরাজ আকিহিতো। একই মাসে নেপালের রাজার অভিষেক অনুষ্ঠানে বাংলাদেশ প্রতিনিধিদল নেপাল যায়। মার্চে ঢাকায় আসেন এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর প্রেসিডেন্ট। দুই দিনের সফরে ১৪ মার্চ ঢাকায় আসেন আফগানিস্তানের প্রেসিডেন্ট মোহাম্মদ দাউদ। ওই মাসে সিডার প্রেসিডেন্টও ঢাকা সফর করেন। ২৭ এপ্রিল কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে অংশ নেওয়ার জন্য বঙ্গবন্ধু জ্যামাইকা যান।

সব প্রতিবন্ধকতা মোকাবিলা করে বঙ্গবন্ধু যখন দেশকে ঢেলে সাজানোর উদ্যোগ নিলেন, ঠিক এমনই একটা সময় নেমে এলো ভয়ানক আঁধার। ১৫ অগাস্ট, ১৯৭৫। ইতিহাসের অন্ধকারাচ্ছন্ন কালো রাত। বর্বর দেশাদ্রোহীদের হামলায় সপরিবারের প্রাণ হারালেন জাতির পিতা। অশ্রুসিক্ত হলো একটি জাতি, এতিম হলো এই অভাগা দেশ, হতবাক হলো গোটা বিশ্ব। এরপরের সময়গুলোয় বিচারহীনতার সংস্কৃতি ও উগ্রবাদের গ্রাসে বিধ্বস্ত হয় সোনার বাংলাদেশ। দীর্ঘ ২১ বছরের একটি অন্ধকার যুগ পেরিয়ে, ১৯৯৬ সালে আবারো বাংলাদেশের হাল ধরলেন জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি এলেন বঙ্গবন্ধুর শান্তি ও সমৃদ্ধির আলোকবর্তিকা হাতে নিয়ে। সম্বিত ফিরে পেল জনগণ। রচিত হলো অর্থনৈতিক উন্নতি ও সমৃদ্ধির আরেক মহাকাব্য। সেই ধারাবাহিকতাতেই আজ বঙ্গবন্ধুকন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মধ্যম আয়ের দেশে উত্তীর্ণ হয়েছে বাংলাদেশ। উন্নয়নশীল দেশের গন্ডি পেরিয়ে উন্নত দেশের তালিকায় নাম লেখানোর জন্য উন্নয়নের অগ্রযাত্রায় ধাবিত হয়েছে আমাদের প্রাণের দেশ।

লেখক: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

ওয়াশিংটন ফোবানা সম্মেলন নিয়ে

(শেষের পাতার পর)

ধৈর্য্য ধারণ করার এবং আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যার সমাধানের জন্য উদাত্ত আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, এই ক্ষেত্রে মনে রাখতে হবে যে, ঐক্যের কোন বিকল্প নেই। আরেকটি কথা স্মরণযোগ্য যে, নাসাউ কলিজিয়ামের সম্মেলন থেকে একটি অংশ আমাদের সাথে একাত্মতা ঘোষণা করেছে সত্য, তবে এর বাইরে আরও অনেকেই রয়েছে যাদেরকে আমরা অদূর ভবিষ্যতে পাওয়ার আশা করি এবং তারাও আমাদের ঐক্যে প্রক্রিয়ায় সামিল থাকবে বলেই বিশ্বাস করি।

বিবৃতিতে তিনি বলেন, আমাদের পরবর্তী সম্মেলন ফোবানার সাবেক চেয়ারম্যান এজাজআকতার তৌফিকের তত্ত্বাবধান ও তার সংগঠনের নেতৃত্বে আগামী ২০২২ সনে কানাডার মন্ট্রিয়লে অনুষ্ঠিত হবে। সব ভাগ-বিভক্তি ও বিভাজনের উর্ধ্বে উঠে সকল দ্বন্দ্বের অবসানে সংশ্লিষ্ট সকলেই আমরা সার্বিক ঐক্য গড়ে তোলার জন্য সচেষ্ট থাকবো এবং সত্যিকার অর্থেই 'মন্ট্রিয়ল সম্মেলন' হবে সার্বিক অর্থেই ঐক্যবদ্ধ ও ঐতিহাসিক ফোবানা সম্মেলন এই আশা পোষণ করি। সুতরাং ওয়াশিংটন সম্মেলনকে কেন্দ্র করে সৃষ্ট জটিলতা নিরসনে আমাদের ফোবানা ষ্টীয়ারিং কমিটির চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান ও সংশ্লিস্ট নেতৃত্ব দূরদৃষ্টি ও বিচক্ষণতার পরিচয় দেবে এটাই আশা করি।

ভাঙ্গা সহজ কিন্তু গড়া কঠিন। বিভেদ নয়, ঐক্য চাই এবং চাই ফোবানার সার্বিক ঐক্য। মনে রাখতে হবে আমাদের সকলের দায়বদ্ধতা আমাদের কমিউনিটির কাছে। ঐক্যের ব্যাপারে আমি আমার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছি এবং আগামীতেও অব্যাহত থাকবে। সার্বিক ঐক্যের প্রয়োজনে আমার যাবতীয় সাহায্য ও সযোগিতা থাকবে।

আমাদের সকলের শুভ বুদ্ধির জয় হোক।

ইসি'র ২২ দফা ইশতেহার ঘোষণা

(শেষের পাতার পর)

নিয়ম-কানুন। এদিকে এবারের নির্বাচনে 'মিসবাহ-অপু' এবং 'মান্নান-মাহবুব' দুই প্যানেল প্রতিদ্বন্দ্বিতায় অংশ নিচ্ছেন বলে জানা গেছে। পুরো প্রস্তুতি নেয়া হয়েছে প্যানেল দুটি থেকে। ঘোষণার অপেক্ষায় প্যানেল দুটির নির্বাচন পরিচালনা কমিটি। আজ সোমবার সন্ধ্যায় ওজনপার্কের আল মদিনায় আয়োজিত 'মিসবাহ-অপু' প্যানেলে এক সভায় তাদের নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হবে বলে জানা গেছে।

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল মোতাবেক মনোনয়নপত্র সংগ্রহের তারিখ ৫ সেপ্টেম্বর রোববার বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৮টা, মনোনয়নপত্র দাখিল ও বাছাই ১২ সেপ্টেম্বর রোববার বিকেল ৫টা থেকে সন্ধ্যা সাড়ে ৮টা এবং মনোনয়নপত্র প্রত্যাহার ১৯ সেপ্টেম্বর রোববার বেলা ১২টা থেকে সন্ধ্যা ৮টা। এসব কর্মকান্ড ওজনপার্কস্থ ডিরেক্ট হেলথ সোর্স হোম কেয়ার সার্ভিসে (৭৭-০৮ ১০১ এভিনিউ) থেকে পরিচালিত হবে। ইসি ঘোষিত নির্বচনী ইশতেহারে ২২ দফা বিধি-নিষেধ জারি করা হয়েছে।

উল্লেখ্য, সমিতির সাবেক সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রাজ্জাকের (প্রধান নির্বাচন কমিশনার) নেতৃত্বে ৫ সদস্যের নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা করছেন। কমিশনের অপর সদস্যরা হলেন যথাক্রমে হিফজুর এম রহমান, জালাল উদ্দিন আহমদ, কামাল চৌধুরী ও মোহাম্মদ হেলাল উদ্দিন। এদিকে বিয়ানীবাজার সমিতির নির্বাচন ঘিরে প্রবাসীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে। বিশেষ করে অচিরেই সমিতি ভবন ঋণমুক্ত হয়ে নিজস্ব ভবনে পরিণত হতে যাচ্ছে। ফলে সমিতি ভবন ঘিরে সংগঠনের কার্যক্রম আরো চাঙ্গা হবে বিধায় নতুন নেতৃত্বের প্রতি অনেকেই আগ্রহী হয়ে উঠেছেন। ইতিমধ্যেই সমিতির সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ আহমেদ ও বর্তমান সাংগঠনিক সম্পাদক রেজাউল আলম অপু'র নেতৃত্বে 'মিসবাহ-অপু' প্যানেল এবং সাবেক উপদেষ্টা মোহাম্মদ আব্দুল মান্নান ও সদস্য নাজমুল হক মাহবুবের নেতৃত্বে 'মান্নান-মাহবুব' প্যানেল প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দিয়েছে। প্যানেল দুটির পক্ষ থেকে গেলো সপ্তাহে ওজোনপার্কে পৃথক পৃথকভাবে প্রস্তুতি সভাও হয়েছে।

একতা বিশ্বাস বিসমিল্লাহির রাহমানির রাহীম শৃঙ্খলা সেবা

বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ, ইন্‌ক

BANGLADESH BEANIBAZAR SOCIAL & CULTURAL SOCIETY USA, INC

নির্বাচন ২০২১ ইং
নির্বাচনী বর্ষঃ ২০২২-২০২৩ ইং

নির্বাচনী ইশতেহার

১) গত ১৭ জুলাই নির্বাচন কমিশন, কার্যকরী পরিষদের সভাপতি, সাধারণ সম্পাদক এবং উপদেষ্ঠা পরিষদের যৌথ সভায় মনোনয়ন ফি এবং নির্বাচন বিধিমালা সম্বলিত মনোনয়ন প্যাকেজ ফি নির্ধারণ করা হয়েছে। এই নির্ধারিত ফি সমূহ বলবৎ থাকিবে।

২) বিয়ানীবাজার সমিতির সাধারণ নির্বাচনে অংশগ্রহনে ইচ্ছুক প্রার্থীদের নির্বাচন কমিশনের নিকট হইতে নির্ধারিত নগদ ফি (অফেরৎযোগ্য) জমা দিয়ে ভোটার তালিকা, মনোনয়নপত্রসহ যাবতীয় বিধিমালা সম্বলিত প্যাকেজ সংগ্রহ করিতে হইবে।

৩) নির্বাচন কমিশন কতৃক ইস্যুকৃত সীলমোহরযুক্ত মনোনয়নপত্র দ্বারা নির্ধারিত নগদ ফি (অফেরৎযোগ্য) জমা দিয়ে আবেদন করিতে হইবে।

৪) প্রত্যেক প্রার্থী নিজে অথবা প্রতিনিধি মারফত ২ কপি পাসপোর্ট সাইজ ছবি ও মনোনয়নপত্র সুস্পষ্টভাবে ভোটার তালিকার নাম অনুসারে পূরণ করিয়া জমা করিতে হইবে। জমা করার সময় প্রার্থীকে আসল (Original) আইডি নির্বাচন কমিশনকে প্রদর্শন করিতে হইবে, কিন্তু প্রার্থীতা প্রত্যাহার করার সময় প্রার্থী অবশ্যই স্বশরীরে উপস্থিত থাকিয়া প্রত্যাহার করিতে হইবে। প্রস্তাবকারী ও সমর্থনকারী অবশ্যই বিয়ানীবাজার সমিতির বৈধ সদস্য/সদস্যা হইতে হইবে। প্রার্থী, প্রার্থীর প্রস্তাবক ও সমর্থককে নিজ নিজ হাতে মনোনয়নপত্রে দস্তখত করিতে হইবে।

৫) কোন প্রার্থী একই পদে একের অধিক মনোনয়নপত্র দাখিল করিলে উভয় মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৬) নির্বাচনে যে কোন সদস্য/সদস্যা একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন, তবে একাধিক পদে প্রতিদ্বন্দিতা করিতে পারিবেন না। নির্ধারিত সময়ের মধ্যে অতিরিক্ত মনোনয়নপত্র প্রত্যাহার না করিলে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৭) বর্তমান কার্যকরী পরিষদ কতৃক প্রদত্ত হালনাগাদ ভোটার তালিকা অনুযায়ী ভোটগ্রহন করা হইবে। ভোটার তালিকার ব্যাপারে নির্বাচন কমিশনের কাছে কোন ধরনের আপত্তি করা যাইবেনা।

৮) ভোটিং মেশিন অথবা প্রতীকবিহীন ব্যালটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে। ভোটিং মেশিনে ভোটগ্রহনে অসুবিধা দেখা দিলে সাথে সাথে নির্বাচন কমিশনকে অবহিত করিবেন। ভোটপ্রদান শেষে কোন ধরনের অভিযোগ গ্রহনযোগ্য হইবে না।

৯) প্রত্যেক প্যানেল ১৫ জন করে প্রতিনিধি (এজেন্ট) নিয়োগ করিতে পারিবেন। তবে স্বতন্ত্র প্রার্থী ২ জনের বেশি প্রতিনিধি (এজেন্ট) নিয়োগ করিতে পারিবেন না। ২৬শে সেপ্টেম্বর রবিবার ২০২১ ইং তারিখ বিকাল ৫ ঘটিকা হইতে ৭ ঘটিকার মধ্যে Direct Health Source Home Care Service 77-08-101 Ave Ozone park NY 11416 তে প্রতিনিধিদের দুই কপি পাসপোর্ট সাইজ ছবিসহ প্রার্থীর স্বাক্ষরিত নিয়োগপত্র নির্বাচন কমিশনের নিকট জমা করিতে হইবে।

১০) ভোট প্রদানকালে কোন অবস্থাতেই ফটো আইডি যেমন (১) ড্রাইভার লাইসেন্স/ স্টেট আইডি (২) বাংলাদেশী অথবা আমেরিকান পাসপোর্ট (৩) গ্রীনকার্ড/ওয়ার্ক অথরাইজেশন ছাড়া কেহই ভোট প্রদান করিতে পারিবেন না। ভোটার তালিকায় নাম থাকিলেও কোন ভোটারের ফটো আইডিতে ১৮ বছরের কম বয়স থাকিলে তিনি ভোট প্রদান করিতে পারিবেন না। ভোটার তালিকায় অবশ্যই জন্মসাল লিপিবদ্ধ থাকিবে। তবে প্রকাশ থাকে যে ৩১শে ডিসেম্বর ২০০০ সালের পূর্বে যাহারা আজীবন সদস্যপদ গ্রহন করিয়াছেন শুধু তাহাদের বেলায় ভোটার তালিকায় জন্মসাল না থাকিলেও তাহারা ভোট দিতে পারিবেন।

১১) ভোটদানে অক্ষম বা নিরক্ষর ব্যক্তির ক্ষেত্রে সাহায্য করার জন্য উক্ত ভোটারদের পিতা, মাতা, স্বামী-স্ত্রী, ছেলে মেয়ে ও ভাইবোনের মধ্যে যে কোন একজনকে মনোনীত করিতে পারিবেন। মনোনীত ব্যক্তি তার নিজের ভোট ও যাকে সাহায্য করিবেন এই দুই ভোট ব্যতীত আর কাউকে সাহায্য করিতে পারিবেন না।

১২) কার্যকরী পরিষদের কোন সদস্য/সদস্যা নির্বাচনে অংশগ্রহন কিংবা অন্য কোন প্রার্থীকে সমর্থন করিতে হইলে সেই সদস্য/সদস্যাকে নির্বাচনী তফসিল ঘোষনার দিন হইতে নিজ দায়িত্ব থেকে লিখিতভাবে কার্যকরী পরিষদ হইতে সাময়িকভাবে অব্যাহতি নিতে হইবে এবং অব্যাহতির অনুলিপি নির্বাচন কমিশনে জমা করিতে হইবে। নির্বাচনী ফলাফল চূড়ান্তভাবে ঘোষণা না করা পর্যন্ত তিনি কার্যকরী পরিষদের সদস্যপদে পূনর্বহাল হইতে পারিবেন না।

১৩) টেন্ডার ভোট ঃ যদি একজন ভোটার অন্য আরেকজনের ভোট প্রদান করিয়া চলিয়া যান এবং পরে মূল ভোটার আসিয়া তাহার ভোট অনুসন্ধান করেন তখন ওই ব্যক্তির কাগজপত্র যাচাই করিয়া সঠিক হইলে তাহাকে ভোট দেওয়ার অনুমতি প্রদান করা হইবে, তখন তাহার ঐ ভোট টেন্ডার ভোট হিসেবে গণ্য করা হইবে। প্রতিদ্বন্দী দুই বা ততোধিক প্রার্থীর প্রাপ্ত ভোট সংখ্যা সমান হইলে সেক্ষেত্রে টেন্ডার ভোট দ্বারা ফলাফল নির্ধারণ করা হবে এবং তারপরও যদি সমান হয় তাহলে লটারির মাধ্যমে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হবে।

১৪) যদি এক বা একাধিক পদে মনোনয়নপত্র জমা না হয় তবে এক্ষেত্রে নির্বাচন কমিশন বিজ্ঞপ্তির মাধ্যমে পুনঃ প্রার্থী মনোনয়নের জন্য আবেদন আহ্বান করবেন।

১৫) যদি দুই প্যানেলের মনোনয়নপত্র জমা পড়ে এবং উভয় সভাপতিদ্বয়ের নামের প্রথম অক্ষর সমান হয় তবে ক্রমান্বয়ে পরের অক্ষর দ্বারা ভোটার মেশিনে কোন প্যানেল আগে অথবা পরে যাবে তাহা নির্ধারণ করা হইবে।

১৬) যে কোন পরিস্থিতিতে নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

১৭) নির্বাচনের দিন ভোটপ্রদান কক্ষে একমাত্র ভোট প্রদানকারী ব্যক্তি ছাড়া অন্যকেহ প্রবেশ করিতে পারিবেন না।

১৮) চাঁদা পরিশোধের পরও কোন সদস্যের নাম যদি ভোটার তালিকায় ভুলবশত অন্তর্ভূক্ত না হয় তবে রশিদ প্রদর্শন পূর্বক ঐ ব্যক্তি ভোট প্রদান করিতে পারিবেন, তবে মূল রশিদ বইয়ের সাথে চাঁদা পরিশোধের তারিখের সামঞ্জস্য থাকিতে হইবে। যদি না থাকে তবে ওই ব্যক্তির ভোট বৈধ হিসেবে গ্রহন করা যাইবেনা।

১৯) নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে কাহারো কোন অভিযোগ থাকিলে নির্বাচনী ফলাফল ঘোষনার ২৪ ঘন্টার মধ্যে অভিযোগের পক্ষে উপযুক্ত প্রমানাদী সহ নির্বাচন কমিশনের নিকট আবেদন করিতে হইবে। অভিযোগ প্রাপ্তির পর নির্বাচন কমিশন, কার্যকরী পরিষদের নির্বাচন চলাকালীন সময়ে দায়িত্বপ্রাপ্ত সভাপতি, সাধারণ সম্পাদক ও উপদেষ্টা পরিষদ জরুরি সভায় মিলিত হইয়া তিন পরিষদের মোট উপস্থিত সদস্যের দুই-তৃতীয়াংশের মতামতের ভিত্তিতে নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহন করিবেন এবং এই সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে। তিন পরিষদের সিদ্ধান্তের বিপরীতে কোন প্রার্থী সমিতির স্বার্থে আদালতের আশ্রয় নিতে পারিবেন না।

২০) নির্বাচন কেন্দ্রের ২০০ শত গজের মধ্যে কোন প্রকার প্রচার, পোস্টার লাগানো বা লিফলেট বিতরণ করা যাইবেনা। নির্বাচন কেন্দ্রে কোন প্রার্থীর বা সমর্থকদের কোন প্রকার মাইক, রেডিও অথবা শব্দ উৎপাদনকারী যন্ত্র ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। নির্বাচন কেন্দ্রের চারিদিকের ফুটপাথকেও নির্বাচন কেন্দ্র হিসেবে গণ্য করা হইবে।

২১) নির্বাচন কেন্দ্রে কোন প্রার্থী বা প্রার্থীর সমর্থকরা কোন প্রকার বিশৃঙ্খলা সৃষ্টি করিলে সুষ্ঠ নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার আশ্রয় নিতে বাধ্য হইবে।

২২) করোনাকালীন সব ধরনের বিধিনিষেধ মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট প্রদান করিতে হইবে।

সম্মানিত বিয়ানীবাজার বাসী,

সুষ্ঠ ও সুন্দর নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনকের আসন্ন সাধারণ নির্বাচনকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য সকল বিয়ানীবাজার বাসীর সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা কামনা করছি।

বিয়ানীবাজার উপজেলার যে সকল ব্যক্তিবর্গ দেশ ও প্রবাসে কভিড-১৯ এ শাহাদৎ বরণ করেছেন নির্বাচন কমিশন তাদের আত্মার মাগফেরাত কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

বিঃ দ্রঃ

*** কোন ভোটারের ভোটার তালিকা লিপিবদ্ধ জন্মসালের সাথে আইডি কার্ডের জন্ম সালের ব্যক্তিক্রম হইলে নির্বাচন কমিশন উক্ত ভোটারের ভোট গ্রহন করিতে পারিবেন না। প্রকাশ থাকে যে, ৩১শে ডিসেম্বর ২০০০ সালের পূর্বে যাঁহারা আজীবন সদস্যপদ গ্রহণ করিয়াছেন, শুধু তাঁহাদের বেলায় জন্ম সাল না থাকিলেও তাঁহারা ভোট প্রদান করিতে পারিবেন।

নির্বাচনের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র সংগ্রহের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র দাখিল ও বাছাইয়ের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান
রবিবার **১০ই অক্টোবর, ২০২১ইং**	*রবিবার* **৫ই সেপ্টেম্বর ২০২১ইং**	*রবিবার* **১২ই সেপ্টেম্বর ২০২১ইং**	*রবিবার* **১৯শে সেপ্টেম্বর ২০২১ইং**
সময়: সকাল ৯ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ পরবর্তীতে জানানো হবে	সময়: বিকেল ৫ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416	সময়: বিকেল ৫ ঘটিকা হইতে রাত ৮:৩০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন পত্র বাছাইঃ ঐদিন সন্ধ্যা ৯ ঘটিকা হইতে রাত ১০ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416	সময়: দুপুর ১২ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416

শুভ কামনায়

হিফজুর এম রহমান
নির্বাচন কমিশনার
৩৪৭-২৮৫-৬২১৬

জালাল উদ্দিন আহমদ
নির্বাচন কমিশনার
৩৪৭-৭৪১-৯১৪১

বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রাজ্জাক
প্রধান নির্বাচন কমিশনার
৩৪৭-২০৪-০৩৬৯

কামাল চৌধুরী
নির্বাচন কমিশনার
৩৪৭-৪৮৪-৯২২৩

মোহাম্মদ হেলাল উদ্দিন
নির্বাচন কমিশনার
৩৪৭-৬৭৯-২১৭৪

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁময জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎনু, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249



বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি আব্দুল জব্বারের ২৯তম মৃত্যুবার্ষিকী পালন

কুলাউড়াঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্নেহধন্য, সাবেক সংসদ সদস্য, বাংলাদেশ কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মরহুম আব্দুল জব্বারের ২৯তম
মৃত্যুবার্ষিকী উপলক্ষে কুলাউড়া উপজেলা আওয়ামী লীগ আয়োজিত আলোচনা, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্টানে সভাপতিত্ব করেন কুলাউড়া উপজেলা আওয়ামীলীগের সম্মানিত সভাপতি, জনাব, রফিকুল ইসলাম রেনু, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার মোহাম্মদ আবু জাফর রাজু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুলাউড়া উপজেলার আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আসম কামাংল ইসলামসহ কুলাউড়া উপজেলা আওয়ামীলীগ এর অঙ্গ সহযোগী সংগঠনের নেতা কর্মী।

বিশ্বের সামনে যুক্তরাষ্ট্রের দুর্বল ও অসহায় চেহারা

(প্রথম পাতার পর)

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার দাবি, তিনি প্রেসিডেন্ট থাকলে এমন ঘটনা ঘটতো না। পাশাপাশি ট্রাম্প তার রাজনৈতিক প্রতিপক্ষ প্রেসিডেন্ট জো বাইডেনের দুর্বল নেতৃত্বের কঠোর সমালোচনা করেছেন।

মার্কিন সংবাদমাধ্যম ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প আরও বলেন, এটা খুবই কষ্টের... যুক্তরাষ্ট্রের জন্য সবচেয়ে বিব্রতকর ঘটনা। সারা বিশ্বে আমরা বোকা প্রমাণিত হয়েছি। বিশ্বের সামনে যুক্তরাষ্ট্রের দুর্বল ও অসহায় চেহারা ফুটে উঠেছে। এমন ব্যক্তিরা আমাদের শাসন করছে যারা জানে না তারা কী সিদ্ধান্ত নিচ্ছে।

ট্রাম্প বলেন, তালেবান ক্ষমতা দখলের পর আমরা পালিয়ে আসছি। যুক্তরাষ্ট্রের ও মার্কিন যোদ্ধাদের ভাবমূর্তি নষ্ট হয়েছে। তাদের একজন শীর্ষস্থানীয় নেতৃত্ব প্রয়োজন, যা এখন নেই। এমন একজন মানুষ আমাদের নেতৃত্ব দিচ্ছেন, যিনি জানেন না তার কী করা উচিত। আমার সময়ে তালেবান নিয়ন্ত্রণে ছিলো। তখন দুই পক্ষের মধ্যে যে চুক্তি হয়েছিল তাতে যুক্তরাষ্ট্রের অনুমতি ছাড়া তালেবান ক্ষমতা দখলের জন্য অগ্রসর হতো না। মার্কিন সেনাদের হত্যা করত না। ট্রাম্পের দাবি, ২০২০ সালে চুক্তি হওয়ার পর ১৮ মাসে কোনো মার্কিন সেনাকে তালেবান হত্যা করেনি।

মেট্রোরেল যুগে বাংলাদেশ,

(প্রথম পাতার পর)

মেট্রোরেল। গতকাল বেলা ১১টা ৫৩ মিনিটে উত্তরার দিয়াবাড়ি ডিপোর কোচ আনলোডিং এলাকায় সবুজ পতাকা নাড়িয়ে মেট্রোরেলের পরীক্ষামূলক যাত্রার আনুষ্ঠানিক উদ্বোধন করেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

এসময় ট্রেনটি ডিপো থেকে ২৫ কিলোমিটার বেগে যাত্রা শুরু করে উত্তরা উত্তর, উত্তরা সেন্ট্রাল, উত্তরা সাউথ হয়ে পল্লবী স্টেশনে পৌঁছায়। পরে সেখান থেকে ট্রেনটি ডিপোতে ফিরে আসে। এদিকে মেট্রোরেলের চলাচল দেখতে স্টেশন এলাকায় ভিড় করেছিলেন উৎসুক জনতা। আশপাশে থাকা বিভিন্ন বাসাবাড়ির ছাদে উঠে মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল দেখছেন অনেকে। সরজমিন দেখা যায়, সকাল সাড়ে ১১টার দিকে মেট্রোরেলের ডিপোতে উপস্থিত হন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

পরে ঢাকা ম্যাস র‍্যাপিড কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এন এম সিদ্দিক, বাংলাদেশে নিযুক্ত জাপান দূতাবাসের প্রতিনিধি, জাইকা'র বাংলাদেশ অফিস প্রধান ও মেট্রোরেলের পরামর্শকদেরকে সঙ্গে নিয়ে মেট্রোরেলের অভ্যন্তরে পরিদর্শন করেন তিনি। সেখানে কয়েক মিনিট অবস্থান করে রেল থেকে নেমে যান। পরে ডিপো থেকে র‍্যাম্প-এর শুরু পর্যন্ত মেট্রোরেল নিয়ে আসার জন্য অপারেটরকে দূরনিয়ন্ত্রণ পদ্ধতিতে কমান্ড করেন তিনি। এতে ট্রেনটি ডায়াভাক্টের উপরে উঠে মন্ত্রীর সামনে নির্দিষ্ট স্থানে এসে পৌঁছায়। এ সময় মন্ত্রী সবুজ পতাকা নাড়িয়ে মেট্রোরেলটি ডায়াভাক্টের উপরে আনুষ্ঠানিক পরীক্ষামূলক চলাচল উদ্বোধন করেন। পরে রেলটি হুইসেল বাজিয়ে মিরপুর-পল্লবীর উদ্দেশ্যে যাত্রা শুরু করে। মেট্রোরেলটি পরিচালনা করেছেন জাপানি চালক ওকা মতো। স্মারক হিসেবে সংরক্ষণের জন্য পতাকার উপর স্বাক্ষর করেন ওবায়দুল কাদের এমপি।

মেট্রোরেল সূত্রে জানা যায়, উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত ২০ দশমিক ১০ কিলোমিটার মেট্রোরেলের লাইনের সমন্বিত ভ্রূগতি হয়েছে ৬৬ দশমিক ৪৯ শতাংশ। ২০২৪ সালের মধ্যে পুরো প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা থাকলেও ২০২২ সালের ডিসেম্বরের মধ্যে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত অংশের কাজ শেষ হবে। একই সময়ে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত চলবে মেট্রোরেল। বর্তমানে ঢাকার উত্তরা দিয়াবাড়ী মেট্রোরেলের ডিপোতে ২ সেটের মোট ১২টি কোচ পৌঁছেছে, যার প্রথম সেটের ছয়টি ২১শে এপ্রিল এবং দ্বিতীয় সেটের আরও ছয়টি কোচ ১লা জুন ঢাকা পৌঁছায়। মেট্রোরেলে প্রতিটি সেটে থাকবে চারটি যাত্রীবাহী কোচ, দুইদিকে দুটি ইঞ্জিন। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কর্তৃপক্ষ বলছে, প্রতি বর্গমিটারে আটজনের হিসাবে ব্যস্ততম সময়ে প্রায় ১৭০০ যাত্রী চলাচল করতে পারবেন।

এক দিনে তিন গুণী লেখককে

(প্রথম পাতার পর)

দিনে তিন-তিনজন লেখক অনন্তলোকে পাড়ি জমিয়েছেন। কথাসাহিত্যিক বুলবুল চৌধুরী, থ্রিলার 'মাসুদ রানা' সিরিজের অন্যতম লেখক ও অনুবাদক শেখ আবদুল হাকিম এবং রম্যলেখক আতাউর রহমান। এই তিনজন লেখককে হারিয়ে দেশের শিল্প-সাহিত্য-সংস্কৃতি অঙ্গনে নেমে এসেছে গভীর শোকের ছায়া।

টুকা কাহিনীর বুলবুল চৌধুরী

ক্যান্সারের সঙ্গে লড়াই করে জীবনের যতি টানলেন কথাশিল্পী বুলবুল চৌধুরী। তাঁর আর লেখা হবে না শৈশবকে অবলম্বন করে আত্মজৈবনিক উপন্যাস। ক্যান্সারে শয্যাশায়ী হয়েও যে স্বপ্ন তিনি দেখেছিলেন। কথাসাহিত্যিক বুলবুল চৌধুরী গতকাল শনিবার সন্ধ্যা ৬টার দিকে রাজধানীর পুরান ঢাকার বাংলাবাজারের বাসায় শেষনিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

গত ফেব্রুয়ারিতে ক্যান্সার ধরা পড়ে বুলবুল চৌধুরীর। চিকিৎসা চলছিল বাসায়ই। কেমোথেরাপি শুরু করার কথা ছিল। কিন্তু শারীরিকভাবে দুর্বল হয়ে পড়ায় সেটা আর সম্ভব হচ্ছিল না। চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই শিল্পীকে আর্থিক সহায়তা দিয়েছিলেন।

গত মে মাসে বুলবুল চৌধুরী জানিয়েছিলেন, ছোটবেলার গ্রামের স্মৃতি নিয়ে লিখতে চান 'মেঘমেদুর ছোটবেলা'। মিষ্টি মধুর ছোটবেলা, যে ছোটবেলাটা গ্রামের। শুধু গ্রামের নয়, পুরো মাটির, বিবর্তনের। তাঁর বিশ্বাস, লিখতে পারলে, এটা শুধু তাঁর আত্মজীবনী নয়, বাংলাদেশেরও একটা আত্মজীবনী হবে। আরো জানিয়েছিলেন, ঐতিহাসিক ভাওয়াল রাজার কাহিনি নিয়েও লিখতে চান একটি অনবদ্য উপন্যাস। এ নিয়ে দীর্ঘ সময় তিনি কাজও করেছেন। ক্যান্সারের কষ্ট ভুলে কাজ দুটি নিয়ে চাঞ্চল্যবোধ করছেন। কিন্তু সেসব আর হলো না।

অতিসাধারণ জীবনযাপনে অভ্যস্ত বুলবুল চৌধুরীর জন্ম ১৯৪৮ সালের ১৬ আগস্ট গাজীপুরে। পড়ালেখা করেছেন সেই সময়ের জগন্নাথ কলেজে। প্রথম লেখা বের হয় ১৯৬৭ সালে। জগন্নাথ কলেজে গল্প লেখা প্রতিযোগিতায় 'জোনাকি ও সন্নিকট কেন্দ্র' গল্পের জন্য দ্বিতীয় পুরস্কার পেয়েছিলেন। পেশাজীবনের শুরুতে পুরান ঢাকায় ছাপাখানার ব্যবসা ছিল তাঁর। পরে দীর্ঘ সময় সংবাদপত্রে কাজ করেছেন।

সমসাময়িক বাংলা সাহিত্যের এক অন্যতম আখ্যানকার বুলবুল চৌধুরী। গ্রামবাংলার কাদামাটি মাখা জীবনের ছবি যিনি তুলে আনেন নিজস্ব মহিমায়। তাঁর গল্পের ভাষা সরল, আঙ্গিক প্রচলিত। সেসবের মাঝে গল্প আছে। আবার কিছু গল্প রূপকধর্মী কবিতার মতো রহস্যপ্রবণ। সব কথা তিনি বলতে চান না, পাঠকের কল্পনা আর অনুভবের মাঝে ছেড়ে দেন।

'টুকা কাহিনী' গ্রন্থের মাধ্যমে তিনি সাহিত্য জগতে সাড়া জাগান। এরপর লিখেছেন 'মাছের রাত', 'এই ঘরে লক্ষ্মী থাকে', 'জলঢুঙ্গী'সহ নানা গ্রন্থ। তাঁর বেশির ভাগ গল্পই সত্য ঘটনা অবলম্বনে। লিখেছেন আত্মজৈবনিক উপন্যাস 'অতলের কথকতা'। প্রকাশিত হয়েছে 'নির্বাচিত গল্প' গ্রন্থ।

সাহিত্যকর্মের স্বীকৃতি হিসেবে তিনি পেয়েছেন একুশে পদক, বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, হুমায়ুন কাদির স্মৃতি পুরস্কার, জসীমউদ্দীন স্মৃতি পুরস্কার, ব্র্যাক ব্যাংক-সমকাল সাহিত্য পুরস্কার প্রভৃতি।

বুলবুল চৌধুরীর মরদেহ শ্রদ্ধা নিবেদনের জন্য আজ সকাল ১১টায় বাংলা একাডেমি প্রাঙ্গণে রাখা হবে।

রহস্যময় জগতের শেখ আবদুল হাকিম

গত শতকের ষাটের দশক থেকে দেশ-বিদেশে মিশন করে বেড়াচ্ছে মাসুদ রানা। দুর্ধর্ষ, দুঃসাহসী গুপ্তচর। পাকিস্তান আমলে ভারতের অসংখ্য কূটপরিকল্পনা নস্যাৎ করেছে রানা, উড়িয়ে দিয়েছে তাদের দুর্গম দুর্গ, ভারতের কবল থেকে উদ্ধার করেছে বন্দি গুরু মেজর জেনারেল (অব.) রাহাত খানকে। আবার মুক্তিযুদ্ধের সময় যুদ্ধ করেছে পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে, মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে সেই রাহাত খানকেই আবার বাঁচিয়ে এনেছে পাকিস্তানের বন্দিশালা থেকে। বাংলাদেশের তুমুল জনপ্রিয় থ্রিলার 'মাসুদ রানা'র স্রষ্টা কাজী আনোয়ার হোসেন হলেও 'মাসুদ রানা' সিরিজটিকে ব্যাপক জনপ্রিয় করে তুলেছিলেন শেখ আবদুল হাকিম। এ দেশের পাঠকের কাছে রহস্য উপন্যাসের এক বিশাল জগৎ তৈরি করে দেওয়া শেখ আবদুল হাকিম সাত দশকের জীবনপরিক্রমা শেষে পরপারে পাড়ি জমিয়েছেন।

গতকাল দুপুর ১টায় রাজধানীর মাদারটেকের নন্দীপাড়ায় বড় মেয়ের বাড়িতে তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তিনি ছেলে শেখ পুলক হাসান, দুই মেয়ে শেখ সাদিয়া হাকিম ও শেখ আপালা হাকিমের জনক ছিলেন। তাঁর স্ত্রী ফরিদা বেগম ছয় বছর আগে ইন্তেকাল করেছেন।

আপালা হাকিম জানান, আবদুল হাকিম দীর্ঘদিন ধরে শ্বাসকষ্টের রোগী ছিলেন। গত মাসে বক্ষব্যাধি হাসপাতালে ভর্তি হয়ে মাসখানেক চিকিৎসাধীন ছিলেন। গতকাল দুপুরের দিকে অনেকটা আকস্মিকভাবেই দ্রুত অবস্থা খারাপ হয়ে যায়। চিকিৎসার ব্যবস্থা নেওয়ার আগেই তিনি মারা যান। বাদ মাগরিব নন্দীপাড়া মসজিদে তাঁর জানাজা সম্পন্ন হয়। এরপর নন্দীপাড়া কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

শেখ আবদুল হাকিমের জন্ম ১৯৪৬ সালে ভারতের পশ্চিমবঙ্গের হুগলি জেলায়। দেশভাগের পর তাঁরা ঢাকায় চলে আসেন। গত শতকের ষাটের দশকের মাঝামাঝি থেকে দেশের অন্যতম প্রকাশনা সংস্থা সেবা প্রকাশনীর সঙ্গে যুক্ত হন পেশাদার লেখক হিসেবে। কাজী আনোয়ার হোসেনের নির্দেশনায় সেবা প্রকাশনীর জনপ্রিয় রহস্য উপন্যাস সিরিজ 'কুয়াশা' দশম কিস্তি থেকে শুরু করে নতুন নতুন পর্ব লিখতেন। এরপর যুক্ত হন 'মাসুদ রানা' সিরিজ লেখার সঙ্গে। নেপথ্যেই ছিলেন তিনি। 'গোস্ট রাইটার' হিসেবে প্রতিটি পাণ্ডুলিপির জন্য সম্মানী পেতেন। লেখক হিসেবে নাম ছাপা হতো কাজী আনোয়ার হোসেনের। ২০১৯ সালে এসে বিষয়টি চ্যালেঞ্জ করেন শেখ আবদুল হাকিম। গত বছর বাংলাদেশ কপিরাইট কার্যালয় এক রায়ে জানিয়েছে, কুয়াশা সিরিজের ৫০টি বই এবং 'মাসুদ রানা' সিরিজের প্রথম ১১টি বইয়ের পর ২৬০ পর্ব পর্যন্ত বইগুলোর লেখক শেখ আব্দুল হাকিম। রায়ের বিরুদ্ধে কাজী আনোয়ার হোসেন উচ্চ আদালতে আপিল করায় বিষয়টি বিচারাধীন রয়েছে।

এ দেশের যে কয়জন লেখক লেখালেখিকে পেশা হিসেবে গ্রহণ করেছিলেন তাঁদের মধ্যে অন্যতম শেখ আবদুল হাকিম। স্বনামেই অনুবাদ করেছেন বিশ্বের বহু জনপ্রিয় লেখকের রোমাঞ্চ উপন্যাস। মৌলিক উপন্যাসের মাধ্যমেও বিপুল পাঠকপ্রিয়তা লাভ করেন। বিশেষ করে তাঁর অনুবাদে মারিও পুজোর 'গডফাদার' এ দেশের পাঠকসমাজে ব্যাপক জনপ্রিয়তা পায়।

রম্যলেখক আতাউর রহমান

বাংলাদেশ ডাক বিভাগের সাবেক মহাপরিচালক ও বরেণ্য রম্যলেখক আতাউর রহমান আর নেই। গতকাল শনিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় সিলেটের একটি বেসরকারি হাসপাতালে তিনি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আতাউর রহমান করোনায় আক্রান্ত হয়ে বেশ কিছুদিন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর। ১৯৪২ সালে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার ঢাকাদক্ষিণ ইউনিয়নের নগর গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। তিনি দুই ছেলে, স্ত্রীসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

আতাউর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৪ সালে ইংরেজিতে অনার্স এবং ১৯৬৫ সালে এমএ পাস করেন। কিছুদিন সিলেটের মদনমোহন কলেজ ও এমসি কলেজে শিক্ষকতা করেন। পরে তৎকালীন পাকিস্তান কেন্দ্রীয় সুপিরিয়র সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সিএসপি অফিসার হিসেবে চাকরিতে যোগদান করেন। চাকরিজীবনে তিনি লন্ডন ও রিয়াদে বাংলাদেশ দূতাবাসে বাণিজ্যিক ও কূটনীতিক দায়িত্ব পালন করেন। ২০০২ সালে বাংলাদেশ ডাক বিভাগের মহাপরিচালক পদ থেকে তিনি অবসর গ্রহণ করেন। এরপর তিনি বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। বিভিন্ন বিষয়ে তাঁর ২৫টি গ্রন্থ রয়েছে।

গতকাল বাদ মাগরিব গ্রামের বাড়ি গোলাপগঞ্জ উপজেলার ঢাকাদক্ষিণ মাদরাসা মাঠে জানাজা শেষে নিজ জন্মভূমি নগর গ্রামে তাঁর লাশ দাফন করা হয়।

দক্ষিণ আফ্রিকায় করোনার

(প্রথম পাতার পর)

হচ্ছে, এই ভ্যারিয়েন্টটি তুলনামূলক বেশি সংক্রামক হতে পারে। একইসঙ্গে ভ্যাকসিনগুলো এর বিরুদ্ধে কেমন সুরক্ষা দিতে পারবে তা নিয়েও উদ্বেগ রয়েছে। দক্ষিণ আফ্রিকার জাতীয় সংক্রামক রোগ বিষয়ক প্রতিষ্ঠান এবং কোয়াজুলি-নাটাল নামে দেশটির একটি বেসরকারি গবেষণা প্রতিষ্ঠানের যৌথ গবেষণায় এই ভ্যারিয়েন্টের বিষয়টি জানানো হয়েছে। এ খবর দিয়েছে জেরুজালেম টাইমস।

খবরে বলা হয়, গত ২১শে মে প্রথম এই ভ্যারিয়েন্ট শনাক্ত করেন বিজ্ঞানীরা। এটি সি.১ ভ্যারিয়েন্ট থেকে বিবর্তিত হয়েছে বলে প্রমাণ পাওয়া গেছে। সি.১ শনাক্ত হয়েছিল এ বছরের জানুয়ারি মাসে। তবে নতুন সি.১.২ দক্ষিণ আফ্রিকা ছাড়াও ইংল্যান্ড, চীন, কঙ্গো, মরিশাস, নিউজিল্যান্ড, পর্তুগাল ও সুইজারল্যান্ডেও শনাক্ত হয়েছে। বিজ্ঞানীরা বলছেন এই ভ্যারিয়েন্টের সংক্রমিত হওয়ার ক্ষমতাকে ছোট করে দেখা হচ্ছে। গবেষনাটিতে দেখা গেছে, প্রতি মাসেই এই ভ্যারিয়েন্টে আক্রান্তের হার বৃদ্ধি পেয়েছে। মে মাসে এই ভ্যারিয়েন্টে আক্রান্ত ছিল ০.২ শতাংশ। জুনে তা বেড়ে হয় ১.৬ শতাংশ এবং জুলাইতে হয় ২ শতাংশ। বেটা ও ডেল্টা ভ্যারিয়েন্টের ক্ষেত্রেও একই প্রবণতা দেখা গিয়েছিল। এই গবেষণায় আরও জানানো হয়, এই ভ্যারিয়েন্টের মিউটেশন রেট বছরে ৪১.৮ বার। যা বর্তমানে থাকা ভ্যারিয়েন্টগুলোর দুইগুন প্রায়।

অবৈধ অভিবাসীদের

(প্রথম পাতার পর)

বছরের ১৫ জুলাই ইউরোপীয় কাউন্সিলের কাছে পাঠানো ওই প্রস্তাবে বাংলাদেশ ছাড়াও ইরাক ও গাম্বিয়াকেও যুক্ত করা হয়েছে।

সংস্থাটির ওয়েবসাইটে প্রকাশিত এ সংক্রান্ত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বৈধ কাগজবিহীন (আনডকুমেন্টেড) অভিবাসীদের ফেরত নেয়ার (রিঅ্যাডমিশন) ব্যাপারে দেশগুলোর সহাযোগিতা আরো জোরদার করতে এই সিদ্ধান্ত নেয়া প্রয়োজন বলে মনে করছে তারা।

২০১৭ সালের আগস্ট মাসে বৈধ কাগজবিহীন অভিবাসীদের ফেরত নেয়ার ব্যাপারে বাংলাদেশের সাথে ইইউর স্ট্যান্ডার্ড অব প্রসিডিউর (এসওপি) চুক্তি হয়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, তা বাস্তবায়নে বাংলাদেশের আরো দ্রুত সহযোগিতা চায় ইইউ। এ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র আদান-প্রদান ও জবাব দেয়ার ক্ষেত্রে বাংলাদেশের দিক থেকে আরো তৎপর পদক্ষেপের প্রত্যাশা তাদের।

ইইউ অভিযোগ করেছে, বাংলাদেশ সরকার অনেক চিঠির জবাব দেয় না বা দিতে অনেক দেরি করে। ২০১৭ সালে চুক্তির পর তালিকা ও কাগজপত্র ম্যানুয়ালি বা সনাতন পদ্ধতিতে হস্তান্তর করা হতো। কিন্তু ২০২০ সালের নভেম্বরে এই ব্যবস্থা ডিজিটাল করা হয়। ডিজিটাল হওয়ার পর এখন পর্যন্ত এক হাজার ৫০০ 'আনডকুমেন্টেড' বাংলাদেশীর তালিকা ও কাগজপত্র হস্তান্তর করে তারা। সেগুলো এখনো নিষ্পত্তির অপেক্ষায় আছে।

এর মধ্যে সবচেয়ে বেশি রয়েছে জার্মানিতে। ইউরোপের এ দেশটিতে এমন ৮০০ বাংলাদেশী রয়েছেন, যোদের প্রয়োজনীয় বৈধ কাগজপত্র নেই। একইভাবে বাংলাদেশী রয়েছে ইটালি, গ্রিস ও মাল্টায়।

অভিবাসীর সংখ্যা

দুই কোটির বেশি অভিবাসী মানুষের বসবাস ইউরোপের ২৭টি দেশে। এ অঞ্চলের শ্রমবাজারে নিযুক্ত রয়েছেন ৮৮ লাখ। ২০১৯ সালে ইইউ সদস্যভুক্ত দেশগুলোতে প্রথমবার রেসিডেন্স পারমিট বা বসবাসের অনুমতি পাওয়া তৃতীয় দেশের মানুষের সংখ্যা ছিল ৩০ লাখ। ২০২০ সালের ফেব্রুয়ারিতে ইইউ তাদের ভিসা নীতিতে পরিবর্তন আনে। এতে বলা হয়, যেসব দেশ রিঅ্যাডমিশন প্রক্রিয়ায় সহায়তা করবে না তাদের ভিসা প্রক্রিয়া কড়াকড়ি করা হবে।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, জার্মানিতে আনডকুমেন্টেড তালিকার মধ্যে বাংলাদেশ ১৫০ জনের সাক্ষাৎকার নেয়। এর মধ্যে মাত্র একজনকে 'বাংলাদেশী আনডকুমেন্টেড' হিসেবে চিহ্নিত করা হয়, যা জার্মানি ভালোভাবে নেয়নি।

আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ বলেন, 'আনডকুমেন্টেড বাংলাদেশীদের বিষয়টি নিষ্পত্তি করতে ইইউ যদি ভিসার ব্যাপারে কড়াকড়ি আরোপ করে তাহলে তা মানবাধিকারের লঙ্ঘন। কারণ এখন যারা ইউরোপের দেশে যাওয়ার যৌক্তিক কারণ আছে তাদের ভিসা বন্ধ করতে পারে না। যার বৈধ ডকুমেন্ট আছে তাকে আটকানো হলে তার মানবাধিকার ক্ষুণ্ন করা হবে। অথচ তারাই মানবাধিকারের প্রবক্তা। তারাই যদি এটা করে তাহলে তা হবে দুঃখজনক। কেউ আদালতে গেলে এর প্রতিকার পেতে পারেন।'

তিনি ইউরোপীয় ইউনিয়নের সাথে শনিবার একটি বৈঠকের কথা উল্লেখ করে বলেন, তারা রোহিঙ্গাদের মানবাধিকার নিয়ে কথা বলেছেন। কিন্তু যারা ইউরোপের বিভিন্ন দেশে আনডকুমেন্টেড আছেন তাদের মানবাধিকারের কী হবে?

বঙ্গবন্ধু হত্যাকান্ডে সিনিয়র নেতাদের

(প্রথম পাতার পর)

ইতিহাসের সামনে দাঁড়িয়ে আওয়ামী লীগকে বারবার বিব্রত অবস্থায় পড়তে হবে। ইতিহাসের এ নৃশংসতম হত্যাকাণ্ডের বিষয়ে আওয়ামী লীগের অভ্যন্তরে অতীতেও আলোচনা-সমালোচনা হয়েছে। তবে নীতিনির্ধারণী পর্যায় থেকে কেউ প্রকাশ্যে বক্তব্য দেননি। গেল বৃহস্পতিবার ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত শোক দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলের কয়েকজন নেতার নাম উল্লেখ করে বক্তব্য দেন। প্রধানমন্ত্রী তার পরিবারের নিষ্ঠুর হত্যাকাণ্ডের বর্ণনা দিতে গিয়ে প্রায়ই আবেগতাড়িত হয়ে পড়েন। স্বজন হারানো বেদনায় দগ্ধ একজন শেখ হাসিনা সোনার বাংলাদেশ গড়ার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাকে অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে সামাল দিতে হয় অনেক কিছু। এত কিছুর ভিড়েও মা-বাবা ও ভাইসহ স্বজন হারানোর কথা বলতে গিয়ে তিনি বাকরুদ্ধ হয়ে পড়েন। ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত শোক দিবসের অনুষ্ঠানে দেওয়া এবারের বক্তব্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও ইঙ্গিতময় বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, 'প্রধানমন্ত্রী এবারের শোক দিবসের আলোচনাসভায় ওই সময়কার বাস্তবতা তুলে ধরেছেন। তার বক্তব্য থেকে আমাদের শিক্ষা নিতে হবে, আওয়ামী লীগ নেতাকর্মীদের শিক্ষা নিতে হবে। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা জানেন তাকে কতটা বৈরী পরিবেশের মধ্য দিয়ে আজকের অবস্থানে আসতে হয়েছে। তিনি যা বলেছেন তা তার অভিজ্ঞতা থেকে নেওয়া বক্তব্য।'

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৭৫ সালের ১৫ আগস্টের হত্যাকাণ্ডের বিষয়ে গত বৃহস্পতিবার তার বক্তব্যের একপর্যায়ে বলেছিলেন, ''...যখনই আক্রমণ শুরু হয় প্রথমে যেমন সেরনিয়াবাত সাহেবের বাসায় বা শেখ মনির বাসায়, খবরটা আসার সাথে সাথে এবং আমাদের বাসায় যখন গুলি শুরু হয়, বঙ্গবন্ধু কিন্তু সবাইকে ফোন করেছিলেন। আবদুর রাজ্জাকের সাথে কথা হয়, তোফায়েল আহমেদের সাথে কথা হয়, সেনাপ্রধান শফিউল্লাহর সাথে কথা হয়, সেনাবাহিনীরও, যার যা ভূমিকা ছিল তারাও কিন্তু সঠিকভাবে করে নাই। এর পেছনে রহস্যটা কী সেটাই কথা।''

দলীয় প্রধানের এমন বক্তব্যের পর দলের নেতাদের অনেকেই নড়েচড়ে বসলেন। বঙ্গবন্ধু হত্যার নেপথ্যের কুশীলবদের বিচারের ইস্যুটাকে আরও জোরদার করার জন্য বিভিন্ন সভা-সমাবেশে বক্তব্য দিচ্ছেন ক্ষমতাসীন দলের নেতারা। কথা বলছেন দলের ভেতরেও। তাদের দাবি, একটি নিরপেক্ষ তদন্ত কমিশনের মাধ্যমে বিষয়টি পরিষ্কার করে আওয়ামী লীগকে দায়মুক্ত করতে হবে।

শনিবার বিকালে ডেমরা থানা আওয়ামী লীগ আয়োজিত শোক দিবসের অনুষ্ঠানে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক বলেন, '৭৫ সালে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর আওয়ামী লীগের শীর্ষ নেতাদের কাছ থেকে প্রতিরোধ বা প্রতিবাদে ডাক আসেনি। আর প্রতিবাদের ডাক আসেনি বলে সেই সময় খুনিদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা যায়নি।'

এ বিষয়ে জানতে চাইলে আওয়ামী লীগের আরেক সভাপতিমণ্ডলীর সদস্য আবদুর রহমান বলেন, 'মোশতাক আওয়ামী লীগেরই ছিল। যারা মোশতাকের মন্ত্রিসভায় গেছে তারাও এই দলেরই ছিল। এর বাইরে আওয়ামী লীগের কেউ যুক্ত থাকলে তদন্ত কমিশনের মাধ্যমে জনসম্মুখে তাদের মুখোশ উন্মোচন এখন সময়ের দাবি।'

নাম প্রকাশে অনিচ্ছুক আওয়ামী লীগের সম্পাদকমণ্ডলীর দুই সদস্য বলেন, 'বঙ্গবন্ধু হত্যার সঙ্গে যারা সরাসরি জড়িত এবং যারা জীবিত অনেকের বিচার হয়েছে। অনেকে বিরুদ্ধে রায় হয়েছে। যারা বিদেশে পলাতক আছে তাদের ফিরিয়ে আনার জোর দাবি জানাই। একই সঙ্গে ষড়যন্ত্রকারী মুখোশ উন্মোচনের দাবি জানাই। জাতির পিতার হত্যাকাণ্ডে আওয়ামী লীগের কেউ জড়িত থাকলে তাদের নাম প্রকাশে কোনো প্রকার কার্পণ্য করা ঠিক হবে না। দলকে দায়মুক্ত করতে সঠিক তদন্তের মাধ্যমে তাদের নাম প্রকাশ করতে হবে।'

আওয়ামী লীগের আরেক সভাপতিমণ্ডলীর সদস্য বলেন, বঙ্গবন্ধুর হত্যা এবং এর পরিণতি বুঝে অন্য দলের নেতারাও প্রতিবাদে মাঠে নেমেছেন। তারা বিভিন্ন ধরনের প্রকাশনা করে এর প্রতিবাদ জানিয়েছেন। তাদের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করিনি। যারা প্রতিরোধে নেমেছিলেন তারাও এখনো খেয়ে না খেয়ে, রোগে-শোকে অবহেলায় দিন পার করছেন। এখনো অনেক প্রতিরোধযোদ্ধার ললাটে দুষ্কৃতকারীর কলঙ্ক। তখন বড় নেতারা চুপ থাকলেও তৃণমূলের কিছু নেতা প্রতিবাদ করেছে। এমনকি ২০০ প্রতিরোধযোদ্ধাকে জীবনও দিতে হয়েছে।

এর কারণ কী? এটিও একটা রহস্য। আওয়ামী লীগের নেতৃত্বে কোনো প্রতিরোধ হয়নি সেটি আরও বড় রহস্য। এসব রহস্য উন্মোচন হলে আগামী প্রজন্ম অনেক কিছুই জানতে পারবে বলে মন্তব্য করেন আওয়ামী লীগের এ নেতা।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম বলেন, 'আওয়ামী লীগ একটি বড় রাজনৈতিক দল। চাইলেই ওইদিন প্রতিরোধ গড়ে তোলা যেত। কি


বঙ্গবন্ধু হত্যার অসমাপ্ত বিচার



মো. জাকির হোসেন

অনেক চড়াই-উতরাই পেরিয়ে বিচারিক আদালতে বঙ্গবন্ধু হত্যার বিচার সম্পন্ন হয়েছে। ছয়জনের দন্ড কার্যকর হয়েছে। কয়েকজন দন্ড মাথায় নিয়ে মৃত্যুবরণ করেছেন। পালিয়ে থাকা পাঁচজনের দন্ড কার্যকর করতে সরকার চেষ্টা চালাচ্ছে। এই পাঁচজনের দন্ড হয়তো সামনের দিনগুলোতে কার্যকর হবে। প্রশ্ন হলো, এর মাধ্যমেই কী বঙ্গবন্ধু হত্যার বিচার সমাপ্ত হবে? আমার মূল্যায়নে অবশ্যই না। কিছু অপরাধের বিচারে আদালতের দন্ডই যথেষ্ট হয় না। ইতিহাসের কাঠগড়ায় এর বিচার হতে হয়। মীরজাফরের বিচার কোনো আদালতে হয়নি। তবু মীরজাফর ইতিহাসে এক ঘৃণিত ব্যক্তি। মুর্শিদাবাদে মীরজাফরের ধ্বংসপ্রায় প্রাসাদে ঢোকার প্রধান ফটকটি ইতিহাসে, সরকারি দলিলে এবং ট্যুরিস্ট গাইড বইয়ে 'নেমক হারাম দেউর' বা 'বিশ্বাসঘাতকের গেট' নামে পরিচিতি পেয়েছে। কোনো বেঈমান বা বিশ্বাসঘাতককে গালি দিতে ব্যবহৃত হয় 'মীরজাফর' শব্দটি। বিশ্বাসঘাতকতার প্রতিশব্দ মীরজাফর একটি জঘন্য গালি। বঙ্গবন্ধু হত্যার বিচার আদালতের রায়ে সম্পূর্ণ হতে পারে না। আদালত বড়জোর ব্যক্তি শেখ মুজিবুর রহমানের বিচার করতে পারেন। কিন্তু শেখ মুজিবুর রহমান তাঁর ত্যাগ, সাহসিকতা, অতল ভালোবাসা, দূরদর্শী নেতৃত্ব, অটল আদর্শ ও একবারের জন্য পাওয়া জীবনের সব ব্যক্তিগত ও পারিবারিক সুখ-স্বপ্নকে বিসর্জন দিয়ে ব্যক্তি মুজিবকে অতিক্রম করে বঙ্গবন্ধু হয়েছেন। বিশ্বের নিপীড়িত, মুক্তিকামী মানুষের স্বপ্ন, আশা-আকাঙ্ক্ষা ও নিরন্তর অনুপ্রেরণার উৎস হিসেবে বঙ্গবন্ধু থেকে বিশ্ববন্ধু হয়েছেন। তিনি একটি জাতির জনক ও রাষ্ট্রের স্থপতি। বঙ্গবন্ধু হত্যার বিচার কি কয়েকজন আত্মস্বীকৃত খুনিকে শাস্তি দিলেই সম্পন্ন হয়ে যায়? খুনিরা মধ্যম সারির সামরিক কর্মকর্তা ছিলেন। কয়েকজন সামরিক বাহিনী থেকে চাকরিচ্যুত ছিলেন।

যাঁর অঙ্গুলিহেলনে দেশের কোটি কোটি মানুষ জীবন দিতে সম্মোহিতের মতো ঝাঁপিয়ে পড়েছে, যুক্তরাষ্ট্র ও চীন দুই প্রতাপশালী পরাশক্তির সমর্থন ও সাহায্যপুষ্ট পাকিস্তানকে পরাজিত করে স্বাধীনতা ছিনিয়ে এনেছেন, জাতির সেই প্রাণভোমরাকে কয়েকজন মধ্যম সারির কর্মকর্তা হত্যা করেছেন–এটি বিশ্বাসযোগ্য? কেউ খুন করেছেন, কেউ নেপথ্যে ষড়যন্ত্র করেছেন। কেউ পরিকল্পিতভাবে বঙ্গবন্ধু, তাঁর সরকার ও পরিবারের সদস্যদের সম্পর্কে মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত কদাকার-কুৎসিত অপপ্রচার করে হত্যার ক্ষেত্র তৈরি করেছেন। কেউ পরিকল্পিতভাবে অরাজকতা সৃষ্টি করে ষড়যন্ত্র ও খুনের পরিবেশ তৈরি করে প্রভাবকের কাজ করেছেন। শধষবৎশধহঃযড়কেউ ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে দায়িত্ব পালনে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। নেপথ্যের এসব কুশীলবের মুখোশ উন্মোচন করতে হবে। ইতিহাসের কাঠগড়ায় এসব বিশ্বাসঘাতকের জবাবদিহি নিশ্চিত করতে হবে। অনাগত প্রজন্ম যাতে জানতে পারে কারা বাংলাদেশের বন্ধু আর কারা শত্রু? তারা যাতে জানতে পারে তাদের জাতির পিতার সঙ্গে কেমন অন্যায়-অবিচার করা হয়েছে। আর এ জন্য চাই যথাযথ ক্ষমতাসম্পন্ন একটি তদন্ত কমিশন। তদন্ত কমিশনকে যে বিষয়গুলো বিশেষভাবে নজর দিতে হবে, তা হলো–এক. খুনিদের কে বা কারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উৎসাহিত করেছে, মদদ জুগিয়েছে? হত্যাকান্ডে খুনিদের মদদদাতারা শুধু বাংলাদেশের নাগরিক, না অন্য কোনো দেশের সম্পৃক্ততা রয়েছে? পাকিস্তানের ভুট্টো ও যুক্তরাষ্ট্রের কিসিঞ্জার ও ফিলিপ চেরির সম্পৃক্ততার নানা তথ্য-প্রমাণ রয়েছে। দুই. খুনিরা বা তাদের মদদদাতারা কী চেয়েছিল? অপবাদ দেওয়া হয় বঙ্গবন্ধু বাকশাল কায়েম করে গণতন্ত্র হত্যা করেছিলেন। এই কথা কি সত্য? পুঁজি বা জমির মালিক উৎপাদনের প্রায় সবটুকু ভোগ করে। আর উচ্ছিষ্টভোগী শ্রমিক মারাত্মকভাবে বঞ্চিত হয়। এভাবে সমাজে সৃষ্টি হয় ভয়ানক বৈষম্য। বঙ্গবন্ধু এই বঞ্চনা ও বৈষম্য দূর করতে উৎপাদন ও বণ্টনব্যবস্থায় পরিবর্তন আনতে চেয়েছিলেন। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ন্যায়বিচার নিশ্চিত করতে চেয়েছিলেন। সামাজিক ও রাজনৈতিক সুবিচার প্রতিষ্ঠা তথা সামাজিক ও অর্থনৈতিক গণতন্ত্র ছাড়া শুধু রাজনৈতিক গণতন্ত্র অর্থহীন। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের সেন্টার অব দ্য ফিউচার অব ডেমোক্রেসির গবেষকরা সম্প্রতি বিশ্বের ১৫৪টি দেশের ওপর এক জরিপ করে জানিয়েছেন যে গণতন্ত্রের প্রতি অসন্তুষ্টি চরম পর্যায়ে। জরিপের ফলাফলে সতর্ক করে বলা হয়েছে, বিশ্বের অনেক দেশে গণতন্ত্রের প্রতি আস্থা এখন 'উদ্বেগের' পর্যায়ে রয়েছে। গবেষকরা বলছেন, সবচেয়ে বেশি বা উচ্চমাত্রায় অসন্তুষ্টি যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে। অর্থনৈতিক অবস্থা ও সামাজিক ভেদাভেদে গণতন্ত্রের প্রতি মানুষের অসন্তুষ্টি বেড়েছে। বঙ্গবন্ধু অনেক আগেই অর্থনৈতিক ও সামাজিক ভেদাভেদের এই কুফল অনুধাবন করে গণতন্ত্র ও সমাজতন্ত্রের সম্মিলনে নতুন রাজনৈতিক দর্শনের পথে হাঁটতে চেয়েছিলেন। নতুন যাত্রার শুরুতে সাময়িক সময়ের জন্য কিছুটা নিয়ন্ত্রণ আরোপের কথা তিনি নিজেই বলেছেন। কৃষক-শ্রমিক, গরিব-দুঃখী-মেহনতি মানুষের জন্য অর্থনৈতিক ও সামাজিক সাম্য প্রতিষ্ঠায় নতুন দর্শনের যাত্রায় কিছুটা নিয়ন্ত্রণ যদি গণতন্ত্র হত্যা হয়, বঙ্গবন্ধুকে হত্যার পর কি গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছিল? মোশতাক, বিচারপতি সায়েম ও জিয়া তিনজনই তো অসাংবিধানিক ও অবৈধভাবে রাষ্ট্রপতি হয়েছিলেন। বাংলাদেশের সংবিধানের ৪৮(১) অনুচ্ছেদে বর্ণিত আছে, 'বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন অনুযায়ী সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন।' এই তিনজনের কেউই সংবিধানের বিধান মেনে সংসদ সদস্যদের কর্তৃক রাষ্ট্রপতি নির্বাচিত হননি। তদুপরি জিয়া একই সঙ্গে সেনাপ্রধান ও রাষ্ট্রপতি ছিলেন। বঙ্গবন্ধুকে হত্যার পর কয়েক বছর সামরিক শাসন জারি ছিল। সামরিক শাসন বহাল থাকা অবস্থায় 'হ্যাঁ, না' ভোটের মাধ্যমে জিয়াউর রহমান রাষ্ট্রপতি হয়েছিলেন। এটা কি গণতন্ত্র? তিন. বঙ্গবন্ধুকে হত্যার কারণ হিসেবে কেউ বলছে, খুনিরা বাংলাদেশে ইসলামিক রিপাবলিক প্রতিষ্ঠা করতে চেয়েছিল। ইসলামে বিচারের রায় ও যুদ্ধক্ষেত্র ছাড়া মানুষ হত্যার কোনো সুযোগ নেই। পবিত্র কোরআনে বর্ণিত হয়েছে, 'কেউ ইচ্ছাকৃতভাবে কোনো মুমিনকে হত্যা করলে তার শাস্তি চিরস্থায়ী জাহান্নাম এবং আল্লাহ তার প্রতি রুষ্ট হবেন, তাকে লানত করবেন...।' (সুরা নিসা : ৯৩) হাদিসে বর্ণিত হয়েছে : 'দুনিয়া ধ্বংস করার চেয়েও আল্লাহর কাছে ঘৃণ্যতর কাজ হলো মানুষ হত্যা করা।' (তিরমিজি)। ইসলামে যুদ্ধক্ষেত্রেও নারী, শিশু ও বৃদ্ধদের হত্যা করা নিষিদ্ধ।' (মুসান্নাফে ইবনে আবি শায়বাহ) কোরআন ও হাদিসের বিধান লঙ্ঘন



করে ইসলামী রিপাবলিক প্রতিষ্ঠা করা যায় কি? চার. খুনি ও তাদের দোসরদের চেতনায় মুক্তিযুদ্ধ ছিল না। তাদের মননে বাংলাদেশ নয়; ছিল পাকিস্তানের ছায়া। মুক্তিযুদ্ধের বাংলাদেশকে হত্যা করে বাংলাদেশকে আবার পাকিস্তানের সঙ্গে একীভূত করার লক্ষ্যে বঙ্গবন্ধুকে হত্যা করা হয়েছে বলে অনেকে মনে করেন। একীভূত করা সম্ভব না হলে কনফেডারেশন গঠন করে বাংলাদেশকে পকিস্তানের আশ্রিত রাষ্ট্রে পরিণত করা হত্যার উদ্দেশ্য ছিল। খুনিদের উদ্দেশ্য ছিল মুক্তিযুদ্ধে পাকিস্তানের পক্ষের প্রমাণিত মিত্রদের জন্য নিরাপত্তা ও রাজনীতির সুযোগ সৃষ্টি করা। আর তাই সামরিক ফরমান বলে সংবিধান সংশোধন করে সাম্প্রদায়িক রাজনীতির সুযোগ সৃষ্টি করা হয়, দালাল আইনে দন্ডিতদের ভোটার হওয়ার অযোগ্য ঘোষণাসংক্রান্ত সংবিধানের ১২২ অনুচ্ছেদ সংশোধন করা হয়। যুদ্ধাপরাধী ও মানবতাবিরোধী অপরাধীদের পুনর্বাসনের লক্ষ্যে দালাল আইনে চলমান বিচার বন্ধ করা হয়। দালাল আইন রহিতকরণ করে ট্রাইব্যুনাল বাতিল করা হয়। মৃত্যুদন্ডসহ নানা মেয়াদে কারাদন্ডে দন্ডিত ৭৫২ জন অপরাধীকে মুক্ত করে দেওয়া হয়। স্বাধীনতাবিরোধীদের মন্ত্রী বানানো হয়। রাষ্ট্রীয় হেফাজতে থাকা চার জাতীয় নেতাকে হত্যা করা হয়। এ সবই বাংলাদেশকে আবার পাকিস্তানের আদলে গড়ার নীলনকশা। পাঁচ. সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা শুধু জাতির পিতা বা তাঁর পরিবারের বিরুদ্ধে আঘাত নয়, এ আঘাত প্রকৃতপক্ষে ছিল স্বাধীন ও সম্ভাবনাময় বাংলাদেশকে হত্যার চক্রান্ত। ১৯৭২ সালে বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ৯৩ ডলার, সেটি সাড়ে তিন বছরে ১৯৭৫ সালে হয় ২৭৩ ডলার। অর্থনৈতিক প্রবৃদ্ধি ছিল ৭.৭ শতাংশ। জাতিসংঘের তদানীন্তন আন্ডার সেক্রেটারি জেনারেল ড. ভিক্টর এইচ উমব্রিখট মার্কিন সরকারের প্রতি খুনিদের আশ্রয় না দেওয়ার আহ্বান জানিয়ে ১৭ নভেম্বর ১৯৭৫ এক পত্রে লেখেন : গত ১২ মাস ধরে বাংলাদেশের অর্থনীতির বিরাট উন্নতি ঘটেছিল। ভালো খাদ্য পরিস্থিতি, বৃহত্তর খাদ্য মজুদ, ব্যাপক রপ্তানি ও ঘাটতিবিহীন বাজেটও ছিল। ছিল জনহিতকর কর্মসূচি, অপেক্ষাকৃত জনবান্ধব প্রশাসন প্রভৃতি। কিন্তু তা সত্ত্বেও রাজনৈতিক নেতৃত্বের উত্তম অংশটিকে কেন নির্মূল করা হলো, তা উপলব্ধি করা দুরূহ। ছয়. বাংলাদেশের সংবিধানের অনন্য বৈশিষ্ট্য হলো গণতন্ত্র ও সমাজতন্ত্রের পাশাপাশি অবস্থান। শুধু তা-ই নয়, সংবিধানে এর সংযোজন সারা বিশ্বেই একটি অনন্য উদাহরণ। বঙ্গবন্ধু সমাজতন্ত্র শুধু সংবিধানেই অন্তর্ভুক্ত করেননি, বাংলাদেশের দায়িত্বগ্রহণ করেই তিনি সমাজতন্ত্রের কর্মসূচি বাস্তবায়ন শুরু করেন। শিল্প-কারখানা জাতীয়করণ করেন। জাতীয়করণকৃত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পদে ৪০ শতাংশ শ্রমিকের মধ্য থেকে নিয়োগ দেওয়া হয়। ১৯৭২ সালের ১৯ মে বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপের জাতীয় সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বঙ্গবন্ধু বলেছিলেন, 'আমাদের দেশের জনগণকে বাঁচাতে হলে সমাজতন্ত্র ছাড়া অন্য কোনো উপায় নেই।' বঙ্গবন্ধু প্রায়ই বলতেন, 'আমি মার্ক্সিস্ট নই। আমি একজন সমাজতান্ত্রিক, কিন্তু সেটা আমার নিজস্ব পথে।' তবে তিনি বিশ্বাস করতেন, যে সমাজতন্ত্র জোর করে চাপিয়ে দেওয়া হয়, সেটা সত্যিকারের সমাজতন্ত্র হতে পারে না। মানুষের মানসিক পরিবর্তনের মধ্য দিয়ে যে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়, বিকাশ লাভ করে, সেই সমাজতন্ত্রই প্রকৃত সমাজতন্ত্র।' তার পরও বৈজ্ঞানিক সমাজতন্ত্রের নামে দেশে কেন অরাজকতা সৃষ্টি করা হয়েছিল? পাঁচজন সংসদ সদস্যসহ অসংখ্য মানুষকে হত্যা করা হয়, ঈদের জামাতে হামলা করা হয়, পাটের গুদামে আগুন দেওয়া হয়, থানা আক্রমণ করা হয়, রেললাইন তুলে ফেলা হয়। যুদ্ধে ধ্বংসস্তূপে পরিণত হওয়া রাষ্ট্র যখন সবাই মিলে মেরামত করার কথা তখন বৈজ্ঞানিক সমাজতন্ত্রের নামে অরাজকতার পেছনে কী কারণ ছিল তা অনুসন্ধানের দাবি রাখে। সাত. বঙ্গবন্ধু, তাঁর সরকার ও পরিবারের সদস্যদের সম্পর্কে সম্পূর্ণ ভিত্তিহীন বানোয়াট কাহিনি, কদাকার মিথ্যা অপপ্রচার কারা করেছে তা অনুসন্ধান করা জরুরি। আট. বঙ্গবন্ধুর সরকারের ব্যর্থ খাদ্যসচিব আবদুল মোমেন খান জিয়া সরকারের খাদ্যমন্ত্রী হিসেবে পদোন্নতি পেয়েছিলেন। কৃত্রিম খাদ্যসংকট সৃষ্টিতে মোমেন খান ও তার দোসরদের মুখোশ উন্মোচন করা দরকার। নয়. বঙ্গবন্ধুকে হত্যা পরিকল্পনার খবর কেন আগে জানা সম্ভব হয়নি এবং বঙ্গবন্ধু টেলিফোনে সাহায্য চাইলেও কেন সেনাবাহিনীর অন্য কোনো ইউনিট এগিয়ে আসেনি সেটি আজও এক বিরাট প্রশ্ন। দশ. সেনাবাহিনীর মধ্যম সারির কয়েকজন কর্মকর্তার নৃশংস অপরাধের বিচার করতে তদানীন্তন সেনাবাহিনী কেন ব্যর্থ হয়েছিল? সেনাবাহিনীতে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য সেক্টর কমান্ডার কর্নেল (অব.) তাহেরসহ অনেকের বিচার করা সম্ভব হলো। তাহেরকে ফাঁসিতে ঝোলানো হলো, অথচ একই সেনাবাহিনীর বঙ্গবন্ধুর খুনিদের বিচার কেন সম্ভব হলো না? প্রয়োজনে যুদ্ধ করে হলেও খুনিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলে তারা জেলহত্যার সুযোগ পেত না। খুনি ও তাদের দোসরদের না থামানোর ফলে রাষ্ট্র, রাজনীতি ও মুক্তিযুদ্ধের যে ভয়ংকর ক্ষতি হয়েছে ৪৬ বছর ধরে তার কুফল ভোগ করছে রাষ্ট্র। শুধু যে স্বাধীনতাবিরোধীরা রাজনীতিতে পুনর্বাসিত হয়েছে তা নয়, মুক্তিযুদ্ধের লেবাস পরে এমন রাজনীতির অভ্যুদয় হয়েছে যে রাজনীতিতে রাষ্ট্রের স্থপতিকে অস্বীকার করে তাঁর নামনিশানা মুছে ফেলার চেষ্টা করা হয়েছে, মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করে জাতিকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে, জঙ্গিবাদকে আশ্রয়-প্রশ্রয় দিয়েছে, রাষ্ট্রের চরিত্রকে পাল্টে দেওয়ার অপচেষ্টা করেছে, সর্বোপরি রাজনীতিতে দুর্বৃত্তায়ন ঘটিয়েছে। এই অপচেষ্টা এখনো থেমে নেই।

একটি কমিশন গঠন করে হত্যার নেপথ্যের কুশীলবদের মুখোশ উন্মোচন করে তাদের ইতিহাসের কাঠগড়ায় জবাবদিহি করতে বাধ্য করতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার পথে সব ষড়যন্ত্র, হুমকি, বাধাবিপত্তি দূর করতে বাংলাদেশের শত্রু-মিত্র চিহ্নিত করতে হবে। তাহলেই শুধু বঙ্গবন্ধু হত্যার অসম্পূর্ণ বিচার সম্পূর্ণ হবে। কিছুটা হলেও পিতৃহত্যার দায়মুক্তি হবে বাঙালি জাতির।

লেখক: অধ্যাপক, আইন বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

দেশটা হোক সবার



সুধীর সাহা

১৯৪৬ সালে 'গ্রেট ক্যালকাটা কিলিং' নামে দাঙ্গা হয়েছে। ১৯৪৭ সালে কলকাতায় দাঙ্গা হয়েছে সীমিত আকারে। কারণ, সে সময় মহাত্মা গান্ধী কলকাতায় অবস্থান করছিলেন। বাঙালী হিন্দুরা পূর্ব পাকিস্তান থেকে ভারতের পশ্চিম বাংলায় উদ্বাস্তু হিসেবে গমন করেন পর্যায়ক্রমে। ১৯৫০ থেকে এর শুরু। পূর্ব পাকিস্তানে ১৯৫০ সালের দাঙ্গার পর এই যাওয়া অনবরত চলেছে। একটু হয়তো কমে এসেছিল, কিন্তু ১৯৬৪ সালের দাঙ্গায় আবার তা বেড়ে গেল। ১৯৭১ সালে ইয়াহিয়ার অত্যাচার যখন পূর্ব পাকিস্তানের মানুষের সহ্যের মাত্রা ছাড়িয়েছিল, তখন পূর্ব পাকিস্তান থেকে ব্যাপক জনস্রোতের আগমন ঘটে পশ্চিম বাংলায়। ১৯৭২ সালে দুর্গাপূজার সময় একসঙ্গে সারা বাংলাদেশের মন্দির এবং পূজামন্ডপে হামলা হয়েছিল। ১৯৮১ এবং ১৯৯০ সালে আবার দাঙ্গা হয় বাংলাদেশে। মন্দির ধ্বংস করা হয়, হিন্দুদের বাড়িঘরের ক্ষতি করা হয়। ২০০১ সালের নির্বাচনের পর ধ্বংসযজ্ঞ চালানো হয় বাংলাদেশের হিন্দুদের ওপর। ফলস্বরূপ বাংলাদেশের হিন্দু সম্প্রদায়ের লোক পশ্চিম বাংলায় আশ্রয় নেওয়া অব্যাহত রাখেন। হিন্দু নির্যাতনের ঘটনা ঘটেছে ২০১২, ২০১৩, ২০১৪, ২০১৫ এবং ২০১৬ সালে। মহাত্মা গান্ধীর পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ সাম্প্রদায়িক দাঙ্গার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন। নোয়াখালীর দাঙ্গা থামাতে ছুটে এসেছিলেন মহাত্মা গান্ধীও। ১৯৬৪ সালের দাঙ্গা থামাতে বঙ্গবন্ধু রাস্তায় দাঁড়িয়ে পড়েছিলেন। 'পূর্ব পাকিস্তান রুখিয়া দাঁড়াও' বলে অসাম্প্রদায়িক চেতনার ডাক দিয়েছিলেন বঙ্গবন্ধু। শেখ হাসিনার সরকার ক্ষমতা গ্রহণের পর সাম্প্রদায়িক দাঙ্গার সুযোগ নষ্ট করে দেয় বারবার। কিন্তু বাঙালী হিন্দু জনগোষ্ঠীর দেশত্যাগ থেমে থাকেনি। পশ্চিম বাংলা এবং কলকাতার উন্নতি ও বলিষ্ঠ অবস্থানের পেছনে অনেকটাই কাজ করেছে বাংলাদেশ থেকে চলে যাওয়া বাঙালী হিন্দুরা। ২০১৪-এর হিসাব অনুযায়ী, বাংলাদেশে হিন্দু জনগোষ্ঠীর সংখ্যা শতকরা মাত্র ৮ ভাগে নেমে আসে।

হিন্দু জনগোষ্ঠীর বাংলাদেশ ত্যাগ করার ফলটা বাংলাদেশের জন্য ভালো হয়নি। ভারতের পশ্চিম বাংলা এবং কলকাতা শহর বাংলাদেশের মেধাবী হিন্দু জনগোষ্ঠীর সুফল লাভ করেছে। রবীন্দ্রনাথ আর নজরুলের বাংলাদেশ কিন্তু প্রভূতভাবেই ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দু জনগোষ্ঠীর বিদায়জনিত কারণে। বঙ্গবন্ধুর বাংলাদেশ এমনটা কখনও চায়নি। বাস্তবে তা-ই ঘটল। পশ্চিম বাংলার রাজনীতি, সাহিত্য জগৎসহ মেধাজগতের সব বিভাগ ঘুরে দেখলেই এর সত্যতা প্রমাণিত হয়ে যাবে। অন্যদিকে, ভারতবর্ষ এবং পাকিস্তানের সময়কালে এ অঞ্চলের সাহিত্য, সংস্কৃতি, অর্থনীতি, শিক্ষাসহ বুদ্ধিমত্তার স্থানগুলোর সঙ্গে আজকের বাংলাদেশের তুলনামূলক বিশ্লেষণ করলে এ চিরায়ত সত্য রূপটি চোখে ধরা পড়বে। এ চরম সত্য সংবাদটি আমাদের হয়তো তেমন করে দেখা হয়নি। যারা দেশ ছেড়ে চলে গেছেন তারা শঙ্কা ও ভয়ে ছিলেন। কিন্তু তারা নিজের স্বার্থে নিজের অজান্তেই দেশটির ক্ষতি করে গেছেন। ভাবতেও চাননি, তারা কী হারাচ্ছেন এর ফলে। আর যারা পাশে বসে দর্শকের ভূমিকা পালন করেছেন, তাদের হয়তো বুঝতে বুঝতেই সময়টা গড়িয়ে গেছে। মিথ্যা অজুহাত, মিথ্যা রটনা এবং মিথ্যা সংবাদ দিয়ে সাজানো বাগানে এক দল মনের কষ্টে দেশ ছেড়েছে, এক দল পাশের বাড়ির অট্টালিকাটি লাভের আনন্দে মেতেছে, আরেক দল দূরে থেকে শুধু আফসোস করেছে।

যারা উন্নত দেশের চৌকাঠ পেরোতে অক্ষম হয়েছেন, তারা চলে গেছেন ভারতের পশ্চিম বাংলায়। এভাবেই অসাম্প্রদায়িক বাংলাদেশের হিন্দু জনগোষ্ঠীর সংখ্যা কমতে থাকে। এতে ক্ষতি হয়েছে ওই চলে যাওয়া মানুষগুলোর; ক্ষতি হয়েছে দেশ-জাতির, ক্ষতি হয়েছে মেধাভিত্তিক সমাজের। মানুষ বিভ্রান্ত হয়েছে- এ কথাটা শুনতে শুনতে কত লোক বালক থেকে প্রৌঢ় হয়ে গেলেন। কিন্তু মানুষ কেন বিভ্রান্ত হয়, তার অনুসন্ধান নিয়ে তেমন কোনো ভাবনা বা উদ্বেগের চিহ্ন খুব একটা দেখা যায় না সমাজজীবনে। এই মানুষই তো একদিন পরম আস্থায় দেশমাতৃকার জন্য কাঁধে কাঁধ মিলিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। তখন কেউ খোঁজেনি কে হিন্দু, কে মুসলিম, কে বৌদ্ধ আর কে খ্রিষ্টান। মিলিত মানুষের মনের জোর আর অসাম্প্রদায়িক চেতনার এমন বহিঃপ্রকাশে সেদিন অবাক হয়ে তাকিয়ে দেখেছে বিশ্ববাসী। আবেগের স্রোত সেদিন এত বেশি ছিল যে, হাজার হাজার হিন্দু জনগোষ্ঠী একদিন যারা ফিরে গিয়েছিল ভারতে, আশ্রয় নিয়েছিল ভিন দেশে, তাদের অনেকেই আবার ফিরে এসেছিল নিজের ভিটায়। কিন্তু বেশিদিন এই মনোবল থাকেনি। আবারও সেই পুরোনো পন্থা, আবারও সেই ভেদাভেদ। একান্ত ভোটনির্ভরতার কারণে ক্ষমতায় আসার জয়োল্লাসে আবারও ঢাকা পড়ে যায় মানবতার মৌলিক প্রশ্ন। একটি দেশের শতকরা ৩১ ভাগ ৭০ বছরের ব্যবধানে হয়ে দাঁড়াল মাত্র ৮ ভাগ। এতে যদি দেশটির ভালো হতো, তাহলে বলার কিছু থাকত না।

ফরাসি প্রেসিডেন্টের বক্তব্যের ওপর সমর্থনসূচক লাইক দেওয়াতে কুমিল্লার মুরাদনগর উপজেলার বাঙ্গরা বাজার থানার কোরবানপুর গ্রামের শংকর দেবনাথ এবং অনিক ভৌমিকের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হয়েছে এবং পুলিশ তাদের গ্রেপ্তার করেছে। তবুও তাতে সন্তুষ্ট হতে পারেনি আশপাশের কয়েক হাজার কট্টরপন্থি মানুষ। স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান বনকুমার শিবের ওপরও তারা খুশি হতে পারেনি। কেননা, চেয়ারম্যান ঘটনার ভয়াবহতা অনুধাবন করে তাদের পুলিশের হাতে তুলে দিতে সাহায্য করেন। কট্টরপন্থিদের বক্তব্য- পুলিশের কাছে নয়, এ দুজন লোককে তাদের হাতে তুলে দেওয়া উচিত ছিল, যাতে তারা ওই দুজনকে হত্যা করতে পারে। চেয়ারম্যান বনকুমার শিব, শংকর দেবনাথ এবং অনিক ভৌমিকের বাড়িতে অগ্নিসংযোগ, ভাঙচুর ও লুটপাট করে ১২টি ঘর পুড়িয়ে ছাই করে দিয়েছে কট্টরপন্থিরা। এটি শুধু তিনটি পরিবারের বিষয় নয়, এটি ওই এলাকার সমস্ত সংখ্যালঘু মানুষের মনের গহিনে ঢুকে যাওয়া ভয়ের চিত্র। বাংলার মাটি, দুর্জয় ঘাঁটি। কাদের জন্য এ মাটি? কারা সোনার থালায় ভরিয়ে দেবে এ মাটির মানুষদের? এ মাটিতে জন্ম নিয়েও কাউকে কাউকে ভিন দেশে পালিয়ে যেতে হয়। কবে হবে এ দুর্জয় ঘাঁটির বোধোদয়? দেশটা হোক সবার, যেমন ছিল একাত্তরে।

লেখক: অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা; কলাম লেখক

শতাধিক যাত্রীকে বাঁচানো ক্যাপ্টেন নওশাদ আর নেই

(প্রথম পাতার পর)

অ্যাটাকের শিকার হওয়া বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট ক্যাপ্টেন নওশাদ কাইয়ুম এখন ভারতের নাগপুরের কিংসওয়ে হাসপাতালের নিবিড় পরিচর্যা ইউনিটে (আই-সিইউ) 'কোমা'য় আছেন।

হাসপাতালের সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) রোশান ফুলবান্ধে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-কে বলেন, 'ক্যাপ্টেন নওশাদের অবস্থা গুরুতর... তিনি সম্পূর্ণ ভেন্টিলেশনের সহায়তায় বেঁচে আছেন... তার মস্তিষ্কে প্রচুর রক্তক্ষরণ হয়েছে... তিনি কোমায় আছেন।'

হাসপাতালের মেডিকেল সার্ভিসেস ডিরেক্টর ডা. সুভরজিৎ দাশগুপ্ত, ক্রিটিক্যাল কেয়ার ফিজিশিয়ান ডা. রঞ্জন বারোকার, এবং ডা. বীরেন্দ্র বেলেকারের অধীনে চিকিৎসাধীন রয়েছেন ক্যাপ্টেন নওশাদ কাইয়ুম।

শুক্রবার সকালে ওমানের মাস্কাট থেকে শতাধিক যাত্রী নিয়ে বিজি-০২২ ফ্লাইটটি নিয়ে ঢাকা আসার পথে ভারতের আকাশে থাকা অবস্থায় ক্যাপ্টেন কাইউম অসুস্থ বোধ করেন। পরবর্তীতে বিমানটিকে মহারাষ্ট্রের নাগপুরের ড. বাবাসাহেব আম্বেদকর আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করানো হয়।

ক্ষমতাসীন জোটে

(প্রথম পাতার পর)

থাকছে। ক্ষমতাসীন জোটটির শরিক দলগুলোর কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ বেশ কয়েকজন নেতার সঙ্গে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে।

গত ২৪ আগস্ট বাংলাদেশ জাসদের দলীয় এক অনুষ্ঠানে দলটির সভাপতি শরিফ নুরুল আম্বিয়া বলেছেন, 'আমরা ১৪ দলের কোনো কর্মসূচিতে যাই না। তবে এখনো জোট থেকে বের হয়ে যাইনি।'

জোটে দলটির অবস্থানের বিষয়ে জানতে চাইলে শরিফ নুরুল আম্বিয়া বলেন, 'আমরা অনেক দিন ধরেই যাই না (কর্মসূচিতে)। ১৪ দল তো এখন শুধু দিবসভিত্তিক কিছু কর্মসূচি পালন করে থাকে। অন্য কোনো ইস্যুতে তেমন আলাপ নেই। আওয়ামী লীগ যদি আলাপ না করতে চায়, তাহলে আমরা তো তাদের বাধ্য করতে পারব না। শুরুতে ১৪ দলের সুনির্দিষ্ট লক্ষ্য ছিল। জোটটি বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ করতে পেরেছে। এখন আর সে অবস্থা নেই।' তিনি বলেন, 'আওয়ামী লীগের বর্তমান সময়ের কর্মকাণ্ড জোটের হারমনির (ছন্দ) সঙ্গে যায় না। তাদের অনেকেই দুর্নীতিতে মগ্ন। সেক্যুলার রাজনীতি করার যে কষ্ট তা তারা করতে চায় না। এটা বঙ্গবন্ধু করেছেন। তিনি গ্রামে-গঞ্জে ঘুরে বিপুলসংখ্যক মানুষকে নিজেদের মতাদর্শের পক্ষে পরিবর্তন করেছেন। কিন্তু এখনকার আওয়ামী লীগ তা চায় না। তারা চায় নানা সমীকরণ মিলিয়ে ক্ষমতায় থাকতে। তারা চায় নানা কিছু দখল করতে। কিন্তু মানুষকে পরিবর্তন করে নিজেদের পক্ষে আনার দিকে তারা নেই।'

২০০৪ সালের ২১ আগস্ট রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউতে তখনকার বিরোধী দল আওয়ামী লীগের সমাবেশে ভয়াবহ গ্রেনেড হামলার পর মুক্তিযুদ্ধের পক্ষের গণতান্ত্রিক প্রগতিশীল দলগুলোকে নিয়ে জোট গঠনের প্রক্রিয়া শুরু হয়। ওই বছরই ২৩ দফা ঘোষণা দিয়ে ১৪ দলীয় জোটের যাত্রা শুরু হয়। আওয়ামী লীগ, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ), ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) ও ১১ দলীয় জোট মিলে এই জোট গঠিত হয়। কিন্তু জোট গঠনের পরপরই ১১ দল থেকে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ)সহ কয়েকটি দল বেরিয়ে যায়। কিন্তু জোটটি ১৪ দল নামেই বিএনপি-জামায়াতের নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে। পরে ২০০৭ সালের এক-এগারোর রাজনৈতিক পটপরিবর্তনের পর ধীরে ধীরে নিষ্ক্রিয় হয়ে যায় জোটের শরিক ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন গণফোরাম। দলটি আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিয়ে ১৪ দল ছেড়ে না গেলেও একাদশ সংসদ নির্বাচনের আগে বিএনপিসহ কয়েকটি দল নিয়ে জাতীয় ঐক্যফ্রন্ট গঠন করে। আওয়ামী লীগ ক্ষমতায় থাকার প্রায় ১৩ বছরে আর কোনো দল আওয়ামী লীগের জোট ছেড়ে যায়নি। বরং আনোয়ার হোসেন মঞ্জুর নেতৃত্বাধীন জাতীয় পার্টি (জেপি) ও নজিবুল বশর মাইজভাণ্ডারীর নেতৃত্বাধীন তরিকত ফেডারেশন জোটে যোগ দেয়। এখন যদি বাংলাদেশ জাসদ বেরিয়ে যায়, তাহলে আওয়ামী লীগ ক্ষমতায় থাকার সময়ে এই প্রথম জোটটিতে ভাঙন দেখা যাবে।

জোটের অন্যতম গুরুত্বপূর্ণ শরিক হাসানুল হক ইনুর নেতৃত্বাধীন জাসদের সঙ্গেও বেশ টানাপড়েন চলছে আওয়ামী লীগের। গত বৃহস্পতিবার আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম এক আলোচনাসভায় বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডের পর জাসদ নেতা হাসানুল হক ইনু ও কর্নেল তাহের বাংলাদেশ বেতারে গিয়েছিলেন উল্লেখ করে এ হত্যাকাণ্ডে তাঁদেরও দায় আছে মন্তব্য করেন। এর আগে আওয়ামী লীগের একাধিক কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ নেতাও বঙ্গবন্ধু হত্যায় জাসদের দায় আছে বলে মন্তব্য করেন।

আওয়ামী লীগের নেতাদের কাছ থেকে নেতিবাচক সমালোচনা শুনে ক্ষুব্ধ জাসদের কেন্দ্রীয় নেতারা। তাঁরাও পাল্টা বক্তব্য দিচ্ছেন। শেখ সেলিমের বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়ে বৃহস্পতিবার একটি বিবৃতি দেয় জাসদ। দলটির দপ্তর সম্পাদক সাজ্জাদ হোসেন স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, 'বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের সঙ্গে জাসদকে যুক্ত করে বক্তব্য প্রদানকারী শেখ সেলিম ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁর আপন মামা বঙ্গবন্ধু ও আপন ভাই শেখ মনির লাশ ফেলে রেখে বঙ্গবন্ধুর হত্যাকারীদের সঙ্গে যুক্ত তৎকালীন আমেরিকার দূতাবাসে গিয়ে কী করেছিলেন, তা জাতি জানতে চায়।'

সূত্রগুলো জানায়, আওয়ামী লীগ ও জাসদের এমন পাল্টাপাল্টি বক্তব্য জোটের মধ্যে অস্থিরতারই বহিঃপ্রকাশ। দিবসভিত্তিক ভার্চুয়াল সভা-সেমিনার আয়োজন ছাড়া কার্যত নিষ্ক্রিয় ১৪ দলের এই দুই শরিকের মধ্যে কাদা ছোড়াছুড়ি বাড়তে থাকলে তার পরিণতি হতে পারে জোট ভাঙন।

নাম প্রকাশ না করার শর্তে জাসদের একজন নেতা বলেন, স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের রাজনীতিতে জাসদের ভূমিকা নিয়ে আওয়ামী লীগ সমালোচনা করতে পারে। কিন্তু বঙ্গবন্ধুকে হত্যার সঙ্গে জাসদকে সম্পৃক্ত করতে চাওয়াটা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। তাঁরা তো আওয়ামী লীগের নেতাদের ইতিহাস নিয়ে ঘাঁটাঘাঁটি করতে যান না। কিন্তু আওয়ামী লীগ নেতারা এগুলো করতে চাইলে তা জোটের জন্য ক্ষতিকর হবে।

সূত্রগুলো জানায়, আওয়ামী লীগের কর্মকাণ্ডে ১৪ দলের বেশ কয়েকটি শরিক ক্ষুব্ধ। কিন্তু মুক্তিযুদ্ধের চেতনার পক্ষের শক্তির বিকল্প কোনো বড় রাজনৈতিক জোট না থাকায় তারা জোট ছাড়ছে না। আবার স্বতন্ত্র অবস্থান তৈরির মতো সাংগঠনিক সক্ষমতা নেই বলে অনেকটা বাধ্য হয়েই জোটে থাকছে।

নাম প্রকাশ না করার শর্তে শরিক একটি বাম দলের সাধারণ সম্পাদক বলেন, জোটের রাজনীতিতে আওয়ামী লীগ এখন আর ন্যূনতম গণতান্ত্রিক চর্চা করছে না। তাঁরা উপেক্ষিত। কিন্তু জোট ছেড়ে কই যাবেন আবার আওয়ামী লীগের সঙ্গে জোট করে গত ১৭ বছরে তেমন কোনো সাংগঠনিক লাভও হয়নি। সব মিলিয়ে দোটানায় আছেন তাঁরা।

জানতে চাইলে ন্যাপের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন বলেন, 'আওয়ামী লীগের সঙ্গে আমাদের জোট হলো অসম একটি জোট। এখানে কখনোই সবার মতামতের ভিত্তিতে কিছু করার পরিবেশ গড়ে ওঠেনি। বরাবরই আওয়ামী লীগের একচ্ছত্র আধিপত্য।' তিনি বলেন, 'সামনে নির্বাচন। এই নির্বাচন আওয়ামী লীগ কিভাবে করবে, কী করবে এটা গুরুত্বপূর্ণ। তাদের ওপর অনেক কিছু নির্ভর করবে। তারা যদি নির্বাচন সামনে রেখে দক্ষিণপন্থী (ধর্মভিত্তিক) দলগুলোর দিকে ঝোঁকে, তাহলে ১৪ দলের বামদের সঙ্গে আওয়ামী লীগের দূরত্ব বাড়বে।

২৬ জনের দেহে করোনা ছড়িয়েছেন এক শিক্ষক!

(প্রথম পাতার পর)

করোনার সংক্রমণ ছড়িয়ে দিয়েছেন। এদের মধ্যে ১২ জন শ্রেণীকক্ষের শিক্ষার্থী।

সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন'র (সিডিসি) একটি নতুন গবেষণায় শুক্রবার এ কথা জানানো হয়েছে।

স্বাস্থ্য সংখ্যা জানিয়েছে, এই সংক্রমণের ঘটনা স্কুলকর্মীদের টিকা দেয়ার গুরুত্ব তুলে ধরেছে, যাতে ছোট বাচ্চাদের রক্ষা করা যায়, যারা এখনো ভ্যাকসিনের জন্য যোগ্য নয়। কারণ বিশ্বব্যাপী অতি-সংক্রামক ডেল্টা ভেরিয়েন্ট ছড়িয়ে পড়ার মধ্যে স্কুলগুলো পুনরায় চালু করা হয়েছে।

সিডিসি বলেছে, সানফ্রান্সিসকোর উপশহর মারিন কাউন্ট্রিতে এই ঘটনা ঘটেছে। এই শিক্ষক ১৩-১৬ মে সামাজিক অনুষ্ঠানে যোগ দিয়েছেন, ১৯ মে থেকে উপসর্গ দেখা দেয়, ২১ মে পর্যন্ত তিনি কোভিড টেস্ট করেননি। তিনি এটাকে অ্যালার্জি ধরে নিয়েছিলেন।

এতে বলা হয়, 'সামাজিক অনুষ্ঠানের যোগ দেয়ার পরের দিনগুলোতে মাস্ক না পরেই স্কুলে পাঠদান করেছেন, যদিও স্কুলের নিয়ম ছিল মাস্ক পরে শ্রেণীকক্ষে পাঠদান করা।'

শিক্ষকের ২৪ জন শিক্ষার্থীর সকলেই টিকা গ্রহণের অযোগ্য ছিল, কারণ তাদের বয়স সকলেরই ১২ বছরের নিচে। এদের ২২ জন ছাত্রের টেস্ট করা হয়েছে, তাদের মধ্যে ১২ জনের করোনা পজিটিভ পাওয়া গেছে।

আক্রান্ত শিক্ষার্থীদের সামনের দু'টি সারির ১০ জনের মধ্যে ৮ জন আক্রান্ত হয়েছেন, আক্রান্তের হার ৮০ শতাংশ; পেছনের তিনটি সারির ১৪ জনের মধ্যে ৪ জন আক্রান্ত হয়েছেন।

এছাড়া অন্য শ্রেণীকক্ষের অন্য গ্রেডের আরো ৬ জন শিক্ষার্থীও সংক্রমিত হয়েছে, তবে এক শ্রেণীকক্ষ থেকে অন্য শ্রেণীকক্ষে কিভাবে সংক্রমণ হয়েছে সেটি স্পষ্ট নয়। গবেষকরা ধারণা করছেন, এদের মধ্যে পরস্পর যোগাযোগ ঘটেছে। এরা সকলেই ডেল্টা ভেরিয়েন্টে সংক্রমিত হয়েছেন।

সেপ্টেম্বর থেকে আনএমপ্লয়মেন্ট বন্ধ: বেকারত্ব-গৃহহীন

(প্রথম পাতার পর)

আশঙ্কা দেখা দিয়েছে ভাড়া দিতে অপারগ বিপুল সংখ্যক পরিবারকে।

কাবুল বিমানবন্দরে জঙ্গি হামলায় ১৩ আমেনিকান সেনাসহ ১০০ জনের ওপর মৃত্যুর ঘটনা ঘটেছে। ক্ষমতা গ্রহণের পর মানবিক ইমিগ্র্যাশন ব্যাবস্থা গড়ে তোলার ঘোষণা দিয়েছিলেন বাইডেন। কিন্তু গত আট মাসে কার্যকর হয়নি কিছুই। বরং মেক্সিকো সীমান্ত দিয়ে বাঁধভাঙা জোয়ারের মতো যুক্তরাষ্ট্রে অভিবাসীর প্রবাহ বেড়েছে। এর বাইরে আফগানিস্তান থেকে বিশেষ ভিসায় অনেককে নিয়ে আসা হচ্ছে যুক্তরাষ্ট্রে। এই সুযোগে বিতর্কিত সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন, বাইডেন যুক্তরাষ্ট্রের সীমান্ত খুলে দিয়েছেন। ফলে যুক্তরাষ্ট্রে অপরাধী ও নথিপত্রহীন লোকজন ঢুকছে। এতে আমেরিকার নিরাপত্তা হুমকির মুখে পড়েছে। এই অবস্থায় প্রেসিডেন্ট জো বাইডেনের জনপ্রিয়তায় ধ্বস নেমেছে। দাবী উঠেছে পদত্যাগের। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিতর্কিত বিভিন্ন ইস্যু এবং বৈষম্যমুলক বিভিন্ন কর্মকান্ডের বিরুদ্ধে বাইডেনকে নিয়ে যুক্তরাষ্ট্রে যে আশাবাদ তৈরি হয়েছিল, তা মারাত্মকভাবে ধাক্কা খেয়েছে। ফলে ডেমোক্রেটিক পার্টিসহ মার্কিন উদারনৈতিক মহল দুশ্চিন্তায় পড়েছে। গত জুনে জাতীয় জনমত জরিপে বাইডেনের ওপর আমেরিকার ৫৪ শতাংশ লোকজনের আস্থা রয়েছে বলে দেখা যায়। এরপর প্রতি মাসেই জনমত জরিপে তাঁর জনপ্রিয়তার হার কমেছে। আগস্টের শেষ দিকে এসে তাঁর প্রতি জনগণের আস্থা ৪৭ শতাংশের নিচে নেমে গেছে। ২০ বছরের আফগান যুদ্ধের অবসানের ঘোষণা দিয়ে যুদ্ধবিরোধী প্রশংসা পেয়েছিলেন বাইডেন। কিন্তু আফগানিান থেকে সেনা প্রত্যাহারের পরিকল্পনা বাস্তবায়ন করতে গিয়ে চরম অব্যবস্থাপনার দৃশ্য সামনে চলে আসে। এ নিয়ে বাইডেনের দলেই তিনি মুখোমুখি হচ্ছে তীব্র সমালোচনার। গত বৃহস্পতিবার কাবুলে আত্মঘাতী বোমা হামলায় ১৩ আমেরিকান সেনা নিহত হন। বলা হচ্ছে, এ ঘটনা প্রেসিডেন্ট বাইডেনের ওপর জনগণের আস্থায় চিড় ধরিয়েছে। সেনাদের পরিবারসহ সাধারণ জনগণ বর্তমান পরিস্থিতির জন্য বাইডেনকে দোষারোপ করছে। এমন প্রেক্ষাপটে গতশনিবার প্রেসিডেন্ট বাইডেন সতর্ক করে বলেছেন, কাবুলে আবার জঙ্গি হামলা হতে পারে। মার্কিন সেনা প্রত্যাহারের মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রের 'আফগান বোঝা' সরছে না বলে এখন মনে করছে আমেরিকার লোকজন। যুক্তরাষ্ট্রকে নতুন করে জঙ্গি মোকাবিলা করতে হতে পারে বলে মার্কিন জনগণের মনে এক অজানা আতঙ্ক ভর করেছে।ট্রাম্প ক্ষমতায় থাকাকালে করোনা মহামারি মোকাবিলায় ব্যর্থ হয়েছেন বলে অধিকাংশ আমেরিকান রায় দেন। প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়ে বাইডেন মহামারি মোকাবিলাকেই তাঁর প্রথম অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেন। তিনি ঘোষণা দিয়েছিলেন যে ৪ জুলাই আমেরিকার স্বাধীনতা দিবসের আগেই ৭০ শতাংশ লোকজনকে টিকার আওতায় নিয়ে আসা হবে। কিন্তু তাঁর এ লক্ষ্য অর্জিত হয়নি। উল্টো যুক্তরাষ্ট্রে এখন নতুন করে করোনার ডেল্টা ধরনের সংক্রমণ বাড়ছে। যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত ৬ লাখ ৩২ হাজারের বেশি মানুষ করোনায় মারা গেছেন। স্বাস্থ্যসেবীদের আশঙ্কা, বছর শেষ হওয়ার আগে যুক্তরাষ্ট্রে করোনায় আরও এক লাখ মানুষের মৃত্যু হতে পারে। ফলে মহামারি মোকাবিলা নিয়ে বাইডেন প্রশাসনের সমালোচনা হচ্ছে।

জাতিসংঘে ট্রাম্প নিযুক্ত আমেরিকার সাবেক রাষ্ট্রদূত নিক্কি হ্যালি টুইট করে বলেন, "বাইডেন কি এবার পদত্যাগ করবেন, নাকি তাকে সরানো হবে? তবে বাইডেন সরে গেলে যদি কমলা হ্যারিস প্রেসিডেন্ট হন, তাহলে তা দশগুণ খারাপ হবে। স্রষ্টা আমাদের রক্ষা করুন।চ নিক্কির এই টুইটের পরে রিপাবলিকান পার্টির একাধিক কংগ্রেস ম্যান টুইট করে বাইডেনের পদত্যাগ দাবি করতে থাকেন। বাইডেনের সঙ্গে সঙ্গে তারা কমলা হ্যারিস ও পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনেরও পদত্যাগ দাবি করেন। রিপাবলিকান কংগ্রেস সদস্যরা বলতে থাকেন, যদি একটা ফোনের জন্য ডোনাল্ড ট্রাম্পকে ইমপিচ করা হয়ে থাকে, তাহলে কেন বাইডেনের ইমপিচমেন্ট হবে না। আফগানিস্তানে সেনা মৃত্যুর ঘটনা শেষবার হয়েছিল ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে। তার কয়েক সপ্তাহ পরই তৎকালীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তালেবানের সঙ্গে চুক্তি করেন, যাতে বাহিনীর উপর তারা কোনও হামলা না করে। ফলে গত বৃহস্পতিবার কাবুলের বিস্ফোরণে ১৩ সেনার মৃত্যু বাইডেনকে চরম অস্বস্তিতে ফেলেছে। তালেবান যেভাবে আফগানিস্তান নিজেদের দখলে নিয়েছে, তাতে গোটা বিশ্বের সঙ্গে আমেরিকানদের একটি বড় অংশ বাইডেনের উপর ক্ষুব্ধ। কাবুলের বিস্ফোরণ সেই ক্ষোভকে আরও বাড়িয়ে তুলেছে। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার রাতে ধারাবাহিক বিস্ফোরণে কেঁপে ওঠে কাবুল। মূলত বিমানবন্দর চত্বরে জোরালো বিস্ফোরণ হয়। সেই সময় তালেবান অধিকৃত আফগানিস্তান ছাড়তে চাওয়া কয়েক হাজার আফগান নাগরিক জড়ো হয়েছিলেন বিমানবন্দরে। আফগান নাগরিকদের নিয়ে মার্কিন বিমান ওড়ার আগেই পরপর বিস্ফোরণ ঘটে। এখনও পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী, বিস্ফোরণে ১০০ জনের ওপরে মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ১৩ জন মার্কিন সেনা রয়েছেন। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

যুদ্ধ শুরুর বছর জন্ম মার্কিন সেনার, যুদ্ধ শেষে কাবুলেই মৃত্যু

(প্রথম পাতার পর)

বৃহস্পতিবার সন্ধ্যায় আইএস বোমা হামলা করে। এই হামলায় নিহতদের বিষয়ে ধীরে ধীরে বিস্তারিত তথ্য পাওয়া যাচ্ছে।

আন্তর্জাতিক জঙ্গি গোষ্ঠী ইসলামি স্টেট (আইএস) এর খোরাসান শাখার ওই হামলায় যুক্তরাষ্ট্রের ১৩ জন সেনাসহ ১৭০ জনের অধিক মানুষ নিহত হয়েছেন। শনিবার যুক্তরাষ্ট্র জানিয়েছে, নিহতদের মধ্যে তাদের সেনাবাহিনীর বিশেষ শাখার একজন সদস্যও রয়েছে।

এই হামলায় নিহত হয়েছেন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার কাঠমিস্ত্রি স্টিভ নিকভির ছেলে ল্যান্স কর্পোরাল কারিম।

শোকে বিহ্বল এই বাবা বলেন, যা ঘটেছে আমি তা মেনে নিতে পারছি না। যুদ্ধ শুরুর বছর (২০০১ সালে) কারিম জন্ম গ্রহণ করেছিল, যুদ্ধ শেষেই মারা গেল!

যুক্তরাষ্ট্রের স্থানীয় গণমাধ্যম ডেইলি বিস্টের খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী এখনও নিহত ১৩ সেনার নাম প্রকাশ করেনি। তবে মার্কিন বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, নিহতদের মধ্যে ১০ জন মেরিন সেনা, দুইজন সেনাবাহিনীর সদস্য এবং নৌবাহিনীর একজন কর্পোরাল রয়েছেন।

নিহত মেরিন সেনা কারিমের বাবা স্টিভ বলেন, কাবুলে বোমা হামলায় যেসব মেরিন নিহত হয়েছে তাদের পরিবারের সঙ্গে আট ঘণ্টার মধ্যেই যোগাযোগ করা হয়। শুক্রবার সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে কারিমের মৃত্যুর সংবাদ দিতে মেরিন সেনারা তাদের বাড়ি আসেন। স্টিভ নিকভি বলেন, যারা খবর দিতে এসেছিল আমার থেকেও তারা বেশি কাঁদছিল। তাদেরকে আমি শান্ত্বনা দেওয়ার চেষ্টা করছিলাম। ছেলে হারানো এই বাবা বলেন, আমি সারারাত ঘুমাতে পারিনি। যা ঘটেছে তা আমি কিছুতেই মানতে পারছি না। কারিমের দেহাবশেষ আনতে তিনি ডেলোয়ার প্রদেশে যাবেন বলেও জানান।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর আল কায়েদা যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে বিমান ছিনতাই করে হামলা করে। এই হামলার পর যুক্তরাষ্ট্র আফগানিস্তানে হামলা চালিয়ে তৎকালীন তালেবান সরকারকে উৎখাত করে। কিন্তু গত বছর সেই তালেবানের সঙ্গেই যুক্তরাষ্ট্র আবার সমঝোতা করে। আর সেই পটভূমিতেই আফগানিস্তান থেকে আগামী ৩১ আগস্টের মধ্যে সকল বিদেশী সৈন্য প্রত্যাহার করা হচ্ছে। কিন্তু বিদেশি সেনা প্রত্যাহারের শেষ সময়ে কাবুল বিমানবন্দরে ভয়াবহ বোমা হামলা হয়।

শেখ হাসিনা আসছেন ১৯ সেপ্টেম্বর

(প্রথম পাতার পর)

অধিবেশে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগ দিতে নিউইয়র্ক আসছেন ১৯ সেপ্টেম্বর। তিনি আসন্ন অধিবেশনে বাংলাদেশ দলের প্রতিনিধিত্ব করবেন। জাতিসংঘে বাংলাদেশ মিশন, কূটনৈতিক সূত্র ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সূত্রে এসব তথ্য জানা গেছে।

জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগদানকালীন সময়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত যুক্তরাষ্ট্র অবস্থান করবেন বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। প্রধানমন্ত্রী ১৯ সেপ্টেম্বর রোববার দুপুরে জেএফকে বিমানবন্দরে পৌছার পর সেখান থেকে সরাসরি তাঁর জন্য নির্ধারিত হোটেলে উঠবেন। পরবর্তীতে ২৪ অথবা ২৫ সেপ্টেম্বর সাধারণ অধিবেশনে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর ভাষণের দিন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ জাতিসংঘ ভবনের সামনে শান্তি সমাবেশ করবে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে তাঁর সঙ্গে দলীয় নেতা-কর্মীর সাক্ষাতের সময় না থাকলেও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে ভর্চুয়ালী তাঁকে সংবর্ধণা প্রদান এবং 'ভাচ্যুয়াল ভিডিও কনফারেন্স'-এর মাধ্যমে প্রধানমন্ত্রী দলীয় নেতা-কর্মীদের উদ্দেশ্যে ভাষণ দিতে পারেন বলে সূত্র জানায়। এরবার ঘটা করে তাঁর জন্মদিনও পালিত হবে না। প্রধানমন্ত্রী ওয়াশিংটন ডিসি হয়ে ১ অক্টোবর লন্ডনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র ত্যাগ করবেন বলে জানা গেছে। উল্লেখ্য, ২৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার জন্ম দিন।

জানা গেছে, মহামারী করোনা, আফগানিস্তান প্রসঙ্গ সহ আন্তর্জাতিক প্রেক্ষাপটে জাতিসংঘের ৭৬তম সাধারণ অধিবেশন হয়ে উঠবে গুরুত্বপূর্ণ। পাশাপাশি করোনার প্রেক্ষিতে সৃষ্ট নানা সঙ্কট সহ রোহিঙ্গা ইস্যু-কে কেন্দ্র করে বাংলাদেশও এবারের অধিবেশনকে গুরুত্বপূর্ণ অধিবেশন হিসেবে দেখছে। সূত্র মতে, অতীতের মতো প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা ইস্যু ছাড়াও করোনা পরিস্থিতিতে সৃষ্ট নানা সঙ্কটের কথা গুরুত্বের সাথে তুলে ধরবেন।

এদিকে জাতিসংঘের সাধারণ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন উপলক্ষ্যে বাংলাদেশ মিশনে চলছে ব্যস্ততা। সূত্র মতে করোনার কারণে প্রধানমন্ত্রীর সফর সঙ্গী থাকবেন সীমিত। অপরদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগও দলের পক্ষ থেকে নিচ্ছে নানা প্রস্তুতি।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান জানান, প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে ফাইনালী নিউইয়র্ক আসছেন। তিনি ১৯ সেপ্টেম্বর রোববার নিউইয়র্ক এসে পৌছবেন। তাঁর করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনেই তাঁর সম্মানে যা করার তাই করবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ।

এদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এবং প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম প্রেরীত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী 'জাতির জনক' বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী 'দেশরত্ন' শেখ হাসিনা ৭৬তম জাতিসংঘের সাধারণ অধিবেশনে অংশগ্রহণ করার লক্ষ্যে আগামী সেপ্টেম্বর ১৯ তারিখ জেএফকে বিমান বন্দরে অবতরণ করবেন। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে যুক্তরাষ্ট্রে আগমনে শুভেচ্ছা ও স্বাগতম জানানো হবে। বিগত বছরে, যেভাবে প্রধানমন্ত্রীর সাথে দেখা বা কথা বলার সুযোগ ছিল এবার কোভিড-১৯ এর কারণে কিছুটা বঞ্চিত হবো। সেপ্টেম্বর ১৯ তারিখে সকাল ১১ টার মধ্যে জেএফকে বিমানবন্দরের ৪ নাম্বার টার্মিনালে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানানোর জন্য সকল নেতাকর্মীদের নিজ নিজ ব্যানার সহ উপস্থিত থাকার জন্য বিজ্ঞপ্তিতে বিনীত আনুরোধ জানানো হয়।

বর্তমান পরিস্থিতি বিবেচনায় প্রধানমন্ত্রী 'ভাচ্যুয়াল ভিডিও কনফারেন্স'-এ আগামী ২৪ সেপ্টেম্বর 'হোটেল স্যুইট' থেকে দলীয় নেতা-কর্মীদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য রাখবেন। স্থান ও সময় পরে জানানো হবে।

বিশ্ব দরবারে বাংলাদেশের ১৮ কোটি মানুষের পক্ষে বাংলায় প্যাভামিক ও বিশ্বের মানব জাতির উদ্দেশ্য ঐতিহাসিক ভাষণ দিবেন সেপ্টেম্বর ২৪ অথবা ২৫ তারিখে। এ দিনে আগের বছরের মতো জাতিসংঘ ভবনের সামনে শান্তি সমাবেশ করবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সহযোগী সংগঠন। সকলকে দুপুর ১২ টার মধ্যে উপস্থিত থাকার জন্য বিনীত আবেদন রাখা হচ্ছে। সকল নেতাকর্মীদের প্রতি বিনীত আবেদন তাদের বুদ্ধিমত্তা দিয়ে সহযোগিতা করার জন্য যাতে প্রধানমন্ত্রীকে স্বরণকালে সর্ববৃহৎ অভ্যর্থনা ও ডিজিটাল সংবর্ধনা দিতে পারি।'

মেডিক্যাল প্যাসেন্ট কেয়ার উদ্বোধন

(শেষের পাতার পর)

হয়েছে। এলমার্স্ট মেডিক্যাল প্যাসেন্ট কেয়ার অফিসে প্রাইমারী কেয়ার, ফ্যামেলী ও কার্ডিওলজি সার্ভিস সহ সব ধরনের মেডিক্যাল চেকআপ সুবিধা থাকবে।

ডাঃ সেলিমা ইসলাম ও ডাঃ সাজিদুল হাসান চৌধুরী এই মেডিক্যাল কেয়ারের প্রতিষ্ঠাতা।

এ উপলক্ষ্যে গত শনিবার এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দোয়ার মাধ্যমে এই অফিসের যাত্রা শুরু করেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ দ্বীন আল রশীদ। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের স্বাগত জানান, বিশিষ্ট শিল্পপতি জহিরুল ইসলাম ও তার সহধর্মীনি মোছাম্মাত স্বপ্না খানম।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে মেডিক্যাল অফিসের প্রতিষ্ঠাতা ডাঃ সেলিমা ইসলাম বলেন, আমাদের কমিউনিটি দিনে দিনে বড় হচ্ছে। এজন্য বিভিন্ন ধরনের হেলথ সার্ভিসের প্রয়োজন বাড়ছে দিনে দিনে। সাধারণ মানুষের প্রয়োজন এবং যোগাযোগের সুবিধাকে বিবেচনা করেই আমরা জ্যাকসন হাইটস স



নজরকাড়া সুন্দরী হতে যা

(শেষের পাতার পর)

তবে সৌন্দর্য চর্চার সহজ কিছু বিষয় আছে। এগুলো জেনে রাখলে আপনার রূপচর্চার প্রচেষ্টা সফল হবে এবং হয়ে উঠবেন সুন্দরীতমা। নজর কাড়তে পারবেন সবার মাঝে। নজরকাড়া সুন্দরী হতে যা করবেন- নেলপলিশ পরার আগে নখে ভেসিলিন মাখিয়ে নিন। এতে যে নেলপলিশ সুন্দর করে বসবে তা নয়, অসাধারণ ফিনিশিংও পাবেন। এবং পরবর্তী সময়ে খুব সহজেই নেলপলিশ তুলতে পারবেন। আর তাড়াতাড়ি নেলপলিশ শুকাতে চাইলে বরফ দেওয়া ঠান্ডা পানিতে নেলপলিশ করা আঙুলগুলো কিছুক্ষণের জন্য ডুবিয়ে রাখতে পারেন।

মাথার লম্বা চুলের গোড়াগুলো যদি ভোঁতা হয়ে গুটিয়ে যায়, তাহলে কাঁচি দিয়ে গোড়াগুলো কেটে দিন। টাইট করে রাবার ব্যান্ড বেঁধে চুলের বাকি অংশ ঝুলিয়ে দিতে পারেন। তাহলে রাবার ব্যান্ডের মধ্যে ববি পিন ঢুকিয়ে দিন। চুলের গোছা ঝরনার মতো দেখাবে।

লিপস্টিকের মাথা ভেঙে গেলে পেছনের অংশটাকে একটু তাপ দিয়ে গলিয়ে নেবেন। এরপর ভেঙে যাওয়া সামনের অংশ পেছনের তাপ থাকা অংশের সঙ্গে জুড়ে দেবেন। এরপর ঘণ্টাখানেকের জন্য রেফ্রিজারেটরে রেখে দিন।

আই পেনসিলে জেল এফেক্ট আনতে পেনসিলের ডগাটা একটু আগুনে পুড়িয়ে নিতে পারেন। এবং আইলাইনারের 'কার্ভ' ঠিক রাখতে চামচ ব্যবহার করুন। চোখের পাতায় চামচটাকে চেপে ধরুন। এরপর আই-লাইনার দিয়ে চোখের পাতায় বুলিয়ে নিন।

শরীরের অবাঞ্ছিত লোম চটজলদি দূর করতে ব্লেড-রেজার দিয়ে শেভ করতে পারেন। কিংবা হেয়ার রিমুভাল ক্রিম ব্যবহার করতে পারেন। গরমে নিজেকে সতেজ ও প্রাণবন্ত রাখতে হাতের 'পার্লস পয়েন্টে' পার-ফিউম দেওয়ার আগে সেখানে একটু ভেসেলিন লাগিয়ে নিন। সুগন্ধ অনেকক্ষণ ধরে থাকবে।

চুলে ঢেউ খেলানো লুক আনতে চাইলে, আগে চুলের দুই গোছাকে একে অপরের সঙ্গে পেঁচিয়ে নিন। এরপর ওই বিনুনিকে স্ট্রেটনারে হিট দিন। পরে চুলের বিনুনি খুঁলে ফেলুন। পেয়ে যাবেন ঢেউ খেলানো লুক।

গোড়ালির ফাঁটা দূর করতে হালকা গরম পানিতে একটু লিস্টারিন, ভিনি-গার ঢেলে নিন। এরপর ১০ থেকে ১৫ মিনিট পানিতে গোড়ালি ডুবিয়ে রাখুন। দিন কয়েক ধরে এই পদ্ধতী অনুসরণ করুন। দেখবেন গোড়ালির ফাঁটা দূর হয়ে যাবে। আর দাঁত উজ্জ্বল সাদা করতে ব্রাশ করার আগে দাঁতে স্ট্রবেরি ঘষে নিতে পারেন।

কেপিসি: যুক্তরাষ্ট্রে এক বিস্ময়কর বাংলাদেশী উদ্যোক্তা

(শেষের পাতার পর)

একটি এলাকার নাম কেপিসি পার্কওয়ে। কেপিসি মানে কালী প্রদীপ চৌধুরী। এই এলাকার অধিকাংশ ভবনই কেপিসি গ্রুপের অফিস। মূলত, বাংলাদেশের সিলেটের গোলাপগঞ্জের ঢাকা দক্ষিণ গ্রামের এক জমিদার পরিবারের সন্তান এই কালী প্রদীপ চৌধুরী। পিতা কালীপ্রসন্ন দত্ত চৌধুরী ছিলেন ব্রিটিশ আমলেই জমিদার। ঢাকা দক্ষিণ গ্রামের নামটি শুনে অনেকে প্রশ্ন তুলতে পারেন; কিন্তু এই গ্রামের নাম এটিই। এর সঙ্গে রাজধানী ঢাকার কোনো সম্পর্ক নেই। পেশায় অর্থোপেডিক সার্জন হলেও মূলত তার পরিচয় এখন একজন উদ্যোক্তা ব্যবসায়ী হিসেবে। ক্যালিফোর্নিয়ায় হাজার হাজার একর জমি কিনে নগরের পর নগর গড়ে তুলেছেন তিনি। যুক্তরাষ্ট্রের সীমানা ছাড়িয়ে তার ব্যবসা এখন সুদূর যুক্তরাজ্য, ভারত ও আরব আমিরাতসহ পৃথিবীর আটটি দেশে। এসব দেশে রয়েছে ২৫ ধরনের ব্যবসা। আমেরিকান প্রশাসনে তার প্রভাব-প্রতিপত্তি এতই অপরিসীম যে পুরো একটি রাস্তার নাম করা হয়েছে তার মায়ের নামে। রাস্তাটির নাম শোভা ওয়ে। তার মায়ের নাম শোভা দত্ত চৌধুরী। পারিবারিকভাবে তাদের টাইটেল দত্ত, চৌধুরী তাদের উপাধি। টাইটেল দত্ত ছাপিয়ে উপাধি চৌধুরীই এখন প্রাধান্য পাচ্ছে।

আমেরিকান অর্থনীতি বিভাগের হিসেবে কেপিসি গ্রুপের বর্তমান সম্পদের পরিমাণ ১০ বিলিয়ন ডলারেরও বেশি। বাংলাদেশী মুদ্রায় এর পরিমাণ দাঁড়াবে ৮৫ হাজার কোটি টাকা। কিন্তু বাংলাদেশের এই জমিদার নন্দন ষাটের দশকের শেষের দিকে যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন মাত্র ৮ ডলার হাতে নিয়ে। তার পরিবার চায়নি তিনি যুক্তরাষ্ট্রে যান। কিন্তু সেই যুক্তরাষ্ট্রে তার উত্থানের গল্প রূপকথাকেও হার মানায়। চিকিৎসা শিক্ষায় তিনি উচ্চতর ডিগ্রি নিয়েছেন, এমডি করেছেন অর্থোপেডিক সার্জন হিসেবে। কাজও শুরু করেছিলেন একজন ডাক্তার হিসেবে। চি-কিৎসক হিসেবে এতটা সুনাম অর্জন করেছিলেন যে, যুক্তরাষ্ট্রে অনেক বিখ্যাত ব্যক্তিত্ব তার চিকিৎসা নিতে বিভিন্ন রাজ্য থেকে ক্যালিফোর্নিয়ায় চলে আসতেন। এই চিকিৎসা সেবা থেকে তিনি শুরু করেন হেলথকেয়ার ফেসিলিটি। সেখান থেকে তার উত্থানের গতিপথ বদলে যায় নানা দিকে। এখন তিনি নানা বিষয়ে একজন সফল উদ্যোক্তা। নির্মাণ করেছেন হেলথকেয়ার সেন্টার, পাঁচ তারকা হোটেল, বাণিজ্য নগর, মেডিকেল কলেজসহ নানা ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান, ওয়াইনারি ও চা বাগান। শুধু ভারতেই রয়েছে তার ১৬টি চা বাগান। ইউক্রেনে আছে তার নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট, দুবাইয়ে আছে সাত তারকা হোটেল। ক্যালিফোর্নিয়ার বিস্তীর্ণ অঞ্চলজুড়ে নির্মাণ করেছেন অসংখ্য নগর। যুক্তরাজ্যে বাকিংহাম প্যালেসের সামনে নির্মাণ করছেন একটি পুরো গ্রিন টাউন। ভারতে এবং যুক্তরাষ্ট্রে তার ১৬টি মেডিকেল কলেজ রয়েছে, রয়েছে নার্সিং ইনস্টিটিউট।

সম্প্রতি লস অ্যাঞ্জেলেস শহরে দুটি হাসপাতাল কিনে আবার আলোচনায় এসেছেন তিনি। ব্যবস্থাপনার অভাবে হাসপাতালগুলো চালাতে পারছিল না কর্তৃপক্ষ। এই হাসপাতাল দুটি কেপিসির হাতে পড়ায় খুশি নগর প্রশাসন। কারণ তার জাদুকরী ব্যবস্থাপনায় নতুন করে গড়ে উঠবে আবার এই হাসপাতাল দুটি। এরকম বহু উদাহরণ রয়েছে এই রাজ্যে। নানা কারণে যারা বিভিন্ন প্রতিষ্ঠান চালাতে পারছে না, তাদের প্রতিষ্ঠানগুলো কিনে তিনি নিয়ে গেছেন সফলতায়। ক্যালিফোর্নিয়াতে তার সাড়ে তিন কিলোমিটার লম্বা বাড়ি, যেখানে নিয়মিত অতিথি ওবামা থেকে জর্জ বুশ পর্যন্ত। এমনকি রোনাল্ড রিগান ও বিল ক্লিনটন নিয়মিত যেতেন তার সঙ্গে ডিনার করতে। আমেরিকান রাজনীতিবিদদের সঙ্গে ব্যবসায়ীদের সম্পর্ক নিয়ে নতুন করে কিছু বলার নেই।

গত সপ্তাহে এক মধ্য দুপুরে কালী প্রদীপ চৌধুরী অর্থাৎ কেপিসির সঙ্গে কথা হয় তার ক্যালিফোর্নিয়ার করোনা শহরের অফিসে। সঙ্গে ছিলেন দুবাইয়ে বাংলাদেশের আরেক উল্লেখযোগ্য শিল্প উদ্যোক্তা আল হারামাইন গ্রুপের কর্ণধার মোহাম্মদ মাহতাবুর রহমান ও জাপানে বাংলাদেশের এক শিল্পোদ্যোক্তা কাজী সারোয়ার হাবিব। তার নিজস্ব অফিস ভবনের সামনে দাঁড়িয়ে কাঁধে হাত রেখে এমনভাবে কথা বলছিলেন, যেন মনে হচ্ছিল তিনি আমার দীর্ঘদিনের পরিচিত। অথচ সেদিনই তার সঙ্গে আমার প্রথম দেখা। আলাপের শুরুতেই স্মৃতিচারণ করলেন বিখ্যাত কথা সাহিত্যিক আর্নেস্ট হেমিংওয়ের সঙ্গে তার সাক্ষাতের একটি গল্প দিয়ে। ষাটের দশকের শেষের দিকে কোনো একটি জায়গায় তার সঙ্গে সাক্ষাৎ হয়েছিল 'ওল্ড ম্যান এন্ড দ্য সি' খ্যাত এই সাহিত্যিকের। আর্নেস্ট হেমিংওয়ে কালী প্রদীপ চৌধুরীকে বলেছিলেন, কখনো নিজেকে নিজের যে জায়গা- সেখান থেকে ছোট ভাববে না অথবা বড়ও ভাবতে চাইবে না। তুমি যে জায়গাতে আছো সেটি তোমার জন্য নির্ধারিত। তাহলে জীবনের চলার পথটি মসৃণ হয়ে যায়।

২০১৫ সালের দিকে বাংলাদেশের সাবেক অর্থমন্ত্রী এএমএ মুহিতের আহবানে দেশে বিনিয়োগ করতে আসা এই বাংলাদেশী-আমেরিকান তার হতাশার কথা জানালেন। তিনি চেয়েছিলেন রাজধানীর পূর্বাচলে ১৪২ তলা একটি টাওয়ার নির্মাণ করতে, যেখানে থাকবে উন্নত মানের হোটেল অফিস ও আরো অন্যান্য সুবিধা। সিলেটের গোলাপগঞ্জে তার জন্মস্থান, ঢাকা দক্ষিণ এলাকায় নির্মাণ করতে চেয়েছিলেন একটি মেডিকেল বিশ্ববিদ্যালয়। প্রথম বাধা এসেছে স্থানীয় পর্যায় থেকে। রাজধানীর পূর্বাচলে তাকে যে জায়গা বরাদ্দ দেয়ার কথা ছিল, সেটা দেয়া হলো অন্য একটি শিল্প গ্রুপকে। যে শিল্প গ্রুপের পক্ষে কখনোই এই ভবনটি নির্মাণ করা সম্ভব নয়। তৎকালীন পূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশারফ হোসেনের সঙ্গে তার কিছু কথোপকথনের কথা উল্লেখ করলেন, যা এখানে উল্লেখ না করাই ভালো। খুব বেশি কিছু বলতে চাইলেন না। কারণ তিনি বললেন, এতে নিজের দেশেরই বদনাম হয়। তবে তিনি হাল ছাড়েননি; দেশে এখনো কিছু করার আশায় আছেন। অর্থমন্ত্রীর পর তার ভাই পররাষ্ট্রমন্ত্রী ড. এম এ মোমেন তাকে আশ্বাস দিয়েছেন সর্বাত্মক সহযোগিতা করার। সিলেট অঞ্চলে একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় করার উদ্যোগটি এখনো অব্যাহত আছে। রাজধানীর আশপাশে করতে চান একটি উন্নতমানের নার্সিং ইনস্টিটিউট। বাংলাদেশের দুর্বল স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে তিনি কিছুটা অবদান রাখতে চান। গড়তে চান আধুনিক নগর; কিন্তু তার জন্য তো লাগবে সরকারের সহযোগিতা। কিন্তু বাংলাদেশে সরকারের ভিতরে নানা সুযোগ সন্ধানী রাজনৈতিক শক্তি ও আমলাতন্ত্রের যে ভূত রয়ে গেছে, সেটিকে তিনি প্রধান প্রতিবন্ধকতা মনে করেন। মোহাম্মদ মাহতাবুর রহমান প্রস্তাব দিলেন সিলেট এমসি কলেজের পেছনে তার বিশাল একটি জায়গা রয়েছে, সে জায়গায় কিছু একটা করতে। কেপিসি সানন্দে সেই প্রস্তাব গ্রহণ করলেন।

আলাপে আলাপে ইতোমধ্যে কয়েক ঘণ্টা পার হয়ে গেছে। সেদিন ছিল সাপ্তাহিক ছুটির দিন। আমাদের আতিথেয়তার জন্য তার কয়েকজন কর্মচারীকে সেদিন অফিসে থাকতে হয়েছে। ছুটির দিনে কাজ করার জন্য তাদের এমন ভাবে ধন্যবাদ জানাচ্ছিলেন, মনে হচ্ছিল তাদের ছুটির দিনটা মাটি করার জন্য তিনি অত্যন্ত কষ্ট পেয়েছেন। গল্প করতে করতে ভাবছিলাম তার পড়াশোনার কথা। ব্যবসা-বাণিজ্য তার কাজ হলেও সাহিত্য নিয়ে তার পড়াশোনা দেখলাম অপরিসীম। আমেরিকান সমাজ ও অর্থনীতির নানাদিক তার নখদর্পণে। বাংলাদেশ সম্পর্কেও তার হালনাগাদ সব তথ্য আছে। রাস্তায় এসে গাড়িতে তুলে দিয়ে বিদায় নেয়ার সময় কাঁধে হাত রেখে বললেন, আমি আপনার সম্পর্কে জানি। 'বি কেয়ারফুল, সাম টাইম ইউ আর এহেড অফ ইউর টাইম'। যুক্তরাষ্ট্রের এক সফল বিজনেস টাইকুন শেষ বেলায় আমাকে কি বলতে চাইলেন তা ভাবতে ভাবতে রওনা দিলাম লস অ্যাঞ্জেলেস শহরের দিকে।

লেখক: সম্পাদক, ভোরের কাগজ।

যে প্রক্রিয়ায় বাড়ি

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি- ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্তু বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়।

গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwkamalmortgage tips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

টকশো'জীবি এবং 'জনগন'

(শেষের পাতার পর)

না- যেন জনগন আর উনারা আলাদা কোন প্রাণী-গোষ্ঠী! একটা কমন বুলি, মানুষ লকডাউন কেয়ার করছে না- যেন আম পাবলিক মানুষ আর উনারা সব অমানুষ বা অতিমানুষ! এই 'জনগন' বলতে আসলে এই সম্প্রদায়টি কাদেরকে মীন করে থাকেন! জনগন হচ্ছে জনগোষ্ঠী। একটি দেশে যারা বসবাস করেন সবাই মিলেই জনগন। সে হিসেবে টকশো'জীবি পন্ডিত বিশেষজ্ঞরাও জনগোষ্ঠীর অংশ, তারাও জনগন। তাহলে জনগন স্বাস্থ্যবিধি মানেনা বললে কি বোঝায়, তারাও মানেন না! কিন্তু তাই কি! যারা ফেসবুকে টিভিতে এসে বড় বড় জ্ঞান দেন তারা নিজেরা শতভাগ স্বাস্থ্যবিধি মানেন লকডাউন মানেন সরকারী যে কোন আদেশ নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করে চলেন, তাই তো জানি! তাহলে কোন 'জনগন' যারা এসব মানছে না!

আসলে সমাজের বিশেষ সুবিধাভোগী বা পরজীবি অংশটি কখনই নিজেদেরকে জনগনের অংশ মনে করেন না। 'জনগন' বলতে এরা বোঝান সুবিধাবঞ্চিত হতদরিদ্র শ্রমজীবি কর্মজীবি পেশাজীবি হতভাগা মানুষগুলোকে- যত দোষ তাদের। এরা স্বাস্থ্যবিধি লকডাউন মানেনা সরকারি নির্দেশ থোড়াই কেয়ার করে রাস্তায় বের হয়, ছুটিছাটায় গ্রামের বাড়ী যায় আবার হুরমুর করে ঢাকায় ফিরে আসে! যেন আম জনতা গরু-ছাগল, ঈদ চান্দে গরুর পাল বাড়ীর দিকে ছোটে!

শ্রেণী চরিত্র এবং শ্রেণী অবস্থান থেকে তারা তা বলতে পারেন, কিন্তু আমি তো দেখি মানুষ যথেষ্ঠভাবে স্বাস্থ্যবিধি মেনে চলছে। মাস্ক পড়ছে, চেষ্টা করছে ব্যক্তিদুরত্ব মেনে চলতে। পারত: ঘরের বাইরে বের হচ্ছে না। আগের চাইতে অনেক বেশী সচেতন হয়ে উঠেছে। দিনদুনিয়ার খবরাখবর রাখে না তেমনও না। পরিস্থিতির গুরুত্ব বা ভয়াবহতাও বোঝে। হ্যাঁ কিছু অসচেতন মানুষ সব সমাজেই থাকে। অনেকে আছে যারা বেশীক্ষণ মাস্ক পরিধান ক রে থাকতে পারেনা বা মাস্কের গুরুত্ব বোঝেনা অথবা মাস্ক পড়তে ভুলে যায়। আমি নিজেও প্রায়ই বাসা থেকে বের হওয়ার সময় মাস্ক নিতে ভুলে যাই, রাস্তা থেকে ফিরে আসতে হয়। ঘরের বাইরে যারা বের হন নিতান্ত প্রয়োজনেই তাদেরকে বের হতে হয়- এমন প্রয়োজন যা টকশো'জীবি পন্ডিত বিশেষজ্ঞরা কখনই বুঝতে চান না বা বুঝতে পারেন না। কোন অবস্থায় পড়লে একজন মানুষকে চারগুন পাঁচগুন টাকা খরচ করে গাদাগাদি অবস্থায় ট্রাভেল করতে হয় মাইলের পর মাইল পায়ে হেঁটে গন্তব্যে পৌঁছুতে হয়- সমাজের সুশীল পরজীবি গোষ্ঠীটি কখনই তা হৃদয়ঙ্গম করতে পারে না। এরা শুধু বোঝে আনন্দফুর্তি চিত্তবিনোদনের জন্যই মানুষ বাড়ী যায়, ঘরের বাইরে বের হয়!

তারপরও যদি ধরে নেই 'জনগন স্বাস্থ্যবিধি মানছে না'- কেন মানছে না! অশিক্ষা, অসচেতনতা পরিস্থিতির গুরুত্ব বুঝতে না পারা যদি কারন হয়ে থাকে- কেন মানুষকে সচেতন করা গেল না, কেন তাদেরকে গুরুত্ব বোঝানো গেল না! এ দায়িত্বটা কাদের ছিল! সরকারের কথা বাদ দিলাম। আমলা নির্ভর প্রশাসন, এরা প্র-শাষক- শুধু শাষন করতেই জানে। শিখেই এসেছে আদেশ নির্দেশ হুকুম সার্কুলার বিধি বিধান জারী আর তা কেউ না মানলে গ্রেপ্তার মামলা জেল জরিমানা করার বিদ্যা। সেক্ষেত্রে মানুষকে সামাজিকভাবে শিক্ষিত সভ্য ভব্য সচেতন করার দায়িত্ব মুলত: এইসব পন্ডিত বিশেষজ্ঞ সুশীলদের ওপরই বর্তায়। কি দায়িত্বটা পালন করেছেন তারা! টিভি পর্দায় এসে বড়বড় বানী বচন আর জ্ঞান বিতরন ছাড়া আর কোন কাজে দেখা গেছে এনাদেরকে! টিভির কথাই যদি বলি- 'জনগনের' কত পার্সেন্ট এসব দেখে! ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়াগুলোর কতটুকু বিশ্বাষযোগ্যতা আছে আম পাবলিকের কাছে! এটাও ধরলাম সবাই এসব দেখে এবং যা প্রচারিত প্রকাশিত হয় বিশ্বাষও করে, কিন্তু দেখেটা কি! সারা দিনে বত্রিশটা দেশী চ্যানেলে সংবাদ পাঠক উপস্থাপক শিল্পী অভিনেতা টক শো'র টকার মিলিয়ে কয়েক হাজার মানুষের চেহারা দেখা যায়, কয়জনকে দর্শক মাস্কসহ দেখতে পায়! চব্বিশ ঘন্টায় কমপক্ষে এক শ'জন করে বুদ্ধিজীবি পন্ডিত গবেষক বিশেষজ্ঞ বিভিন্ন চ্যানেলে এসে স্বাস্থ্যবিধি মানা বা মাস্ক পরিধান করা নিয়ে জ্ঞান বিতরণ করেন, কয়জন নিজেরা মাস্ক পড়ে পর্দায় আবির্ভূত হন! কয়জনকে মানুষ পর্দায় হ্যান্ড স্যানিটাইজ করতে দেখে! মানুষ কেন রাস্তায় বের হলো এ নিয়ে তাদের অভিযোগের অন্ত নাই, কিন্তু '১নং আসল কঠোর লকডাউনে'র মধ্যেও হাজার হাজার প্রাইভেট গাড়ী রাজপথে ট্রাফিক জ্যাম বাঁধিয়ে দেয়, কখনও কি উনারা এসব গাড়ীর অবাধ চলাচলের বিপক্ষে টু শব্দটি করেন! কেন করেন না? এসব গাড়ীর অধিকাংশই তাদের শ্রেণী-গোষ্ঠীর বলে! কোন কোন টিভি টক শো'তে দেখা যায় আলোচকদের বসার দুরত্ব দুই হাতও না। তাহলে মানুষ ব্যক্তি দুরত্বের গুরুত্ব বুঝবে কি করে! মাস্ক পড়ে এসে চিত্রধারনের সুবিধার্থের কথা বলে যদি দর্শকদের সামনেই মাস্ক খুলে ফেলতেন বা মানুষকে দেখানোর জন্যও দুই একবার হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতেন তাও নাহয় কথা ছিল। এখন কেউ তো বলতেই পারে উনারা নিজেরাই মাস্ক পড়ে না এসেছে অন্যকে মাস্ক পড়ার কথা বলতে!

কথায় আছে 'আপনি আচরি ধর্ম পরেরে শিখাও'! কোন বিষয়ে উপদেশ দিতে হলে আগে নিজেকে তা করে দেখাতে হয়, সেভাবে উপস্থাপন করতে হয়। সবচেয়ে বড় কথা- জনগনকে জ্ঞান দেয়ার আগে নিজেকে জনগনের একজন মনে করা উচিত।

যেহেতু পন্ডিত গবেষক বিজ্ঞ বিশেষজ্ঞরা নিজেদেরকে 'জনগন' মনে করেন না, 'জনগনও' তাদের কথা বিশ্বাষ করেনা পাত্তা দেয়না- কথাটা যদি এভাবে বলা হয়, অত্যুক্তি হবে কি!

হিলটন ক্রিস্টাল সিটিতে ৩-৫ সেপ্টেম্বর ফোবানা সম্মেলন

(শেষের পাতার পর)

প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আগামী ৩, ৪ ও ৫ সেপ্টেম্বর যথাক্রমে শুক্র, শনি ও রোববার এই সম্মেশরন অনুষ্ঠিত হবে। সম্মেলনে থাকবে বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর, ঢাকা বিশ্ববিদালয়ের জন্মশত বার্ষিকীর অনুষ্ঠান ছাড়াও ব্যবসা-বাণিজ্য ও সাংবাদিকতা বিষয়ক সেমিনার। আরো থাকবে দেশ ও প্রবাসের শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। আমেরিকার নির্বাচিত জনপ্রতিনিধি ও মূলধারার রাজনীতিক সহ বাংলাদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি থাকবেন। সম্মেলনের আয়োজক সংগঠন হচ্ছে 'স্বাদেশ' নামক সামাজিক সংগঠন।

ফোবানার চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান ও এক্সিকিউ-টিভ সেক্রেটারী কাজী সাখাওয়াত হোসেন আজম নেতৃত্বাধীন এই সম্মেলনে কনভেনর শরাফত হোসেন বাবু এবং মেম্বার সেক্রেটারী কবীরুল ইসলাম।

ফোবানা নেতৃবৃন্দ জানান, ফোবানা সম্মেলনে বেশকিছু গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার হবে। আমরা ব্যতিক্রমী সম্মেলন উপহার দেয়ার চেষ্টা করবো। যুক্তরাষ্ট্র ছাড়াও দেশ ও প্রবাসের বিশিষ্ট ব্যক্তিদের ফোবানা সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়েছে। কভিড পরিস্থিতির কারণে এখনো অনেকের অংশগ্রহণ নিশ্চিত করা যায়নি, তবে নেতৃবৃন্দ আশাবাদী যে, ইউএস সিনেটর সহ দেশ-বিদেশের বিশিষ্ট ব্যক্তিরা সম্মেলনে যোগ দেবেন।

সম্মেলনে বাংলাদেশের জনপ্রিয় ও প্রবীণ অভিনেতা আহমদ শরীফ, চিত্র নায়ক হেলাল খান, জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন, রিজিয়া পারভিন, কনক চাঁপা, তপন চৌধুরী, শুভ্র দেব, তাহসান, এবং মরমী শিল্পী আব্দুল আলীমের কন্যা সঙ্গীত শিল্পী জোহরা আলীম সহ দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পী রানো নেওয়াজ, চন্দন চৌধুরী, আফজাল হোসেন প্রমুখ অংশ নেবেন।

এদিকে গেলো সপ্তাহে নিউইয়র্কে আয়োজিত এক সংবাদ সম্মেলনে উত্তর আমেরিকা প্রবাসীদের সাথে দেশের সেতুবন্ধনকে আরো জোরদার এবং আন্তর্জাতিকমানের সম্মেলন উপহার দেয়ার প্রত্যয় ঘোষণা করেছেন ৩৫তম ফোবানা সম্মেলনের একাংশের নেতৃবৃন্দ। তারা বলেন, মহ-ামারী করোনার মধ্যেও সিডিসি'র স্বাস্থ্য বিধি মেনে সজিব ও সচল পৃথিবী ও সামাজিক অঙ্গীকারে এই সম্মেলন আয়োজন করা হবে।

উল্লেখ্য, বিভক্ত ফোবানা'র অপরাংশের সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে চলতি বছরের থ্যাঙ্কস গিভিং ডে-তে অর্থাৎ আগামী ২৬, ২৭ ও ২৮ নভেম্বর ওয়াশিংটন ডিসিতে। এর আয়োজকসংগঠন হচ্ছে আমেরিকা বাংলাদেশ ফ্রেন্ডশীপ সোসাইটি (এবিএফএস)। এই অংশের চেয়ারম্যান হচ্ছেন জাকারিয়া চৌধুরী, এক্সিকিউটিভ সেক্রেটারী মাসুদ চৌধুরী আর কনভেনর হচ্ছেন জি আই রাসেল ও মেম্বার সেক্রেটারী শিব্বীর আহমেদ।

এদিকে বিভক্ত ফোবানা ঐক্যবদ্ধ করতে উভয় পক্ষ আগ্রহী বলে সংশ্লিস্ট সূত্র

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন





- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্ল্যাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN

PASSPORT PHOTOS

CONSTRUCTION
JOB PROPOSAL
WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY

929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com

Khalil Biryani House

Khalil Biryani House





খলিলের খাবার দিয়ে আপনার অনুষ্ঠান হয়ে উঠুক জমজমাট

HALAL

For Delivery
+1 646-763-5073

Khalil Halal Chinese
2062 McGraw Ave.
Bronx, NY 10462.
347 621 2884

Khalil Biryani House
1457 Unionpart Road
Bronx, NY 10462
718 409 6840

www.khalilsfood.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing [QA] Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

Injured in an Accident?

MAPQUEST US: 133-33 Brookville Blvd., Rosedale, NY 11422
PUBLIC TRANS: **E Train** to last stop in Queens, then Q5 Bus to Brookville Blvd and Merrick Blvd. Ask driver when to get off.
QUEENS: Cross Island Pkwy to Belt Pkwy to exit 24B-Merrick Blvd. turn left at light onto Merrick Blvd-Visitor Parking on RT.
BROOKLYN: Belt Pkwy East to exit 24A-130th Ave. turn LT onto Brookville Blvd, then at light trun RT onto Merrick Blvd, see above.
L.I.: Northern State West to cross Island Pkwy So. Then to Belt Pkwy to exit 24B-then follow Queens directions.
L.I.: Southern State Pkwy W to Belt Pkwy-exit 24B-follow Queens directions above.



FRANCISCO CASTILLO

Attorney at law

One Cross Island Plaza, Suite 116, Rosedale, New York-11422

Phone: 718-528-4424, Fax: 347-294-1055

E-mail: francisco@franciscocastillolaw.com





টেনেসি রাজ্যে আকস্মিক বন্যায় ২২ জনের প্রাণহানী

বাংলা পত্রিকা ডেস্ক: টেনেসি অঙ্গরাজ্যে আকস্মিক বন্যায় অন্তত ২২ জন প্রাণ হারিয়েছে। এছাড়াও নিখোঁজ রয়েছে ৫০ জনের বেশি। নিখোঁজ মানুষের উদ্ধারে অনুসন্ধান চালাচ্ছেন জরুরী বিভাগের কর্মীরা। বন্যায় টেনেসির মধ্যাঞ্চলীয় হামফ্রিস কাউন্টিতে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে। জায়গায় জায়গায় পড়ে আছে ভাঙ্গা ঘরবাড়ি, ভেসে যাওয়া গাড়ি ও অন্যান্য স্থাপনা। হামফ্রিস কাউন্টির ওয়েভারলি শহরের পুলিশ ও দমকল বাহিনীর প্রধান গ্রান্ট গিলেস্পি জানিয়েছেন, ভারি বৃষ্টিপাতের কারণে সৃষ্ট বন্যায় ওয়েভারলিতে স্কুল, ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনাসহ অবকাঠামোর ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষতি কাটিয়ে উঠতে ফেডারেল সরকারের সহায়তা প্রয়োজন হতে পারে বলেও জানিয়েছে তিনি। ওয়েভারলিতে পানির স্রোতে ক্ষতিগ্রস্ত শত শত বাড়ি বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। অনেক এলাকা বিদ্যুৎবিহীন হয়ে পড়ে বলে জানিয়েছে টেনেসির স্থানীয় গণমাধ্যম। যুক্তরাষ্ট্রের জাতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, হামফ্রিস কাউন্টির ম্যাকুয়েন শহরে গত ২১ আগষ্ট শনিবার দিনব্যাপী ১৭ ইঞ্চি বৃষ্টিপাত হয়েছে, এতে টেনেসি অঙ্গরাজ্যে সম্ভবত ২৪ ঘণ্টা বৃষ্টিপাতের সব রেকর্ড ভেঙে গেছে।

এদিকে টেনেসিতে আকস্মিক বন্যায় 'হঠাৎ করে অনেক মানুষের শোচনীয়' মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর জন্য হোয়াইট হাউস সব ধরনের সাহায্য, সহযোগিতা করবে বলে আশ্বাস দিয়েছেন বলে জানায় সিএনএন।



স্টুডেন্ট একাডেমি'র জমজমাট বাৎসরিক বনভোজন অনুষ্ঠিত

নিউইয়র্ক: স্টুডেন্ট একাডেমি'র বাৎসরিক বনভোজন গত ২১ আগষ্ট শনিবার অনুষ্ঠিত হয়। উপস্থিত মেম্বারদের অংশগ্রহণে এটি ছিলো আনন্দঘন সুন্দর বনভোজন এবং অত্যন্ত জাঁকজমক। বনভোজনে স্টুডেন্ট একাডেমির প্রাক্তন স্টুডেন্ট এবং জব হোল্ডাররা উপস্থিত ছিলেন। আরোও উপস্থিত ছিলেন নতুন ছাত্র, শিক্ষক, একাউনটেন্ট, আইটি ও প্রোগ্রম ম্যানেজাররা।

বনভোজনের দিন আবহাওয়া কিছুটা বৈরী থাকা সত্ত্বেও সবাই বনভোজনে আনন্দের সাথে অংশগ্রহণ করেন। পোড়া পোড়া বারবিকিউ চিকেনের গন্ধে পরিবেশকে করে তোলে লোভনীয়। অনেক খাবারের সমাহারে উপস্থিত অংশগ্রহণকারীরা খুশিতে আত্মহারা হয়। অত্যন্ত সুন্দর এই আয়োজনে উপস্থিত সবাই অনেক প্রশংসা করেন। বনভোজনের দিনটা সবার অনেক দিন মনে থাকবে। - প্রেস বিজ্ঞপ্তি।





চিত্রে পরানে আগ্রাবাদ নাইট ২০২১

































৩৫তম ফোবানা সম্মেলন ২০২১

Federation of Bangladeshi Associations in North America Inc.

35th FOBANA CONVENTION

2021, WASHINGTON, D.C.

3,4,5 September, 2021

HILTON CRYSTAL CITY ARLINGTON, VA

FOBANA

HOST COMMITTEE



Sharafat Hussain
Convener
Washington DC Convention 2021
Ph: 703-332-5189



Kabirul Islam
Member Secretary
Washington DC Convention 2021
Ph: 301-915-5534

STEERING COMMITTEE



Mohammad Hossain Khan
Chairman
Ph: 516-343-9456



Kazi Sakawat Hossain Azam
Executive Secretary
Ph: 917-783-8138

Special Celebrations

50 Years Golden Jubilee of Bangladesh

University of Dhaka 100 1921-2021 ঢাকা বিশ্ববিদ্যালয়

TICKET
$50 & $100
VIP/VVIP



INTERNATIONAL PERFORMERS

Call For
HOTEL & STALL
703-332-5189
301-915-5534

Media Partners
ATN BANGLA
ntv

Grand Sponsor
GOLDEN AGE HOME CARE
SHAH NAWAZ MBA | President & CEO
Ph: 718-775-7852

Silver Sponsor
Liberty Renovation
Real Estate Developer
Mohammed Azad
917-346-8207
www.libertyrenovation.com

Platinum Sponsor
Immigration Attorney
MIGUEL RIVERA
Cell: 703-751-1324

Our Media Friends
my tv | বাংলাদেশী | নবযুগ
KHABOR 24.COM | কালবেলা | [illegible]
USA NEWS ONLINE.COM | PBC 24.COM

INVITED GUESTS:

- GOVERNOR, SENATOR, CONGRESSMAN STATE SENATOR, DELEGATE STATE & COUNTY ELECTED OFFICIAL
- INTELLECTUALS FROM BANGLADESH-US DISTINGUISHED SCHOLARS.
- MEDIA EDITORS & JOURNALIST

Mainstream Presentation will Lead by ASAAL

ALLIANCE OF SOUTH ASIAN AMERICAN LABOR ASAAL

V4GB will be Part or Our Event

VOICE FOR GLOBAL BANGLADESHIS V4GB



NORTH AMERICA PERFORMERS

FASHION



FASHION SHOW PERFORMERS

Keep Your Eye On

FOR FOBANA 2021 INFO
Web: fobanaconvention.org

LIVE EVENT



Mainstream Presenter (MC)

HOST ORGANIZATION
স্বদেশ SHADESH
SHADESH





ফেসবুক গ্রুপ 'আমরা ৯৩'র বনভোজন অনুষ্ঠিত

নিউইয়র্ক: ১৯৯৩ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ফেসবুক গ্রুপ 'আমরা ৯৩' বিগত কয়েক বছর ধরে বিভিন্ন উন্নয়ন ও বিনোদনমূলক কর্মসূচী পালন করে আসছে। তারই ধারা বাহিকতায় দেশের গন্ডি পেরিয়ে সুদুর আমেরিকায়ও এর ব্যত্যয় ঘটেনি। এক বছর আগে ১০৩ আমেরিকা' নামে ফেসবুকে একটি প্ল্যাটফরর্মের মাধ্যমে যুক্তরাষ্ট্রে বসবাসরত ১৯৯৩ সালে এসএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ঐক্যবদ্ধ হয়। গত ২৪ এপ্রিল ইফতার মাহফিলের মাধ্যমে তাদের প্রথম আত্মপ্রকাশ করেন। ঐ গ্রুপের দ্বিতীয় আয়োজন ছিল বার্ষিক বনভোজন যা অনুষ্ঠিত হয় গত ২১ আগষ্ট ২০২১।

নিউইয়র্কে আনন্দঘন, উৎসবমুখর আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে '৯৩ আমেরিকা'র বার্ষিক বনভোজন। লং আইল্যান্ডের বেলমন্ট লেক স্টেট পার্কে মনোরম পরিবেশে আয়োজিত বনভোজন ও পুনর্মিলনীতে বাংলাদেশ থেকে ১৯৯৩ সালে এসএসসি ও সমমানের পরীক্ষায় পাশ করা যুক্তরাষ্ট্র প্রবাসীরা ফেসবুক মাধ্যমে ঐক্যবদ্ধ হন '৯৩ আমেরিকা' নামের এ প্ল্যাটফর্মে। এই আয়োজনে তাদের পরিবারের সদস্যরাও অংশ নেন। আমেরিকার বিভিন্ন স্টেট থেকেও সংগঠনটির সদস্যরা স্বপরিবারে যোগ দেন।

সংগঠনের সদস্য মো. মাসুদ হোসেন সিরাজীর পরিচালনায় দিনব্যাপী অনুষ্ঠিত কর্মসুচির মধ্যে ছিল ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক পরিবেশনা, যাদু প্রদর্শণী, র‍্যাফেল ড্র, পুরস্কার বিতরণ সহ নানা আয়োজন। সাংস্কৃতিক পর্বে ছিল প্রবাসের জনপ্রিয় সঙ্গীত শিল্পী শাহ মাহবুব-রোকসানা মির্জা জুটির পরিবেশনা।

আয়োজকরা জানান, যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থান থেকে এদিন সকাল ৯টা থেকে '৯৩ আমেরিকা' সদস্য এবং অতিথিরা উপস্থিত হতে থাকেন পিকনিক স্পটে। এসময় সকলকে সকালের নাস্তা ও এপিটাইজার পরিবেশন করা হয়।



আনুষ্ঠানিক উদ্বোধনের পর পরই শুরু হয় বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা। দেশীয় আমেজে বনভোজনে ছিল জনপ্রিয় খলিল বিরিয়ানীর মজাদার খাবার।

বনভোজনটি স্মরণীয় করে রাখার জন্য সাংস্কৃতিক পরিবেশনা ছাড়াও রাখা হয় ব্যতিক্রমী নানা সব কর্মসূচি। এর মধ্যে ছিল '৯৩ আমেরিকা' সদস্য ব্রঙ্কসের খলিল বিরিয়ানীর কর্ণধার মোঃ খলিলুর রহমানের সৌজন্যে প্রীতি ফুটবল ম্যাচ। আরো ছিল বিভিন্ন বয়সী শিশুদের দৌড় প্রতিযোগিতা, মহিলাদের বেলুন ফুটানো, দম্পতিদের চোখ বন্ধ করে ফুল ছুড়ে মারা খেলা ইত্যাদি। খেলাধূলার দায়িত্বে ছিলেন শাহ মাইনুল মুন, আলম জিকু, আরিফ খান, শহীদুল ইসলাম, শাহ জুয়েল, ইব্রাহীম খলিল ও চান।

'৯৩ আমেরিকা' সদস্য সঙ্গীত শিল্পী শাহ মাহবুব ও রোকসানা মির্জা ছাড়াও অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন শিল্পী নূপুর। যাদু প্রদর্শণ করেন রোকন আহমেদ। সন্ধ্যা পর্যন্ত চলে একের পর এক সব পরিবেশনা। সংস্কৃতি প্রেমী সদস্য আর অতিথিরা নেচে-গেয়ে উপভোগ করেন অসাধারণ এসব পরিবেশনা।
-প্রেস বিজ্ঞপ্তি।

ঢাকায় 'অনলাইন নিউজপোর্টাল

(৪৬ পাতার পর)

সম্পাদক শাহীন চৌধুরীকে সদস্যসচিব করে ১৫ সদস্যের একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। এতে সভাপতিত্ব করেন জাতীয় প্রেসক্লাবের সভাপতি ও উইমেনআই২৪ ডটকমের সম্পাদক ফরিদা ইয়াসমিন।

সরকার নিবন্ধিত অনলাইনগুলোকে পেশাদারিত্বের সঙ্গে পরিচালনা করা এবং স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে দেন-দরবার করে সমাধান করাই এই সংগঠনের কাজ। এ ছাড়া সাংবাদিকদের পেশাগত মান-উন্নয়নে প্রশিক্ষণসহ নানা কর্মসূচি গ্রহণ করবে এই সংগঠন। নিবন্ধিত ৮১টি অনলাইনের মালিকরা এই সংগঠনের সদস্য। আগামী তিন মাসের মধ্যে আহবায়ক কমিটি সবার সঙ্গে যোগাযোগ করে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে। এর আগে গত ১৬ জুন একই বিষয়ের ওপর আরেকটি সভা অনুষ্ঠিত হয়।

নবগঠিত আহবায়ক কমিটির সদস্যরা হলেন: ফরিদা ইয়াসমিন (উইমেনআই২৪ ডটকম), আলমগীর হোসেন (বার্তা২৪ ডটকম), বদরুল আলম খান (সারাবাংলা ডটনেট), এস এম জাহিদ হাসান (রাইজিং বিডিডটকম), নজরুল ইসলাম মিঠু (নিউজনেক্সট বিডিডটকম), মো. আব্দুল মজিদ (ঢাকাডিপ্লোম্যাট ডটকম), হামিদ মো. জসিম (এবিনিউজ ২৪ ডটকম), সৌমিত্র দেব (রেডটাইমস ডটকমডটবিডি), তৌহিদুল ইসলাম মিন্টু (দ্যরিপোর্ট২৪ ডটকম), রফিকুল বাসার (এনর্জিবাংলা ডটকম), লতিফুল বারী হামিম (ঢাকানিউজ ২৪ ডটকম), রফিকুল ইসলাম সবুজ (নিউজগার্ডেন বিডিডটকম) এবং খোকন কুমার রায় (সুখবর ডটকম)।

প্রবাসী সিরাজগঞ্জ জেলা ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি
Probashi Sirajgonj Zila Friends & Family



বনভোজন ও ঈদ পুনর্মিলনী

ইউনাইটেড সিরাজগঞ্জ
তারিখঃ ৪ সেপ্টেম্বর ২০২১, শনিবার
স্থান ঃ জেমস বায়ার্ড স্টেট পার্ক
James Baird State Park
14 Maintenance Ln, Pleasant Valley, NY 12569

বাস ছাড়ার স্থানঃ
জ্যাকসন হাইটসঃ সকাল ৮.৩০টা,৭৩ স্ট্রীট, ব্রডওয়ে।
ব্রঙ্কসঃ সকাল ৮.৩০ মিনিট, সেন্ট পিটারস্ স্ট্রীট + ফ্রিজবি এভিনিউ।

বিশেষ আকর্ষণঃ সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলা
র‍্যাফেল ড্রঃ আকর্ষণীয় পুরস্কার

চাঁদার পরিমাণ ঃ
একক: ৪৫ ডলার ; পরিবারঃ ১০০ ডলার, নিজস্ব পরিবহনঃ ৮০ ডলার

প্রবাসী সিরাজগঞ্জবাসী ভাই-বোনেরা
আসছে ৪ সেপ্টেম্বর ২০২১, শনিবার আমাদের প্রাণপ্রিয় জেলার বার্ষিক বনভোজন ও ঈদ পুনর্মিলনীতে আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
আমন্ত্রণেঃ
বনভোজন উদযাপন কমিটি ২০২১
আহবায়ক: আহমেদ শরীফ মৌসুমী ৩৪৭-৬৫৮-৯৬৬২
প্রধান সমন্বয়কারী: এস এম নাদির উজ্জ্বল ৬৪৬২৮৮৯৭১১
সদস্য সচিব: মোঃ মাসুদ রানা ৩৪৭-৬৫৪-৬৬১১

প্রধান অতিথিঃ ডা: মাসুদুল হাসান, বিশিষ্ট মুক্তিযোদ্ধা
বিশেষ অতিথিঃ
নার্গিস আহমেদ, সাবেক সভাপতি (বাংলাদেশ সোসাইটি ইনক)
মোঃ মনোয়ারুল ইসলাম, সাংবাদিক, সাপ্তাহিক আজকাল
মোঃ আইয়ুব খান, উপদেষ্টা

সার্বিক তত্ত্বাবধানেঃ
মোঃ আব্দুল লতিফ, মোঃ মহিউল ইসলাম , মোঃ ইলহামুল হক রোকনী, ইশা সরকার, মোহাম্মদ আলী (ব্রঙ্কস)
মোঃ ইসলাম ,মোঃ মুদুল হাসান, মফিউজ্জামান রুবেল , মোঃ আজিজুল হক মোগল, মো: নোহেল আজাদ, আসিফ জাভেদ

উপদেষ্টা মন্ডলীঃ মোহাম্মদ ইরশাদুল হক রোকনী ,উত্তম কুমার সাহা, খান হোসেন বিপু, মোঃ এস. ইসলাম ,মোঃ মনোয়ার মল্লিক, মোঃ ফিরোজ আহমেদ খান, মোঃ আব্দুর রউফ, মোঃ এস আলম, মোঃ জুলফিকার আলী ,মোঃ ফরিদ আহমেদ খান, মোঃ শাহজাহান, মোঃ মাসুদ রানা।

ব্রঙ্কসঃ
মোঃ আহমেদ শরীফ মৌসুমী ৩৪৭৬৫৮৯৬৬২
মোঃ ইহতিশামুল হক রোকনী ৩৪৭৪৭৯৯৮০৮
মোঃ জহুরুল ইসলাম টিপু ৩৪৭ ৩০২ ৭৬৬৬

কুইনস :
দেবব্রত সাহা দেবু ৩৪৭৬০৪৫৯৩৭
মোঃ জহুরুল ইসলাম সুজন ৯১৭৯১৫৯৬৫২
মোঃ মাসুদ রানা ৩৪৭-৬৫৪-৬৬১১

জরুরী প্রয়োজনে যোগাযোগ: ৩৪৭ ২০৮ ১৬৮৫, ৯২৯ ৪১২ ৯৮৬৭

MW
জ্যামাইকায় Grand Opening
বাংলাদেশীদের মুখরোচক খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MY SECOND WIFE
Steaks & Kabab palace
100% zabiha Halal
169-04, Hillside Avenue, Jamaica, NY 11432
Ph: 718-480-6866, E-mail: mysecondwife@gmail.com

-: মুখরোচক খাবারের মধ্যে রয়েছে :-
* Afghan Kabab
* Chicken / Beef Adana Kabab (Turkish)
* Chicken Kadai
* Chicken Tikka Masala
* Butter Chicken
* Chapli Kabab
* Iranian Beef Kabab
* Steaks
* We serve Pakistani and Indian gravy deshes also.

Lunch Special from 10.00 AM to 4.00 PM $7.99

বিশেষ আয়োজনে:.....
বিয়ে-শাদী, প্যাকেট সিন্নি, জন্ম উৎসব সহ যেকোন অনুষ্ঠানে চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ করা হয়। তাই এখনই আপনার/আপনাদের মুখরোচক খাবারের খোঁজ করুন- Mohammed

For Catering Call- 917-497-0774

বোস্টনের 'আমানাস কিচেন' জনপ্রিয় হয়ে উঠছে

আশরাফুল হাবিব মিহির: রান্না করা তার শখ, মজার মজার রান্না করে অন্যদের খাইয়ে নিজে খুব খুশী, তৃপ্তবোধও করেন। অনেক আগে থেকেই ইচ্ছে ছিলো নিজের শখটা পেশায় পরিণত করার। থেমে থাকেনি পথ চলা, কুকিং এর উপর পড়াশুনা, আর নেওয়া হচ্ছে একের পর এক সার্টিফিকেট। পেন্ডামিকের সময়, চারিদিকে যখন সবকিছু বন্ধ, অনেক উৎকণ্ঠার মধ্যে সবাই যখন দিন কাটাচ্ছিল, তখন সাহস করে ওপেন করেন নিজের কিচেন। নিজের ঘরেই শুরু করেন রান্নাবান্না, ব্যাপক সাড়া মিলতে থাকে, বোস্টন সহ আশেপাশের এলাকাগুলোতে। বলছিলাম আমানা রশিদ চুনির কথা, আমানাস কিচেন বোস্টন স্বত্তাধিকারী।



অতি অল্পসময়ে জনপ্রিয় হওয়া, তার কিচেনে তৈরী হয়ে থাকে- বাংলাদেশী, ইন্ডিয়ান, চাইনিজ এবং আরাবীয়ান আইটেমের খাবার। আরও তৈরী হয়ে থাকে নানা প্রকারের মিষ্টান্ন জাতীয় খাবার। বোষ্টন ছাড়াও আশেপাশের এলাকা থেকে মানুষজন আসেন খাবারের জন্য। বাংলাদেশীরা ছাড়াও আসেন আমেরিকান, আফগান, পাকিস্তানী, স্প্যানিস ও ইন্ডিয়ানরা। স্প্যানিসরা অবশ্য আসেন ঝাল জাতীয় খাবার আর ইন্ডিয়ানরা আসেন বিভিন্ন প্রকারের ভেজিটেবল খাবার খেতে। এছাড়াও বোষ্টনে অবস্থানরত বাংলাদেশী কলেজ স্টুডেন্টরা, যারা পরিবার ছেড়ে অনেক দুরে, তারাও প্রতিনিয়ত ছুটে আসেন আমানা রশিদ চুনির কাছে। তারা বলেন "তাদের মায়ের হাতের রান্নার স্বাদের মতো আমানাস কিচেনের খাবারের স্বাদ"। দুরদুরান্ত থেকে খাবার অর্ডার দেওয়া ব্যক্তিরা, নিজেরাই এসে নিয়ে যায়, এতে করে আমানা রশিদ চুনির কষ্ট একটু কম হয়।

বাংলাদেশে থাকাকালীন সময়ে বিভিন্ন কুকিং শোতে অংশ নিয়ে জিতেছেন অনেক পুরস্কার। রান্না করার পাশাপাশি, রান্নার টিউটোরিয়াল মূলক ইউটিউব চ্যানেলে টেডিশনাল, অর্থেন্টিক, ফিউশন এবং নিজের কিছু রেসিপি ভিডিও আপলোড করেন প্রতি-নয়ত।

স্বামী মোহাম্মদ হারুন রশীদ এবং ২ মেয়ে আতফা ও আতিকা নিয়ে সংসারের ব্যস্ততার মাঝেও অবসর সময়টুকু ব্যয় করেন নিজের শখের পিছনে। ২০০৮ বাংলাদেশ ক্ষুদ্র নারী উদ্যেক্তা ১৩ জন এর মধ্যে তিনি একজন, এছাড়াও প্রথম আলোর ঈদ ফ্যাশন ২০০১-এর প্রতিযোগীতায় ৭ম স্থান দখল করেন। তার এই কার্যক্রমের সাথে, সবাই সহযোগীতা করলে অদুর ভবিষ্যতে আরও অনেক দুর এগিয়ে যেতে পারবেন বলে, আশাবাদ ব্যক্ত করেন আমানা রশিদ চুনি।

সুনামগঞ্জ জেলা জনকল্যাণ সমিতি'র নির্বাচিত কমিটি অভিষিক্ত



নিউজার্সী থেকে প্রতিনিধি: নিউজার্সীস্থ সুনামগঞ্জ জেলা জনকল্যাণ সমিতি আমেরিকা ইনক'র নব নির্বাচিত কমিটির অভিষেক ও সংগঠনের ১২ বছর পূর্তি অনুষ্ঠান হলো গত ২২ আগস্ট রাতে। উল্লেখ্য, ২০০৮ সালে এই সমিতির গঠন করা হয়েছিলো।

প্যাটারসন সিটির বেঙ্গল ইন্সুরেন্সের হল রুমে এই বর্ণিল অভিষেক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানের তিন পর্বে প্রথম পর্বে নতুন কমিটির শপথবাক্য পাঠ, দ্বিতীয় পর্বে আলোচনা এবং তৃতীয় পর্বে ছিলো ১২ বছর পূর্তি উপলক্ষে কেককাটা অনুষ্ঠান।

অনুষ্ঠানের আলোচনা সভায় এই পর্বে সভাপতিত্ব করেন নতুন কমিটির সভাপতি হোসেন পাঠান বাচ্চু। এই পর্বে প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে সমিতির উপদেষ্ঠা মোশাররফ আলম ও ডাক্তার আকামত আলী তালুকদার এবং সম্মানিত অতিথি ছিলেন নিউজার্সী স্টেট আওয়ামী লীগের সভাপতি আজমল আলী, সহসভাপতি আব্দুল হামিদ, মিনা আবেদিন, সাধারণ সম্পাদক বিশ্বজিৎ দে বাবলু, নিউউজার্সী স্টেট বিএনপি সভাপতি সৈয়দ জুবায়ের আলী, নারী নেত্রী হাসিনা পাঠান ও আওয়ামী লীগ নেতা এনায়েত করিম খোকা। এই পর্ব পরিচালনা করেন নতুন সাধারণ সম্পাদক মোহাম্মদ রকিবুল হাছান রিপন।

অনুষ্ঠানে সুনামগঞ্জ জেলা জনকল্যাণ সমিতি'র পক্ষ থেকে বক্তব্য রাখেন সাবেক সভাপতি সমির উদ্দীন মাস্টার, সহসভাপতি রেজাউল করিম চৌধুরী, সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক সাঈদ উর রহমান, সহ সাধারণ সম্পাদক হেলেনা আলী, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, আইন বিষয়ক সম্পাদক এডভোকেট এবিএম জাফরান, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক রাসেল মাহমুদ, সমাজকল্যাণ সম্পাদক শাহাব উদ্দীন, সাবেক ইউপি চেয়ারম্যান জায়েদুল ইসলাম চৌধুরী, প্রচার সম্পাদক মাসুদ চৌধুরী, সাহিত্য ও সংস্কৃতিক সম্পাদক এডভোকেট হাফিজুর রহমানসহ সমিতির বর্তমান ও সাবেক কার্যকরী কমিটির সদস্য ও উপদেষ্টামন্ডলীগণ।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম. এম., বিএস-সি (অনার্স) এম.এস-সি (ডুগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রঙ্কস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরাহ বুকিং চলছে।
ফ্রুফ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থডক্স উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সেড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

জুয়েল সাদত ওয়াশিংটন ফোবানার মিডিয়া কো চেয়ারপারসন



বাংলা পত্রিকা ডেস্ক: উত্তর আমেরিকার সেন্ট্রাল ফ্লোরিডায় বসবাসরত সাংবাদিক জুয়েল সাদত ৩৫ তম ওয়াশিংটন ফোবানার কো চেয়ারপারসন (মিডিয়া) হিসাবে মনোনীত হয়েছেন। তিনি ফোবানার ম্যাগাজিন কমিটির কো চেয়ারপারসন হিসাবে ও দায়িত্ব পালন করছেন।

সাংবাদিক জুয়েল সাদাত দীর্ঘদিন থেকে ফোবানার নানা ইভেন্টে যুক্ত আছেন। তিনি বিগত দশ বছর থেকে নানা শহরের ফোবানার হোষ্ট কমিটিতে সম্পৃক্ত ছিলেন। তিনি ২০১১ সালে ওরলান্ডো ফোবানার কো করভেনর (মিডিয়া), ২০১৭ সালে মায়ামী ফোবানায় মিডিয়া কো চেয়ারপারসন, ২০১৮ সালে আটলান্টা ফোবানায় মিডিয়া কো কনভেনর, ২০১৯ নিউইয়র্ক ফোবানা ও ২০২০ সালে ডালাস ফোবানায় গুড ইউল ও প্রমোশন কমিটিতে জড়িত ছিলেন।

চলতি বছর অনুষ্ঠিত ওয়াশিংটন-এর ৩৫তম ফোবানায় ম্যাগাজিন ও মিডিয়াতে যৌথ কমিটিতে কো চেয়ারপারসন হিসাবে গত দেড় বছর থেকেই সম্পৃক্ত আছেন। কমিউনিটি একটিভিষ্ট জুয়েল সাদাত বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি হিসাবে দায়িত্ব পালন করছেন। তিনি প্রবাসীদের অন্যতম মুখপ্রাপ্ত 'প্রবাসের নিউজ'র সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করছেন। জুয়েল সাদতের প্রকাশিতগ্রন্থ ৬টি ও একটি কবিতার সিডি প্রকাশিত হয়েছে। প্রকাশের অপেক্ষায় গ্রন্থ তিনটি। তিনি প্রবাসীদের অন্যতম চ্যারিটী 'বাংলাদেশ গ্রীন ক্রিসেন্ট সোসাইটি'র গভর্ণর হিসাবে দায়িত্ব পালন করছেন।

উল্লেখ্য, ৩৫তম ওয়াশিংটন ফোবানা আগামী নভেম্বরের ২৬, ২৭ ও ২৮ তারিখ ওয়াশিংটনের পার্শ্ববর্তী মেরীল্যান্ডের গ্যালর্ড ন্যাশনাল কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৩৫তম ওয়াশিংটন ফোবানার কনভেনর হিসেবে আছেন কমিউনিটি লীডার জি আই রাসেল ও মেম্বার সেক্রেটারী সাংবাদিক শিব্বীর আহমেদ। ফোবানা উত্তর আমেরিকায় প্রবাসীদের অন্যতম বার্ষিক কনভেনশন। বিগত ৩৪ বছর থেকে ধারাবাহিকভাবে ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে। গত ৩৪তম ফোবানা কোভিডের কারণে ভার্চুয়ালী অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও ৩৫তম ফোবানা কোভিডের কারনে সেপ্টেম্বরের পরিবর্তে নভেম্বরে ২৬ থেকে ২৮ তারিখে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

সিলেট শহরের সন্তান ফোবানার মিডিয়া কো চেয়ারপারসন জুয়েল সাদত এর সাথে যোগাযোগ ৪০৭ ৮৩২ ২৮৮২। e-mail: Sadat734@gmail.com

'ফোবানা অ্যাওয়ার্ড'র জন্য আবেদন আহ্বান

নিউইয়র্ক: আগামী লেবার ডে উইকেন্ডে অর্থাৎ ৩, ৪ ৫ সেপ্টেম্বর ওয়াশিংটন ডিসি-তে অনুষ্ঠিতব্য ফোবানা কনভেনশনে 'ফোবানা অ্যাওয়ার্ড' প্রদান করা হবে। এই অ্যাওয়ার্ড প্রদানের মাধ্যমে সংশ্লিস্টদের মূল্যায়ন ও স্বীকৃতি প্রদান করা হবে। এজন্য কনভেনশনের অ্যাওয়ার্ড কমিটির পক্ষ থেকে আবেদন গ্রহণ করছে। কমিউনিটির কল্যাণে নিরবে-নিভৃতে যে বা যারা বিশেষ করে সামাজিক সংগঠন, মিডিয়া কাজ করছেন তাদের কাছ থেকে আবেদন আহ্বান করেছেন কনভেনশনের কনভেনর শরাফত হোসের বাবু ও অ্যাওয়ার্ড কমিটির চেয়ারম্যান ড. ইবরুল চৌধুরী। আবেদন করার যোগাযোগ নম্বর ২৬৭-২৫৫-৫৬০৫ ইমেইল- ফোবানা ওয়াশিংটন ডিসি ২০২১ অ্যাড জিমেইল ডট কম. -প্রেস বিজ্ঞপ্তি।



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT — 8 Weeks Course, 4 Hours Each Class, Total 32 Classes (4 days/week), Total Cost : $2000.00, Time : 2 pm to 6 pm

SHSAT — 8 Weeks Course, 5 days/week, Total Cost : $2000.00, Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH — 1st Grade to 6th Grade, 8 weeks course, 3 Hrs./day, 4 days/week, Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

আবশ্যক

এলমহার্স্টে একটি মেডিক্যাল অফিসের রিসেপশনিষ্ট হিসেবে পার্ট টাইম লোক আবশ্যক। প্রয়োজনে প্রশিক্ষণ দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৭৪৯-৪৭৭২
আ-১৬/২৩

আবশ্যক

ব্রঙ্কসের ১৭০৮ ইউনিভার্সিটি এভিনিউস্থ একটি ফ্রাইড চিকেন এন্ড পিজা স্টোরের ফ্রন্ট ও ব্যাক পজিশনে কাজ করার জন্য লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৬৫৪-২৩৬১
আ-১৬/২৩/৩০

তান্দুরী শেফ আবশ্যক

আলবেনীতে একটি বাংলাদেশী রেষ্টুরেন্টে একজন তান্দুরী শেফ আবশ্যক। থাকা ফ্রি বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: মি. রহমান (৫১৮-৫০৬-৯৮৮২)
আ-১৬/২৩

সেমিবেসমেন্টভাড়া

১৯০ স্ট্রীট এবং ৯০ এভিনিউ, ইসাইবনে মরিয়ম মসজিদের পাশে ২ বেডরুমের সেমিবেসমেন্ট সাথে কিচেন এবং বাথসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৬২৪-৩১৩৫

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

এস্টোরিয়ার ৩১-১৩ ২১স্ট্রীট ঠিকানার তিন বেডরুম, লিভিং রুম, কিচেন, একটি ফুল বাথ-এর এপার্টমেন্টে বাসা (থার্ড ফ্লোর) ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৪১-১৭৭৯
আ-০২

আবশ্যক

নিউইয়র্কের বেসাইড এলাকায় সেভেন ইলেভেন/গ্যাস ষ্টেশন-এ কাজ করার জন্য জরুরী ভিত্তিতে পার্ট টাইম/ফুল টাইম লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৫৯৮৯
আ-০২

বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

মহিলা হাউস কিপার আবশ্যক

কুইন্সে ছোট পরিবারের জন্য একজন মহিলা হাউস কিপার আবশ্যক। মান সম্পন্ন রান্না অঅর সাধারণ পরিচ্ছন্নতার কাজ। সপ্তাহে ৫/৬দিন কাজ। বেতন এবং সময়সূচী আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: ৭১৮-২০৭-৩৭৫৭
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪৪
জু-২৮/জু-০৫

ইয়েলো ট্যাক্সি মেডালিয়ন বিক্রি

গাড়ীসহ হুইলচেয়ার ট্যাক্সি মেডালিয়ান বিক্রয় হবে। আগ্রহী ব্যক্তি যোগাযোগ করুণ। মূল্য আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৩৪৫-৮৭০০
আ-৩০/সে-০৬

বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকায় ২ বেডরুম/১ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। (হিন্দু হলে ভালো হয়। কারণ বাসার সবাই হিন্দু)। যোগাযোগ: গোপ (৩৪৭-৬০৫-৯৫৮২)
আ-৩০/সে-০৬

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারন্টে ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-১৪/২১

লোক আবশ্যক

জমজমাট রেস্টুরেন্ট এবং ভালো পরিবেশে কাজের জন্য জারুরী ভিত্তিতে অভিজ্ঞ তান্দুরী শেফ আবশ্যক। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

রেস্টুরেন্ট বিক্রি

জমজমাটপূর্ণ খুবই ভালো লোকেশনে একটি রেস্টুরেন্ট বিক্রি হবে। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজের ৮৯-৫৩ ২০৮ স্ট্রীটে ২২০০ স্কয়ার ফিট সেমি ডিটাচ ৩ বেডরুম, ১.৫ বাথরুম, লিভিং রুম, ডাইনিং রুম, ইট এন্ড কিচেন, ফুললী ফার্নিসড বাড়ী মালিক কর্তৃক বিক্রি হবে। মূল্য: ৬৯৫,০০০ ডলার। যোগাযোগ: ৯১৭-৯৩২-৫৭৪২ (তাহসিন) অথবা ৩৪৭-৯১২-৩১৯৫ (ইসরাত) জুন-১৪/২১

বাসা ভাড়া

ইস্ট এলমহাসবট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটটের উপর দোতালায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
জুন-১৪/২১

স্টুডিও ভাড়া

জ্যামাইকার ১২৫ ষ্ট্রীট ও হিলসাইড এভিনিতে স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে স্টুডিও রুম ভাড়া দেওয়া হবে। জুন-০৭/১৪

আবশ্যক

নর্থ ব্রঙ্কসের একটি কন্সট্রাকশন কোম্পানীতে কাজের জন্য পুরুষ ও মহিলা কর্মী আবশ্যক। বেতন যোগ্যতা অনুসারে। যোগাযোগ: ৯১৭-৪১৬-৫৯৩৯
আ-০২/০৯

HELP WANTED
A growing New York based company looking for an well motivated individual for it's **Sales and Customer Service** position. Candidates with some of the Sales, Marketing and Customers handling experience will be given priority. Pay may start at 20.00 - 25.00 per hour, space to learn and such potential to grow. It is a full time in-office job. Excellence in rapport and communication skill is a must. Total position available: 3 (three).

email: sunjob2016@gmail.com
Text: 917 468-3317

আবশ্যক

জ্যামাকাইকার একটি গ্রোসারী স্টোরে কাজ করার জন্য একজন লোক আবশ্যক। লটো ও কুইক ড্র বিষয়ে অভিজ্ঞ হতে হবে। যোগাযোগ: ৬৪৬-৩৩৮-৭১৩৬
আ-২৩/৩০

অবশ্যক:
কুইন্সে খুবই চোট একটা পরিবারের জন্য একজন মহিলা কুক (Cook) অবশ্যক। মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে হাউসকিপিং এর কাজ। সপ্তাহে কয় দিন, আওয়ারস এবং বেতন সাক্ষাতে আলোচনা হবে।
Call: 718 207-3757

আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।

যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭

জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



জাবেদ উদ্দিনের ষ্টেট অ্যাসেম্বলির প্রক্লেমোশন লাভ

(শেষের পাতার পর)

ফেলে পলায়নের মত ঘটনা। অন্যদিকে পরম মমতায়ে ধর্ম-বর্ণ নির্বিশেষে বাছ-বিচার না করে মানব কল্যাণে প্রয়োজনীয় মূহুর্তে সার্বক্ষণিক পাশে থেকে সেবা দান। এমনই ইতিবাচক কর্মসূচী নিয়ে কোভিডের জরুরী অবস্থা চলাকালীন সময়ে খোদ নিউইয়র্কের মত স্থানে মানুষের পাশে অবিশ্রান্ত কাজ করে গেছেন জাবেদ উদ্দিন। তার কাজের স্বীকৃতি স্বরূপ এবার পেলেন নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীম্যান প্রদত্ত প্রক্লেমোশন।

কে এই জাবেদ উদ্দিন। এস্টোরিয়া তথা নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত নাম। কমিউনিটি অ্যাক্টিভিষ্ট, সংগঠক, মানবপ্রেমী, সমাজকর্মী আর পরোপকারী মানুষ। এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি নিউইয়র্ক ও মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ ইনক'র সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন। উল্লেখ্য, মৌলভীবাজার জেলার ১নং খলিলপুর ইউনিয়নের কেশবচর গ্রামের অধিবাসী জাবেদ উদ্দিন বর্তমানে সপরিবারে স্থায়ীভাবে নিউইয়রর্ক বসবাস করছেন।

মহামারী শুরু থেকেই করোনা আক্রান্ত মানুষের পাশে থেকে তাদের মধ্যে মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, খাবার-দাবার দরিদ্রদের বাসায় বাসায় খাদ্য পৌছানো ও বিভিন্ন সংগঠনের কাছ থেকে খাদ্য সামাগ্রী সংগ্রহ করে



প্রতিদিনই এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সদস্যদের নিয়ে মানুষদের মধ্যে খাদ্য সহ জরুরী প্রোটেকটিভ উপাদান বিতরণ করছেন তিনি। বিগত রমজানে সংগঠনটি স্থানীয় মানুষদের মধ্যে ইফতার বিতরণ করে। করোনাকালীন সময়ে যারা পরিবারের সদস্য হারিয়েছেন সংগঠনটি তাদের অনেকের পাশেই সহমর্মী থেকে জানাযা-দাফন সহ তাৎক্ষণিক প্রয়োজনীয় কাজে সহযোগিতা করেছে। ভয়াবহ এই সময়ে মানুষের সেবায় নিবেদিত থেকে কাজ করতে পেরে সংগঠনের সদস্যবৃন্দ নিজেদেরকে ধন্য মনে করেন। সমাজকর্মী জাবেদ উদ্দিন মানব কল্যাণে সেবামূলক কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সংগঠনের সদস্যদের উদ্বুদ্ধ করে চলেছেন। উল্লেখ্য, এই মানবহিতকর অব্যাহত চলমান কর্মসূচীর জন্য গত কয়েক সপ্তাহ আগে সংগঠনটি কংগ্রেস অফিস ও ডাউন টাউন ম্যানহাটন বাংলাদেশী কমিউনিটি থেকে সম্মানজনক অ্যাওয়ার্ড এবং ষ্টেট সিনেটর দপ্তর সহ নিউইয়র্কের বিভিন্ন সংগঠন থেকে উৎসাহমূলক অ্যাওয়ার্ড অর্জন করেছেন। বিগত ২৫ আগষ্ট বিকেলে নিউইয়র্কের ষ্টেট অ্যাসেম্বলীম্যান অফিস থেকে জহরান মানদানি এর হাত থেকে কৃতিত্ব সম্মান স্বরূপ প্রক্লামেশন অ্যাওয়ার্ড গ্রহণ করেন জাবেদ উদ্দিন। এ সময়ে স্টেট অ্যাসেম্বলীম্যান এর অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। আরো উল্লেখ্য, সামাজিক কর্মকান্ডের স্বীকৃতি স্বরূপ জাবেদ উদ্দিন ২০২০ সালেও নিউইয়র্কের সিনেট ডিষ্ট্রিক্ট ১২ থেকে নির্বাচিত ষ্টেট সিনেটর মাইকেল জিনারিস কর্তৃক অ্যাওয়ার্ড লাভ করেন।

জাবেদ উদ্দিন জানান, মানুষ মানুষের পাশে থেকে কাজ করলে কিভাবে সমস্যা সমাধান করা যা তা তিনি অর্জন করেছেন। তিনি সেই অভিজ্ঞতার আলোকে উপস্থিত অন্যান্য সবাইকে কাজ করার আহবান জানান।

অ্যাওয়ার্ড গ্রহণের পর জাবেদ উদ্দিন বলেন, মানব সেবায় কাজ করার জন্য তাকে স্টেট অ্যাসেম্বলীম্যান অফিস যে সম্মান দিয়েছেন এর জন্য তিনি কৃতজ্ঞ। এই মানবতাবাদী সেবা কাজে তাকে যারা সহযোগিতা করেছেন তাদের কাছে তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সেই সাথে আশাবাদ ব্যক্ত করেন যে সাম্প্রতিক চলমান কার্যক্রম পেন্ডামিক অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

জাতীয়তাবাদী ফোরামের বিক্ষোভ সমাবেশ

(শেষের পাতার পর)

আমেরিকা নিউইয়র্কে বিক্ষোভ সমাবেশ করেছে। সোমবার (২৩ আগষ্ট) বিকেলে সিটির জ্যাকসন হাইটসের ডাইভার-সিটি প্লাজায় এই সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদে সাবেক বিরোধীদলীয় চীফ হুইপ এবং বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা জয়নাল আবেদীন ফারুক। খবর ইউএনএ'র।

ফোরামের সভাপতি আব্দুল বাসিতের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সি-নিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ, সাবেক সহ সভাপতি রাব্বী মোহাম্মদ খোকন ও মনজুর আহমেদ চৌধুরী। প্রধান বক্তা ছিলেন বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান। সভায় অন্যান্যের মধ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ফোরামের সাধারণ সম্পাদক মোহাম্মদ গিয়াসউদ্দিন। সভা পরিচালনা করেন ফোরামের যুগ্ম সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় জাসাস-এর মানবাধিকার বিষয়ক সম্পাদক সোহরাব হোসেন।

বিক্ষোভ সমাবেশে অংশগ্রহণকারীরা বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত পোষ্টার, ব্যানার নিয়ে সরকার বিরোধী নানা শ্লোগান দেয়।

সভায় বক্তারা ঢাকায় বিএনপি নেতা-কর্মীদের উপর পুলিশী হামলা বিশেষ করে ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক, সাবেক মন্ত্রী ও ডাকসু'র সাবেক ভিপি আমান উল্লাহ আমান এবং সদস্য সচিব আমিনুল হকের উপর পুলিশী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার স্বৈরাচার সরকার। ঐক্যবদ্ধভাবে এই সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলে বেগম খালেদা জিয়া আর তারেক রহমানের নেতৃত্বে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হবে। বক্তারা দলীয় নেতা-কর্মীদের দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারেরও দাবী জানান।

সভায় জয়নাল আবেদীন ফারুক দলীয় নেতা-কর্মীদের আওয়ামী লীগ সরকারের জেল-জুলুম, হামলা-মামলা, অত্যাচার, নিপীড়ন-নির্যাতনে ভয় না পেয়ে ধৈর্য্য ধরে ঐক্যবদ্ধভাবে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, পৃথিবীর কোন দেশেই স্বৈরাচার টিকে থাকতে পারেনি, আওয়ামী লীগও ক্ষমতায় থাকতে পারবে না। জনগণকে সাথে নিয়ে এই সরকারের পতন ঘটানো হবে। তিনি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন দাবী করেন।

সমাবেশে যোগদানকারী উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম সম্পাদক কাহী সাখাওয়াত হোসেন আযম, ফোরামের অন্যতম উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা সুরুজ্জামান, বিএনপি নেতা জাপর তারুকদার, খলকুর রহমান, মাইনুল ইসলাম চৌধুরী, আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদ ইউএসএ'র সভাপতি মোহাম্মদ শাহাদৎ হোসেন রাজু উপস্থিত ছিলেন। ছবি: নিহার সিদ্দিকী

সঙ্কট সমাধানে সাবেক কর্মকর্তা ও ইসি'র মধ্যে বৈঠক

(শেষের পাতার পর)

প্রার্থীদের সাথে বৈঠক ছাড়াও সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সাথে বৈঠক করেছেন। উল্লেখ্য, ২০১৮ সালের ১৮ অক্টোবর সোসাইটির দ্বিবার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। কিন্তু নির্বাচনে ভোট গ্রহণের কয়েকদিন আগে আদালতে মামলা, পরর্তীতে করোনা প্রভৃতি কারণে নির্বাচন অনুষ্ঠিত হতে পারেনি। খবর ইউএনএ'র।

এদিকে বিগত ৫ মাস আগে সোসাইটির নির্বাচনী মামলা বাতিল হয়ে গেলেও সংশ্লিষ্ট দায়িত্বশীল ব্যক্তিরা বিষয়টি অবগত নন বলে জানা গেছে। ফলে তাদের বিরুদ্ধে দায়িত্বহীনতা, নির্বাচনের ব্যাপারে অনিহা প্রভৃতি নানা প্রশ্নও উঠেছে। আবার মামলার পিছনে হাজার হাজার ডলার ব্যয়েও অনেকে প্রশ্ন তুলেছেন।

অতি সম্প্রতি সোসাইট অফিসে অনুষ্ঠিত সভায় সোসাইটির সাবেক কর্মকর্তাদের মধ্যে সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভুইয়া, সাবেক সাধারণ সম্পাদক যথাক্রমে মোহাম্মদ হোসেন খান, ফখরুল আলম ও রাব্বী মোহাম্মদ খোকন এবং সাবেক কর্মকর্তা জামান তপন আর প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি সহ ইসি'র সদস্য মোহাম্মদ এ হাকিম, মোহাম্মদ আনোয়ার হোসেন, কায়সারুজ্জামান কায়েস, মোহাম্মদ রুহুল আমীন সরকার ও খোকন মোশাররফ উপস্থিত ছিলেন। বৈঠকে নির্বাচন বিষয়ক মামলা, বর্তমান পরিস্থিতি ও নির্বাটন অনুষ্ঠানে বিষয়ে ইতিবাচক আলোচনা হয়েছে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

সংশ্লিস্ট সূত্র জানায়, আগামী নভেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে সোসাইটির আলোচিত ও স্থগিত হওয়া নির্বাচন অনুষ্ঠানের সম্ভাবনা রয়েছে। এজন্য ১৪ নভেম্বর-কে সামনে রেখে নির্বাচন কমিশন এগিয়ে চলছে বলে সূত্র জানায়।

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ইসলাম

(শেষের পাতার পর)

একটি নৈমিত্তিক ঘটনা। এ জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর তাপমাত্রা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে, যা বৈশ্বিক উষ্ণতা নামে অধিক পরিচিত। পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির কারণে নানা ধরনের দুর্যোগ বৃদ্ধি পাচ্ছে। যেমন-অতিবৃষ্টি, অনাবৃষ্টি, আকস্মিক বন্যা, খরা, ভূমিধস, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি।

আল্লাহতায়ালা পবিত্র কুরআনে বলেছেন, 'মানুষের কৃতকর্মের দরুন সমুদ্র ও স্থলে বিপর্যয় ছড়িয়ে পড়েছে' (সূরা আর রুম : ৪১)। প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ইসলাম শুধু বনভূমি রক্ষণাবেক্ষণ নয়, সম্প্রসারণ করারও তাগিদ দিয়েছে। রাসূল (সা.) নিজ হাতে গাছ লাগিয়েছেন, সাহাবায়ে কেরামকে গাছ লাগাতে ও বাগান করতে উদ্বুদ্ধ করেছেন। ব্যক্তিগত ও সামাজিক বনায়নও করেছেন। রাসূল (সা.) বৃক্ষরোপণকে সদকায়ে জারিয়ার অন্তর্ভুক্ত করে বলেছেন, 'মানুষ, পাখি বা পশু যখন তাদের আহার্য গ্রহণ করে, তখন তা তার (রো-পণকারী) পক্ষে একটি সদকা (দান) হিসাবে পরিগণিত হয়।' (বুখারি ও মুসলিম)।

অন্য একটি হাদিসে রাসূল (সা.) বলেছেন, 'যদি কিয়ামত সংঘটিত হওয়ার মুহূর্তেও তোমাদের কারো হাতে একটি চারাগাছ থাকে, তাহলে সে যেন সেই বিপৎসংকুল মুহূর্তেও তা রোপণ করে দেয়।' (বুখারি, আদাবুল মুফরাদ)।

উদ্ভিদ ও বৃক্ষ থেকে আমরা খাদ্য পাই। আল্লাহতায়ালা বলেন, 'মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ করুক। আমিই প্রচুর বারি বর্ষণ করি, অতঃপর আমি ভূমিকে প্রকৃষ্টরূপে বিচূর্ণ করি এবং আমি উৎপন্ন করি শস্য, আঙুর, শাকসবজি, জইতুন, খেজুর এবং বহু বৃক্ষবিশিষ্ট উদ্যান, ফল ও গবাদিপশুর খাদ্য, এটি তোমাদের এবং তোমাদের পশুগুলোর জীবনধারণের জন্য।' (সূরা-৮০ আবাসা, আয়াত : ২৪-৩২)।

আগুনের অন্যতম উৎস বৃক্ষ। আল্লাহতায়ালা বলেন, 'যিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ থেকে অগ্নি উৎপাদন করে দিয়েছেন, সে মতে তোমরা তা থেকে আগুন জ্বালিয়ে নিতে পারো।' (সূরা-৩৬ ইয়াসিন, আয়াত : ৮০)।

বিনা প্রয়োজনে গাছ কর্তন করাকে রাসূল (সা.) নিরুৎসাহিত করেছেন। মুতার যুদ্ধে সেনাপতিকে লক্ষ্য করে বলেছিলেন, 'তোমরা কোনো খেজুর বৃক্ষ জ্বালিয়ে দেবে না এবং কোনো বৃক্ষ কর্তন করবে না।' অপর এক হাদিসে এসেছে, 'যে ব্যক্তি বিনা প্রয়োজনে কাঁটাযুক্ত কোনো বৃক্ষ কর্তন করবে, আল্লাহ তাকে জাহান্নামে প্রবেশ করাবেন।' (আবু দাউদ)।

নির্বিচারে গাছপালা কেটে ফেলায় প্রতিবেশের ওপরও নেতিবাচক প্রভাব পড়েছে। বনে বাস করা পৃথিবীর ৭০ শতাংশ প্রাণীর মধ্যে অনেক প্রজাতিই তাদের আবাস হারিয়ে প্রায় বিলুপ্তির পথে। এটা সত্য যে, মানুষই এ পৃথিবীতে মুখ্য। তবে জড়জগৎ, জীবজগৎ ও উদ্ভিদজগৎও এ পৃথিবীর উপাদান। ইসলাম মনে করে, পশুপাখির প্রতি নম্রতা প্রদর্শন ইবাদতের পর্যায়ভুক্ত। হাদিসে এসেছে, 'যে কোনো প্রাণীর ওপর দয়া করার মধ্যেও সওয়াব আছে' (বুখারি)। পশুপাখিকে কষ্ট দেওয়া গোনাহের কাজ। হাদিসের বাণী, 'যে ব্যক্তি অহেতুক কোনো চড়ুই পাখি হত্যা করে, কিয়ামতের দিন পাখিটি আল্লাহর কাছে এই বলে নালিশ করবে যে, হে আল্লাহ, অমুক ব্যক্তি আমাকে অহেতুক হত্যা করেছে' (নাসায়ি, ইবনে হিব্বান)। পবিত্র কুরআনে বিক্ষিপ্তভাবে প্রায় ২০০ আয়াতে প্রাণিজগতের প্রসঙ্গ এসেছে। এমনকি পৃথকভাবে বিভিন্ন প্রাণীর নামে ছয়টি সূরার নামকরণ করা হয়েছে।

আমাদের উচিত, জলবায়ু নিরাপদ রাখতে মানুষকে সজাগ ও সচেতন করা, সবুজ বনায়ন এবং জীববৈচিত্র্য রক্ষা করা। পাশাপাশি আরও যত প্রাকৃতিক সম্পদ আছে সবকিছুর যথাযথ ব্যবহার, পরিচর্যা ও সংরক্ষণ করা। কলকারখানায় কালো ধোঁয়া নির্গমন কমিয়ে আনতে হবে। জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমাতে হবে। সৌরশক্তির ব্যবহার বাড়াতে হবে। নবায়নযোগ্য জ্বালানির সন্ধান করতে হবে।

প্রকৃতির ওপর মানুষের বিরূপ আচরণ বন্ধ করতে হবে। পরিবেশের ভারসাম্য রক্ষা না করলে মানব সভ্যতায় নেমে আসবে প্রাকৃতিক বিপর্যয়। আল্লাহতায়ালা পবিত্র কুরআনে বলেন, 'তোমরা নিজেদের হাতে নিজেদেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ কর না। তোমরা সৎকাজ কর, আল্লাহ সৎকর্মপরায়ণ লোককে ভালোবাসেন' (সূরা বাকারা : ১৯৫)।



বঙ্গবন্ধুর খুনি রাশেদকে ফিরিয়ে আনতে ক্যালিফোর্নিয়ার সাক্রামেন্টো শহরের স্টেট ক্যাপিটলে প্রতীকী বিক্ষোভ

বঙ্গবন্ধুর খুনি রাশেদকে ফিরিয়ে

(শেষের পাতার পর)

পাদদেশে গভর্নর গ্যাভিন নিউসমের কার্যালয়ের সামনে এ প্রতীকী বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এই স্বতঃস্ফূর্ত প্রতিবাদ উত্তর ক্যালিফোর্নিয়ার বাংলাদেশীদের মাঝে ব্যাপক সাড়া জাগিয়েছে।

বিক্ষোভে বঙ্গবন্ধুর সহোদর ১৫ আগস্টে নিহত শেখ আবু নাসেরের কন্যা শেখ মিনা, রংপুরে মিঠাপুকুরের সংসদ সদস্য ও কেন্দ্রীয় আওয়ামী লীগের কোষাধ্যক্ষ এ এইচ এন আশিকুর রহমান, ক্যালিফোর্নিয়া স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল আলম এবং উত্তর ক্যালিফোর্নিয়া আওয়ামী লীগের পক্ষ থেকে কাউসার জামান, ড. রাজ হামিদ এবং কাজী শাহরিয়ার রহমান।

আশিকুর রহমান বলেন, ১৫ আগস্ট জাতির পরিচয় মুছে দেবার একটি ষড়যন্ত্র ছিল। রাশেদ চৌধুরীর বিচার বাস্তবায়িত হবেই। আমরা তাকে দেশে ফিরে আনার আন্দোলন জোরদার করব।

ড. রবিউল বলেন, আজ যে বিক্ষোভ শুরু হয়েছে তা যুক্তরাষ্ট্রের প্রতিটি অঙ্গ রাজ্যের ছড়িয়ে দিব।

কাউসার জামাল বলেন, শিশু হত্যাকারী রাশেদ চৌধুরীর স্থান আমাদের মাঝে হতে পারে না।

ড. রাজ হামিদ বলেন, ইউএস আওয়ামী লীগের নেতৃত্বে প্রতিটি স্টেটকে সঙ্গে নিয়ে সমন্বিত কর্মসূচির ঘোষণা শিগগিরই আসছে।

কাজী শাহরিয়ার বলেন, ইউএস স্টেট জাস্টিস ডিপার্টমেন্টের প্রতি আমাদের দাবি, ঘাতককে বাংলাদেশে দ্রুত ফিরিয়ে দেয়া হোক, যাতে তার শাস্তি নিশ্চিত করা যায়।

এর আগে, গত ১৫ আগস্ট রোববার জাতীয় শোক দিবসে একই দাবিতে এ অঙ্গরাজ্যের ওয়ালনাট ক্রিক শহরে বিক্ষোভ করেছে ক্যালিফোর্নিয়া স্টেট আওয়ামী লীগ, উত্তর ক্যালিফোর্নিয়া আওয়ামী লীগ এবং ইউএসএ আওয়ামী লীগ। দুই দিনের কর্মসূচিতে পূর্ণ সমর্থন ব্যক্ত করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান।

কর্ণফুলী ট্রাভেলসে আকর্ষণীয় ছাড়ে ওমরাহ প্যাকেজ

(শেষের পাতার পর)

জ্যাকসন হাইটসে অবস্থিত বাংলাদেশী মালিকানাধীন স্বনামধন্য প্রতিষ্ঠান কর্ণফুলী ট্রাভেলস ওমরাহ প্যাকেজ ঘোষণা করেছে।

কর্ণফুলী ট্রাভেলস'র কর্ণধার মো. সেলিম (হারুন) জানান, তাদের প্রতিষ্ঠানে রয়েছে ফুল ওমরাহ প্যাকেজ। প্যাকেজের মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে ট্রান্সপোর্টেশন, ভিসা, হোটেল, টিকিট ইত্যাদি। এছাড়া কেউ চাইলে ডিনার বা লাঞ্চও প্যাকেজে অন্তর্ভূক্ত করতে পারবেন।

তিনি জানান, গত বছর করোনা মহামারির কারণে যুক্তরাষ্ট্র থেকে ওমরাহ কার্যক্রম বন্ধ ছিল। চলতি মাস থেকে তা উন্মুক্ত হয়েছে। এখন যুক্তরাষ্ট্র থেকে ইউএস পাসপোর্টধারীরা ওমরা করতে যেতে পারছেন। তবে নন ইউএস পাসপোর্টধারীদের বিষয়ে খুব শিগগরই সিদ্ধান্ত পাওয়া যাবে।

তিনি বলেন, কর্ণফুলী ট্রাভেলস দ্রুততার সঙ্গে ওমরা সার্ভিস নিশ্চিত করছে। একই সঙ্গে অন্যদের চেয়েও কম খরচে মিলছে ওমরা প্যাকেজ। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে হবে 37-16 73th street, sute 201 FR, Jackson Heights, NY-11372, Phone: 718-205-6050 or 718 205 6055.

প্রসঙ্গত: কর্ণফুলী ট্রাভেলস বিগত ২০০৭ সাল থেকে সুনামের সঙ্গে নিউইয়র্কে ওমরাহ প্যাকেজ প্রদান করে আসছে।

প্রবাসে শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক ঐতিহ্য থেক
আমাদের নতুন কিছু করার প্রত্যয়

৩দিন ব্যাপী বাংলাদেশ সম্মেলন

3RD বাংলাদেশ সম্মেলন ২০২১

BANGLADESH CONVENTION

DATE: LABOR DAY WEEKEND

FRIDAY SEPTEMBER 3, 2021

TIME: 6 PM TO 12 PM

বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠান এবং নৈশভোজ অনুষ্ঠিত হবে

SKYLINE PRINCESS ON THE EAST RIVER

SITE NAME
1 WORLDS FAIR MARINA
1 Marina Rd, Flushing, NY 11368

TICKETS
kid's: $30
Adult: $60

SEPTEMBER 4 & 5
(SAT & SUNDAY, 2PM-12AM)

VENUE:
LAGUARDIA AIRPORT
MARRIOTT
102-05 Ditmars Blvd,
Queens, NY 11369

৩ দিনব্যাপী থাকছে

FREE ENTRY

সেমিনার | ট্যালেন্ট শো | ফ্যাশন শো

Majid Desire

কাব্য জলসা | রকমারী স্টল

প্রিয়া ড্যান্স গ্রুপ

চন্দ্রা ব্যার্ণাজী ও তার দল নৃত্যাঞ্জলি

দেশ ও প্রবাসের প্রখ্যাত শিল্পীবৃন্দ এবং জনপ্রিয় ব্যান্ডদল গুলোর পরিবেশনায় থাকছে

মেগা কনসার্ট

প্রবেশ উন্মুক্ত

CONVENER
CHOUDHURY S. HASAN, MD

CHAIRMAN
MOHAMMED AZAD

MEMBER SECRETARY
ALAMGIR KHAN ALAM

আজই স্টল এর জন্য যোগাযোগ করুন
646.546.6038

HOST: BANGLADESH CONVENTION NORTH AMERICA

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // August 30 // 2021

ঢাকায় 'অনলাইন নিউজপোর্টাল অ্যাসোসিয়েশন'-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু





ঢাকা ডেস্ক: সরকারের নিবন্ধিত অনলাইন নিউজপোর্টাল মালিকদের সংগঠন 'অনলাইন নিউজপোর্টাল অ্যাসোসিয়েশন, বাংলাদেশ' (ওএনএবি) এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো। গত ১৭ আগষ্ট সোমবার জাতীয় প্রেসক্লাবে এক সভায় ইপি-বিডি ডটকমের সম্পাদক মোল্লাহ আমজাদ হোসেনকে আহবায়ক এবং এবিনিউজ২৪ বিডি ডটকমের (বাকি অংশ ২৮ পাতায়





বাম থেকে আমি, ম্যাথুস, ডি.জে, ল্যাটিছিয়া, সবার ডানে ভুবন মাতানো হাসিতে ফ্লোরা

ব্রাজিল অলিম্পিকের ডায়রী-২



আমরা রিও পৌছেছি ২ দিন হল। এবার বিশ্বের সবচেয়ে বড় ক্রীড়া আসরের কর্মযজ্ঞে যোগ দেবার পালা। একে একি প্রতিদিনই পরিচিত হচ্ছি বিশ্বের বিভিন্ন দেশ থেকে অলিম্পিকে যোগ দিতে আসা ক্রীড়া প্রতিনীধিগন এবং প্রকৌশলীদের সাথে।

দিন ৩:

অলিম্পিক-এর পর্দা উঠতে আরও ৪ দিন বাকি। সকালে ক্যাফেটেরিয়াতে নাস্তা সেরে বাসে উঠে গেলাম। দু'চোখ জুরিয়ে যায় আশপাশের দৃশ্য দেখে। মনে হয় এই শহরটাকে বিধাতা নিজের হাতে সৌন্দর্য্য দিয়ে বানিয়েছেন। কি নেই এখানে! দক্ষিণ আটলান্টিকের ভয়ঙ্কর গর্জন, সাথে দিগন্ত আচ্ছাদন জলরাশি। মাথা উচু করে করকোভাডো পাহাড়ে দু-হাত প্রশস্ত করে দাঁড়িয়ে ২,৩০০ ফুট উচু ক্রিস্ট ডি রিডিমার স্ট্যাচু।

আমাদেরকে কম্পাউন্ড পৌছে সবার আগে কার্ড স্ক্যান করতে হয়। আজকে কিছু লোকাল ব্রাজিলিয়ান ছেলে-মেয়ে আমাদেরকে সাহায্য করার জন্য ভলান্টিয়ার হিসেবে জয়েন করবে, ওদের টিম লিড আমি আর গ্লোব। এক্সাইটেট কাজ করছে ভিতর ভিতর কেননা, ওদের থেকে ব্রাজিলের অনেক কিছুই জানব এই পরিকল্পনা করে ফেলেছি।

ডাক পড়ল টিম মিটিং-এ, পরিচয় হল একে একে TOC, GFX, OB (DSNG VAN), RF (Radio Frequency) Team, Schedule Team সবার সঙ্গে। পুরো ইভেন্টকে আমরা ২টি ক্লাস্টার এ ভাগ করলাম। একটি ক্লাস্টার হচ্ছে Technical Team যেখানে আমি। আরেকটি ক্লাস্টার হচ্ছে Operation Team. যেখানে ক্যামেরাম্যান, রিপোর্টার, প্রডিউসার, ডিস্ট্রিবিউশন টিম কাজ করবে। বিশাল বিশাল ড্রয়িং আমাদের রুমে টানানো, যেখানে পুরো কম্পাউন্ড এর নকশা A-Z করা আছে। দুই ঘন্টার লম্বা মিটিং শেষে বেড় হলাম VTM (Venue Technical Manager) এর রুম থেকে।

আজকে প্রথম আমাদের স্টেডিয়াম ভিসিট করতে ভিতরে ঢুকলাম। উপড়ে উঠতেই দু-চোখ জুরিয়ে গেল আর সৃষ্টিকর্তাকে স্মরণ করলাম কত সুন্দর করে এই পৃথিবী সাজিয়ে উনি উপহার দিয়েছেন। এরই মধ্যে আমাদের ভলান্টিয়ার বাহিনী চলে এসেছে। ওরা ৪জন আমাদেরকে সাহায্য করবে বিভিন্ন কাজে আগামী ২১ দিন।

রিও-তে সন্ধ্যা হয় ৬টার দিকে, তাই আজকে প্ল্যান করলাম একটু আগে বের হয়ে লোকাল ফুড এক্সপ্লোর করতে বের হব আমি, পিটার দি জার্মান আর গ্লোব ইরিন মিলে।

হোটেল এ ফিরে তিন জন খাদ্যাভিজানে বেড় হয়ে পরলাম। অলরেডী ৩ দিন হতে চলছে এখনো ভাত খাওয়ার সৌভাগ্য হয়নি। কামারাও আর বাতাতা ফ্রাই খেয়ে ডিনার সারছি। ও আচ্ছা সবাই তো কামারাও আর বাতাতা ফ্রাই এর সাথে পরিচিত নন, এখনি বলে দিচ্ছি কামারাও হচ্ছে চিংড়ী ফ্রাই আর অন্যটি বাতাতা ফ্রাই মানে আলু ভাজি। আমি কখনোই কল্পনাতেও আনিনি যে এই খাবার দিয়ে প্রতিদিন ডিনার করা সম্ভব!!!

যেখানেই যাই সেখানেই দেখি লাইন ধরে মানুষ এই ছাইপাশ খাওয়ার জন্য দাঁড়িয়ে আছে। এদিকে আমার অন্য দুই কলিগ জার্মান ও রুশ ওদের-ও এই জিনিস ৩ দিন ধরে খেয়ে আর ভাল লাগছে না।

আজকে অভিযানে নামলাম আমরা রাইছ (ভাত) খাব, অবশেষে ৩০ মিনিট হাঁটার পর একটি লোকাল রেস্টরেন্ট-এ পেলাম রাইছ আইটেম। এই প্রথম ব্রাজিলিয়ানরা কেমন ফুটবল পাগল তা সচক্ষে দেখলাম। সেদিন লাইভ খেলা চলছিল সম্ভবত ব্রাজিল আর চিলি'র মধ্যে। একদম পিন পতন নিরবতা। ঠিক সেইরকম যেমনটা বাংলাদেশের বিপক্ষে অন্যদল যখন ব্যাট করতে থাকে। প্রসঙ্গত, এখানকার খাবার হোটেলগুলো এশিয়ার মতন না, এখানকার হোটেলগুলো জনগণের সেকেন্ড হোম। তারা ছোট ছেলে-মেয়ে নিয়ে সন্ধ্যার সময়ই চলে আসে, আর ডিনার-গল্প,-আড্ডা-টিভি দেখা শেষে ১০-১১ টায় বাসায় চলে যায়। একেক অঞ্চলে অবশ্য একেক রকম কালচার থাকতে পারে, কিন্তু আমি যে এলাকায় ছিলাম রিও এর সেখানকার প্রতিদিনের দৃশ্য এটি।

রিও শহরে ঘুরার জন্য আকর্ষনীয় জায়গার অভাব নেই, আগামী দিন আমাদের কমপাউন্ডে কাজ কম তাই আমার গন্তব্য সেই সাথে আপনাদের নিয়ে যাব সেই বিখ্যাত সুগারলুফ মাউন্টেইন, কোপাকাবানা বিচ এবং ইপানিমা বিচে। যদিও ইপানিমা শব্দের আঞ্চলিক অর্থ খারাপ পানি, যা পুরোপুরি অসামনঞ্জস্য স্বচ্ছ নিলাভ এই জলরাশির ক্ষেত্রে। পরবর্তী পর্বে আশা করছি আমার সাথেই থাকবেন আপনারা।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



আইপিএল খেলতে

(শেষের পাতার পর)

বর্তমানে সংযুক্ত আরব আমিরাতে অবস্থান করছেন ফ্রাঞ্চাইজিগুলোর অধিকাংশ ক্রিকেটার। সেপ্টেম্বরের মাঝামাঝি সময় থেকে টুর্নামেন্টটি শুরু হবে। তবে সেখানে খেলা বাংলাদেশী দুই ক্রিকেটার সাকিব আল হাসান ও মোস্তাফিজুর রহমান এখনো যাননি। সফরকারী নিউজিল্যান্ডের বিপক্ষে আগামী ১ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাওয়া পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে খেলবেন তারা। এর পরই তাদের আমিরাতে উড়াল দেওয়ার কথা রয়েছে। এদিকে, আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপও অনুষ্ঠিত হবে মরুর দেশে। তার আগে সেখানে স্থগিত হওয়া আইপিএলের বাকি অংশ অনুষ্ঠিত হবে। কিন্তু নিউজিল্যান্ড সিরিজ শেষে বিশ্বকাপের আগ পর্যন্ত বাংলাদেশের আর কোনো আন্তর্জাতিক সিরিজ নেই। এমতাবস্থায় মানসিকভাবে চাঙ্গা রাখতে ক্রিকেটারদের ছুটি দেওয়ার চিন্তা করছে বিসিবি। পাশাপাশি এই সময়ে আইপিএল খেলার জন্য সাকিব-মোস্তাফিজকে অনুমতি দেওয়ার ব্যাপারে ইতিবাচক বোর্ড।

এ বিষয়ে বিসিবির ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান আকরাম খান সাংবাদিকদের বলেছেন, সাকিব-মোস্তাফিজ আইপিএলে খেলার এনওসি বা অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন। আইপিএলে তাদের অংশগ্রহণের ব্যাপারে ক্রিকেট বোর্ড ইতিবাচক।

তিনি বলেন, আইপিএল খেলার জন্য কিছুদিন আগেই আবেদন করেছে মোস্তাফিজ। শনিবার সাকিবও আবেদন করেছে। আগামী ১ সেপ্টেম্বর এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

ক্রিকেটাররা আইপিএলের মতো উঁচু মানের টুর্নামেন্টে খেলবে। আর এটা আমাদের জন্য ভালো। দলের জন্যই উপকার হবে। কারণ, ওই কন্ডিশনেই বিশ্বকাপ। বোর্ড তাদের এনওসি দেওয়ার ব্যাপারে ইতিবাচক এবং মনে হয় সমস্যা হবে না, যোগ করেন বিসিবির এই কর্মকর্তা।

মুশফিককে টপকে

(শেষের পাতার পর)

দশের খেলোয়াড়দের মধ্যে সবচেয়ে বেশি অনুসারী বিশ্বসেরা অলরাউন্ডার সাকিবের। অন্যদিকে বিনোদন অঙ্গনে সর্বোচ্চ অনুসারী পরীমণির। এতো দিন সাকিবের ধারের কাছেও ছিলেন না পরী। তবে এখন তিনি আর বেশি পিছিয়ে নেই। মুশফিকুর রহিমকে টপকে সাকিবের কাছাকাছি চলে গিয়েছেন পরীমণি।



এ রিপোর্ট লেখা পর্যন্ত মুশফিকুর রহিমের অনুসারী ১ কোটি ২৯ লাখ ৫ হাজার ৪৩৫ জন। বিশ্বসেরা অলরাউন্ডার সাকিবের অনুসারী সংখ্যা ১ কোটি ৪৭ লাখ ৫৮ হাজার ৫৫০। অন্যদিকে চিত্রনায়িকা পরীমণির অনুসারী সংখ্যা ১ কোটি ৪২ লাখ ৪৪ হাজার ৯০৭ জন।

জানা গেছে, চলতি বছরের জুনের প্রথম দিকে পরীমণির অনুসারী ছিলো ১ কোটি ১৭ লাখ। ৭ জুনের বোট ক্লাব কান্ড ও ৪ আগস্টের গ্রেফতারের পর দুই মাসে ফেসবুকে পরীমণির অনুসারী বেড়েছে প্রায় ২৫ লাখ। দেশের বিনোদন অঙ্গনের আর কোনো তারকাশিল্পীর এতো অনুসারী নেই।

এর আগে বাংলাদেশের একমাত্র অভিনেত্রী হিসেবে যুক্তরাষ্ট্রের বিজনেস ম্যাগাজিন ফোর্বসের 'এশিয়ার ১০০ ডিজিটাল তারকার তালিকায় জায়গা করে নিয়েছিলেন পরীমণি।

প্রসঙ্গত, প্রথম সিনেমা ভালোবাসা সীমাহীন থেকেই আলোচিত পরীমণি। প্রথম সিনেমা মুক্তির আগেই দুই ডজনের বেশি সিনেমায় চুক্তিবদ্ধ হন। তখন থেকেই জীবনাচরণ ও খামখেয়ালিপনার জন্য আলোচিত-সমালোচিত এই নায়িকা। বর্তমানে মাদক মামলায় কাশিমপুর কারাগারে আছেন পরীমণি।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

জ্যাকসন হাইটসে এলমার্স্ট মেডিক্যাল প্যাসেন্ট কেয়ার উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্টঃ- বাংলাদেশী সহ কুইন্স এলাকায় বসবাসরত ইমিগ্র্যান্ট কমিউনিটিকে সার্ভিস দেয়ার লক্ষ্য নিয়ে এলমার্স্ট মেডিক্যাল প্যাসেন্ট কেয়ার বিশাল পরিসরে যাত্রা শুরু করেছে। গত শনিবার জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্র ৭৪ স্ট্রীটে নতুন এই মেডিক্যাল অফিসের উদ্বোধন করা (বাকি অংশ ১৯ পাতায়)



এলমহার্স্ট মেডিক্যাল প্যাসেন্ট কেয়ারের উদ্বোধনী দোয়া মাহফিল

হিলটন ক্রিস্টাল সিটিতে ৩-৫ সেপ্টেম্বর ফোবানা সম্মেলন

বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্রের লেবার ডে উকেন্ডে ওয়াশিংটন ডিসি সংলগ্ন ভার্জিনিয়া রাজ্যের আলিংটনের হিলটন ক্রিস্টাল সিটিতে অনুষ্ঠিতব্য বিভক্ত ফোবানার একাংশের সম্মেলনের সকল (বাকি অংশ ২০ পাতায়)

বিভক্তি নয়, চাই ঐক্য ওয়াশিংটন ফোবানা সম্মেলন নিয়ে আতিকুর রহমান সালুর বিবৃতি

নিউজার্সী: ফোবানার সাবেক চেয়ারম্যান আতিকুর রহমান সালু রোববার (২৯ আগষ্ট) এক বিবৃতিতে এই লেবার ডে উইকেন্ডে ওয়াশিংটনে অনুষ্ঠিতব্য ফোবানা সম্মেলন নিয়ে সাংগঠনিক কিছু নিয়ম-নীতি নিয়ে সৃষ্ট সমস্যা ও বিতর্কের পরিপ্রেক্ষিতে বিবদমান সংশ্লিস্ট সবাইকে (বাকি অংশ ১২ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

টকশো'জীবি এবং জনগন'



টেলিভিশনের টকশো'জীবি, তাবৎ পন্ডিত বিশেষজ্ঞদেরকে প্রায়ই আহাজারি করতে শুনি 'জনগন' স্বাস্থ্যবিধি মানছে না, জনগন এটা করছে না জনগন ওটা করছে (বাকি অংশ ২০ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ২০ পাতায়)

কেপিসি: যুক্তরাষ্ট্রে এক বিস্ময়কর বাংলাদেশী উদ্যোক্তা



শ্যামল দত্ত: শহরের নাম করোনা। নামটা শুনলে অনেকে হয়তো আঁতকে উঠতে পারেন। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যের লস অ্যাঞ্জেলেস থেকে ৯০ কিলোমিটার দূরে এই শহর। এই শহরের (বাকি অংশ ২০ পাতায়)

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

সঙ্কট সমাধানে সাবেক কর্মকর্তা ও ইসি'র মধ্যে বৈঠক

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি'র স্থগিত হওয়া নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে নির্বাচন কমিশন (ইসি) উদ্যোগী হয়েছেন। এই লক্ষ্যে সোসাইটির সাবেক কর্মকর্তা ও ইসি'র মধ্যে বৈঠক হয়েছে। ইতিপূর্বে নির্বাচন বিষয়ক সঙ্কট সমাধানে ইসি প্রতিদ্বন্দ্বি দুই প্যানেল ও স্বতন্ত্র (বাকি অংশ ৪৪ পাতায়)

বিয়ানীবাজার সমিতির নির্বাচন-২০২১

ইসি'র ২২ দফা ইশতেহার ঘোষণা ॥ দুই প্যানেলের প্রস্তুতি

বাংলা পত্রিকা রিপোর্টঃ যুক্তরাষ্ট্র প্রবাসী সিলেটের বিয়ানীবাজার উপজেলাবাসীদের ঐতিহ্যবাহী সামাজিক সংগঠন বাংলাদেশ বিয়ানী-বাজার সামাজিক ও সাস্কৃতিক সমিতি ইউএসএ'র ২০২২-২০২৩ সালে নির্বাচন আগামী ১০ অক্টোবর রোববার। নির্বাচন কমিশন ইতিমধ্যেই নির্বাচনী তফসিল ঘোষণা করেছেন। ইসি এই স১২হে ঘোষণা করেছে নির্বাচনী ইশতেহার অর্থাৎ নির্বাচনের (বাকি অংশ ১২ পাতায়)



'মিসবাহ-অপু' এবং 'মান্নান-মাহবুব'

ঢাকায় বিএনপি নেতাকর্মীদের উপর পুলিশের হামলা

জাতীয়তাবাদী ফোরামের বিক্ষোভ সমাবেশ

নিউইয়র্ক (ইউএনএ): ঢাকার শেরে বাংলা নগরে চন্দ্রিমা উদ্যান ও সংলগ্ন এলাকায় বিএনপি নেতাকর্মীদের উপর পুলিশের হামলায় ঢাকা উত্তর-দক্ষিণের নেতা-কর্মী আহত হওয়ার প্রতিবাদে গ্রেটার ঢাকা জাতীয়তাবাদী ফোরাম অব নর্থ (বাকি অংশ ৪৪ পাতায়)

কর্ণফুলী ট্রাভেলসে আকর্ষণীয় ছাড়ে ওমরাহ প্যাকেজ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র থেকে ওমরাহ ভিসা আবারো চালু হয়েছে। চলতি আগস্ট মাস থেকে যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারীরা ওমরাহ ভিসা নিয়ে সৌদি আরব গমন করতে পারছেন। এ নিয়ে অসংখ্য মানুষের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। বিষয়টি মাথায় রেখে আকর্ষণীয় ছাড়ে নিউইয়র্কের (বাকি অংশ ৪৪ পাতায়)

জাবেদ উদ্দিনের ষ্টেট অ্যাসেম্বলির প্রক্লেমোশন লাভ



বিশেষ প্রতিনিধি: করোনা মহ-ামারীর শুরু থেকে বিশ্বব্যাপী মান-বিক মূল্যবোধের দুই ধরনের চিত্র অবলোকন করেছে। তার একটা ছিল হৃদয়বিদারক মৃত্যুর মিছিল ঠেকাতে না পেরে নিকটজনদের সেবায় না এগিয়ে আসা এমনকি মৃ ত লাশ (বাকি অংশ ৪৪ পাতায়)

বঙ্গবন্ধুর খুনি রাশেদকে ফিরিয়ে আনতে ক্যালিফোর্নিয়ায় বিক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনি রাশেদ চৌধুরীকে ফিরিয়ে দেওয়ার দাবিতে যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য ক্যালিফোর্নিয়ার শহর সাক্রামেন্টোতে এবার বিক্ষোভ করেছেন প্রবাসী বাংলাদেশিরা।গত ১৭ আগস্ট মঙ্গলবার শহরের স্টেট ক্যাপিটলের (বাকি অংশ ৪৪ পাতায়)

সোমবার কনস্যুলেট অফিস বন্ধ

বাংলা পত্রিকা ডেস্ক: হিন্দু ধর্মাবলম্বীদের ধর্মীয় উৎসব 'শুভ জন্মাষ্টমী' উপলক্ষে সোমবার (৩০ আগষ্ট) কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ ইন নিউইয়র্কের অফিস বন্ধ থাকবে। কনস্যুলেটের এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।



জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ইসলাম

রাকিবুল হাসান

জলবায়ু হচ্ছে কোনো এলাকা বা ভৌগোলিক অঞ্চলের ৩০-৩৫ বছরের গড় আবহাওয়া। বর্তমান বিশ্বে দ্রুত জলবায়ু পরিবর্তন (বাকি অংশ ৪৪ পাতায়)

খেলার খবর

আইপিএল খেলতে অনুমতি পাচ্ছেন সাকিব-মোস্তাফিজ

স্পোর্টস ডেস্ক: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) চলতি আসরের বাকি ম্যাচগুলো খেলতে (বাকি অংশ ৪৭ পাতায়

হেলথ টিপস

নজরকাড়া সুন্দরী হতে যা করবেন

বাংলা পত্রিকা ডেস্ক: প্রতিটি মেয়েই চায় তাকে সুন্দর লাগুক। সেজন্য বিভিন্ন প্রসা-ধনী ব্যবহারের পাশাপাশি ঘরোয়া রূপচর্চাও করে থাকেন। (বাকি অংশ ২০ পাতায়)

বিনোদন

মুশফিককে টপকে সাকিবের কাছাকাছি পরীমণি

বিনোদন ডেস্ক: ক্রিকেটার সাকিব আল হাসান ও পরীমণি দুইজন দুই জগতের তারকা। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে (বাকি অংশ ৪৭ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা ৬৪৯+ Tax
ওমরাহ
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com